“It won’t be long Ria, I promise. Rohit will drive you only a block and bring you back to the hotel. Now cheer up”.
As the ladies lined up for the Bidai, the and the band started playing a sad tune, everybody realized they were too tired to fake tears. But Subhra Mashi yelled
“I am good at crying. I have acted in many stage shows in Kolkata. Just follow me”
With this she broke into a sever howling and the ladies joined her. Ria was bewildered and confused. Rohit grasped ger hand and led her to the car.  Mrs. Banerjee heaved a sigh of relief as the limousine pulled out of the gate.





# POETRY

## ENGLISH

# DOWN MEMORY LANE



KOLKATA, INDIA ANUBHAB HAZRA
*Author s a PhD scholar. Now working as Head of Department of Sanskrit, Calcutta Branch of S-VYASA University.*

In the softness of the evening and the south wind,
The memories left are still vivid in my mind.
In the poetry of how many ages and times,
Like a styleless poet, your life is in rhythm.
Build a small house in a deep corner of the mind,
Even today I fall in love with you again and again.
I am alone on this endless path of life,
Abhimanini, you still don't let me see you.

Even in the night of the storm, I still miss you very
much.
In pain, tears fall from the eyes.
You live happily in the mansion,
Arrows of homeless memories burst into my
chest.
From across the ocean comes your song,
May my life be bound to you.

# THE WOMAN



BARASAT, INDIA

ANAMIKA SAHA

As the dawn struck,
a ray of Sun kissed my forehead.
I stood up right on my unsteady legs.
I stood up right with my steady spine through time immemorial.
I had walked through the reminiscences of time and crawled through the ruins of civilizations holding you in my womb.
At the stroke of every midnight I gasped for breath,drenched my soul in the salinity of my solitude, but still I stood up right to look into your eyes and walked through ages of your egotism.
Still I held your hands tight to cross the darkest of the paths.
You stripped me bare with the topple of your dice of power. Still I stood steady, bathed in the light of my esteem.
The more you throttled me to kill my voice ,I became the voice of the crowd.
The more you cage me,the more you strangle me, the more you kill me, the more you burn me ,I will rise from the ashes to look into your eyes and scream out loud , I am the woman . l am the power of your being.

# SECRET SAUDADE



SHAMBHUNATH KARMAKAR

BARDHAMAN, INDIA

*Author is a PhD scholar in the Bengali Department of Visva-Bharati. The published books are 'Rabindrakabitai Bastudhwani', 'Sakkhate Bolbo', 'Prachin o Madhyajuger Kavyakalpodhara', 'Jobaber Bishonno Proloy'.*

By the fire I learned to meditate.
Seedlings with daily false indulgences
Becomes alive as and turns to ashes again on the wings of a bird.
Spreads golden fire on the seeds
A calm cloud in two eyes after getting a hint of the way
Descended upon the unknown.
And like silent happiness I find in history
Immense fascination.
Remember this November with a bouquet of flowers
The secret land of my failure in the thread!
By the fire I learned to meditate everyday.
In the song of the fountain and the sound of the anklets
As the winter afternoon thrills,
Two eyes create the world in the shadows
And the hint of her dream.

# THE MORNING OF AUTUMN



HOWRAH, INDIA
PIJUS KANTI SARKAR
*Profession --Retired Teacher(Technical ) R.K.Mission Ashram  Narendrapur, Kolkata.Writings. -- Poems, features, and short stories published in daily papers like Ai samay, Amritbazar, Anandabazar, Bartaman, Pratidin and magazines like Naba Kallol, Suktara, Katha Sahitya , Grihashova etc.*

Listen, Mom, on that night
I've told you a lot of words
But when hearing, the sleeping mood
Were following over Your eyes
As one after another, the tide of the river
So You couldn't follow me.

Now Autumn is at Our doorstep
So I further describe the same
If you run into the rain 'illseguri'(drizzle)
So many diamonds glitter on your hair.
The days are passing by ---

I desired to fill your empty wishes
As like the Evergreen Autumn.

# A QUESTION



KOLKATA, INDIA

ADITYA KUNDU

*Author is a post graduate student in English at the University of Calcutta. He has won many accolades both on digital and printed media.*

A skeleton with a saber
Once in a dream I saw!
I didn't feel as much fear
Save when he opened his large jaw;
I couldn't think which way to steer -
As I heard his teeth gnaw!
He chattered, "Stop there!
Escape plans you should withdraw.
I won't fill you with horror,
If you help me solve this jigsaw."

As he said so, my body stopped shivering,
And my mind invented some doubt:
I started slowly considering,
Should I scream, or should I shout?
But the idea began withering
As the bare structure blurted out,
"There's a question long lingering -
It's beyond the reach of my snout.
So I ask you this, wise being,
Has humanity died out?"
Suddenly a ringing noise penetrated
Straight into the holes of my ears,
Up sat I on my bed, profusely sweated!
The alarmclock was shaking fierce,
Declaring that the day had started.
Thus, to switch on my gears
Unwillingly from softness I castrated.
Standing before the mirror, I combed my hairs,
But an incomprehensible question made me look
frustrated;
And it kept disturbing me with silent, repeated whispers.

# THE GUIDING ANGEL



MAUMEE, OH
ASISH MUKHERJEE

*A guiding angel is a nebulous thought that offers a mental staff to walk the path of life. It can be a person, a concept, or even the Creator. I feel that the feeling springs from childhood experiences.*

In the flicker of a flame afar
Like the lasting glow of a spent star
I feel your tender strength.

In the earthy scent of vernal rain
From a long forgotten dusty lane
I sense your tepid breath.

When classroom lessons old in time
Drift to me like a childhood rhyme
I can touch your mind.

Now tomorrow waits beyond the bend
Yesterdays stories have to end
But I know you're right behind.



# ART

# RADIANT DURGA PORTRAIT



HOUSTON, TEXAS

SANAYA DAS

*She is an 9-year-old 4th grader, lives in Houston with her family. She has a passion for the Taekwondo and art. Deeply connected to her roots, she has a fondness for Rabindrasangeet. True to her Bengali heritage, she relishes luchi and Kosha mangsho.*



# DURGA-THE DEITY OF ALL DEITIES

INDIA

Rhytam Paul



# EMBRACE OF HEALING



ANN ARBOR, MICHIGAN TANIMA BASU

*She is a trained Bio-statistician working in Michigan Medicine.In daily life she uses data to tell the story of the patients. She enjoys painting,taking nature's photography, and documenting moments of life. Wishing you all a healthy and happy life. শারদ শুভেচ্ছা সকলকে।*



# THE SCALES OF JUSTICE WEEP



PERRYSBURG, OHIO

TAMALI MONDAL





# POETRY

## BENGALI

# আমস্টারডামে মেঘলা দুপুর



AHMEDABAD, INDIA SUJIT BASU
তাত্ত্বিক পদার্থবিদ্যায় গবেষণা করে পি এইচ ডি প্রাপ্ত হন মস্কো থেকে।ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থায় দীর্ঘ বিজ্ঞান সাধনার পর এখন অবসরে।দেশের এবং আমেরিকা সহ বিদেশের বহু প্রথম সারির পত্রিকায় তাঁর বিজ্ঞান গবেষণার ফলাফল প্রকাশিত। তবে বিজ্ঞান যদি তাঁর পেশা হয়ে থাকে তবে কবিতা তাঁর নেশা এবং অন্যতম ভালোবাসা।

ট্রেনের জানালা থেকে চোখে পড়ে ঘাসের গালিচা
কোমল রোদের স্নেহে ইংল্যান্ডের গ্রামাঞ্চল শান্তির নিদ্রায়
সমুদ্রে দ্বীপের মতো ছোট ছোট বাড়ি গুলি ঘাসের শয্যায়
অতি দ্রুত বদলে যায় দৃশ্যাবলী, ট্রেন থামে ব্রাসেলস স্টেশনে
বেলজিয়ামের মোহ দূরে রেখে ট্রেন চলে স্থির নিশানায়
অভ্রান্ত লক্ষ্যের দিকে, আমস্টারডাম ডাকে কুহকী মায়ায়
নগরে পৌঁছেই এক নয়নাভিরাম দৃশ্য, সুন্দরী ট্রামেরা
হাতছানি দিয়ে ডাকে, বহু বহুদিন পরে প্রিয় বাহনের
ডাকে সাড়া দিয়ে আমি পৌঁছে যাই মহার্ঘ নিবাসে
তারপর ঘোরাঘুরি, উচ্ছল খালের জলে ভ্রমণের নেশা
এখানে দস্যুরা ছিল , জলের দস্যুরা ছিল ধূসর অতীতে
কত লুন্ঠনের স্মৃতি অপরাধ বুকে নিয়ে প্রাচীন নগরী
এখন রূপসী সাজে, বলে সব ভুলে যেতে, দেখে যাই শুধু
ভ্যান গগ কিরকম ছড়ায় রঙের জাদু প্রতি চিত্রপটে
অ্যান ফ্রাংক রক্তে আঁকে নাজিদের কলঙ্কের ছবি
আজও আছে অমলিন, এখনও তবুও আছে কিছু মনোহারী দৃশ্য
জলবায়ু দূষণের প্রতিরোধে দুর্গ গড়ে সারি সারি ট্রাম
অসংখ্য সাইকেল আছে আরোহী সেবার জন্য , দস্যুতার কালো
ছবি মুছে
আলিঙ্গনে ডেকে নেয় বহুবর্ণী যাত্রীদের, নগরী তাদের
উপহারে দিতে চায় ভ্যান গগ, রুবেনসের মোহ সুভেনির
এ সব মায়ায় কাটে ছায়াঘন মেঘলা দুপুর।

# প্রতীক্ষা



KOLKATA, INDIA

BIDHAN SAHA

ফিরে আসার কোন
নাম গন্ধও নেই

সেই যে গেছে
কোন সময়ের হাত ধরে

অনন্ত বিশ্বাস বুকে করে
এখনও পথ চেয়ে আছি

দুচোখের মায়ায়
এখনও স্বপ্নের আঁকিবুঁকি

প্রেরণার আলোছায়া
এখনও খেলা করে বুকে

আশ্বাসের চূড়ান্ত আবেশ
এখনও মন ঘিরে রাখে

এখনও সময় গোনে মন
অনন্ত মাধুরীর উচ্ছ্বাসে........

-

# চাঁদ ও ভালোবাসা



KARIMGUNJ, ASSAM
PINKU CHANDA

রাতের আকাশ থেকে চাঁদটা পেড়ে আনার শখ
আমার শৈশবে, যৌবনে, এখনও বহাল তবিয়তে
চাঁদ যেন নিশি ডাক, এক রাত জাগা পাখি
অথবা নিঃসঙ্গ বালিকার বিভ্রম দুপুর
ভাবতে ভাবতে চাঁদটা গলে পড়ে নদীর শরীরে
মাটির পুতুল ভেঙ্গে গেলে বালিকা বুকে
জানালার শার্সিতে ঝনঝন শব্দ
বোধের পাঠশালায় আমের আঁটি
বুকের ভেতর বাঁশি বাজায় চপল বালক।

চাঁদ আর বাঁশি শ্রমণ বেলায় মাখামাখি
উত্তাপ হীন আলোর পূর্বাপর বৃত্তে ফেরা
চার দেওয়ালে তৃষ্ণার্ত মরু বালক
ছন্দের কাটাকুটি তে চাঁদকে সাজাতে পারেনা
চাঁদ ও ভালবাসা মেঘলা আকাশে লুকোচুরি খেলে।

---------------

# নির্ঘুম কবি



KOLKATA, INDIA
PRABIR DE

তোর সাথে মোর আজন্ম প্রেম, বুঝিস না তুই এসব নিসর্গ থেকে
এখন আমি কতটা দূর।

কতদিন পায়ে ঠেলিনি শ্রাবণী পাথার,
সাঁতরাইনি শৈশব নদী, শুনিনি পরিযায়ী কলরব, উন্মুক্ত সবুজ
প্রান্তরের আশ্বিনের বাঁশি।

আসলে আমি বড় ব্যস্ত আজকাল, গতিময় অবধারিত জীবন।
কখনও বা সরল প্রশ্বাস
কখনও বা দীর্ঘশ্বাস ভীষণ কঠিন ।
অপ্রতিরোধ্য উচ্চবিলাস অথচ সংযোগহীন হৃদয়।সর্বগ্রাসী
সভ্যতার অভিশাপ গ্রহণ করেছি নতজানু হয়ে।

চলে যা তুই,
বড় ব্যস্ত আমি তোর সাথে কথা বলার অবকাশ নেই আমার ।
এখন আমার আছে এক নিজস্ব জীবন, নিজস্ব জোনাকি জ্বলা
আঁধার, নিজস্ব সূর্যোদয়, নিজস্ব সূর্যাস্ত, একান্ত বিষন্ন গান।

ব্যস্ততার মাঝে ডুবে যাই নিবিড় দিশাহীন স্মৃতিতে।নিষ্পাপ শব্দেরা
কবেই করেছে আড়ি, আমি এক নির্ঘুম রাতের কবি
উদাসীন, একাকী ।

# অবেলা



KOLKATA, INDIA

BISWA PRASAD GHOSH

আবার ও এক রিমঝিম অবেলা,
আমাকে মনে করিয়ে দিচ্ছে
সেই সব প্রান্ত দুপুরের কথা।

অনেক আগে যে রকম দুপুরে
নিঝুম গ্রামের পাশের নদীতে
পাল তোলা নৌকায় সুঠাম শরীরের
উৎসাহী বনিকরা বানিজ্য করতে যেতো---

আমার এরকম কোনো নৌকা নেই,
ভবিষ্যতে ও হয়তো হবে না,
তবু মনে হয় এই জলযান বিহীন জীবনে ও
একদিন বৃষ্টির শিহরিত উচ্ছাসে
কেউ আমাকে ভাসিয়ে নিয়ে যাবে
অশান্ত নদীর মতো বহমান জলস্রোতে__

# এই জীবনের শেষ স্টেশনে



BIRBHUM, INDIA
SUBHASHITA GHOSH (DAS)

হতেও পারে
আবার আমাদের দেখা হতেও পারে
সময় ফুরিয়ে যাবার ঠিক আগে
এই জীবনের শেষ স্টেশনে ছুটছে যখন ট্রেন!

যতটুকু জানো না তুমি আমার
যতটুকু ভুল জেনেছি তোমার
বলতে গিয়েও থমকে যাবে শোক
চোখের 'পরে ভাসবে শুধু অমীমাংসিত রোগ!

অশ্রু সেদিন ঝরবে তোমার বুকে
হৃদয়ে আমার প্রবল দৃষ্টি সুখ
মাঠ পেরিয়ে ছুটছে যখন ট্রেন
ভুগবে তুমি কিছু হারানোর অসুখ!

বলব শুধু ভুলে যাও সব ব্যথা
নিজেকে দিয়েছি ভালো রাখবার কথা
"সঙ্গ যদি স্বস্তি না দেয় থেকো সঙ্গীহীন"
শেষ বেলার এই উৎসবটুকু হয়ে থাক রঙীন!

# উপসংহার লেখবার আগে



KRISHNANAGAR, NADIA
GOBINDA MODAK

পশ্চিমবঙ্গের ‘কথা কোলাজ’ সাহিত্য পত্রিকার সম্পাদক গোবিন্দ মোদক-এর জন্ম ৫ জানুয়ারি, ১৯৬৭, নদীয়া জেলায়। অধ্যাপনা দিয়ে কর্ম জীবনের শুরু, পরবর্তীতে ভারতের ডাক বিভাগ-এ কর্মরত। ছোটবেলা থেকেই সাহিত্যের প্রতি ঐকান্তিক অনুরাগ। ছড়া, কবিতা, গল্প, প্রবন্ধ, রম্য রচনা, উপন্যাস ইত্যাদি লিখলেও ছোটদের জন্য ছড়া-কবিতা ও গল্প লেখার মধ্যেই পান তৃপ্তি।

মন কোনও উপসংহার লেখবার আগে
আমি শ্রাবণের কোনও জলপ্রপাতের শব্দ
শুনি,
গ্রামদেশে হাফপ্যান্ট পরা বালকের উচ্ছাস
 আর বেণী-দোলানো ফ্রকমেয়ে হই
অথচ না আছে আমার তেমন কোনও
বিকেল
 না আছে সন্ধ্যার ঘন্টাধ্বনি,
তবু ডায়েরীর পাতা খুলে আমি শুনে নিই
ঈশমচাচার ভাটিয়ালি গান
আর পাঁচু-ঠাকুরের থানের কথকতা;
স্মৃতির মাকড়সা-জাল সরিয়ে দেখে নিই
কবেকার জরিনার ফর্সা দু'খানা হাত
 আর মেনকার ডাগর চোখদু'টো,
কে প্রথম আমাকে ‘তুই’ ছেড়ে ‘তুমি’
বলেছিল
 তা আজ মনে নেই;
তবু ভাদুগানের টুকরো কিছু কথা মনে আছে
মনে আছে প্রথম চুমুর অনিকেত স্বাদ,
পঞ্চমীতে ঠাকুরের পাটে ওঠা ...
তবু তেমন কোনও উপসংহার লেখবার আগে
 আমি নিশ্চিত টের পাই —

আঘাটার জলে তালডিঙিটা দুলছে
আর নিথর জলে ভেঙে ভেঙে যাচ্ছে তার
প্রতিবিম্ব।

# দৈনন্দিনতা



INDIA

ASHIM KR SAMADDAR

ভারত সরকারের অর্থমন্ত্রকে *36* বছর কর্মরত ছিলেন। প্রায় *40* বছর ধরে সাহিত্য সেবা করে চলেছেন। বিভিন্ন পত্র পত্রিকায় অনেকদিন লিখে চলেছেন। দশটি কবিতার বই প্রকাশিত।

## প্রতিজ্ঞা

তুমি দিয়েছিলে শেষ সম্বল উজাড় করে সব
কালো কুঠুরি থেকে বার করে যতো লুকোনো শব
হৃদয় নিংড়ানো নৈবেদ্য সাজিয়ে মুছিয়ে দিলে ব্যথা
ভয়াল প্লাবন রুখে দিয়ে শুরু হল আগামীর কথা।

## নিবেদন

দিন আসে দিন যায়, বসন্ত এলে খুশি হয় প্রকৃতি
মরণ এসে ডাকে জীবনকে নিবেদনে বহু আকুতি
ক্ষুধার জ্বালায় বিষ খেয়ে মরে গোপালের দুই ছেলে
মাঝরাতে ডাস্টবিন ঘেঁটে অনেক খাবার মেলে
ন্যায় শব্দটা মুছে গেছে অন্যায় আজ রাজা
শয়তান বসে সিংহাসনে হাভাতেরা পায় সাজা।

## বোঝাপড়া

ছন্দপতন হলে আলসেমি দূরে সরে যায়
চাঁদের সাথে সখ্যতা নীরবতা খুঁজে পায়
সময়ের সাথে বোঝাপড়া নিষিদ্ধ পথ খোঁজে
সাধু আর শয়তান একসাথে ভগবানকে বোঝে।

## বিদায়

কান্নার উৎসমুখে আঘাত হেনেছিল উষ্ণতা
অনেক আঘাতেও পথিক জানে সহিষ্ণুতা
দূরে চলে গেলে রক্তক্ষরণ হয় হৃদয়ে
শোক ভুলে যায় চাষা অজন্মা বিদায়ে।

# মেঘের উপর মেঘ জমেছে



MALDA, WEST BENGAL
JUMELI SARKAR

ভারতীয় রেলে কর্মরত। বাচিক শিল্পী ও কবি হিসেবে তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেছেন।দেশ বিদেশের বিভিন্ন পত্রিকায় তার লেখা ছাপা হয়েছে।'দ্যোতনা' তার প্রথম কাব্যগ্রন্থ।

ঘের ওপর মেঘ জমেছে। ধূসর দিন।
বৃষ্টি এলো। চিরাগ ঘষে আলাদ্দিন।

পথের বাঁকে বক্ষ বাঁধে স্বপ্ন নীল
ছুমন্তর অচিন দেশে স্লিপিং পিল।

চোখ পাকিয়ে বজ্র ডাকে। দেখায় ভয়।
সঙ্গে ছোটে বিদ্যুতের যে কনভয়

অঝোর ঝরে মিছরি দানা। ঝাপসা কাচ।
কফির কাপ এগিয়ে দিতে আলতো টাচ।

পাশের ছাদে পুকুর। ভেজে শালিক দুই।
বর্ষা ডাকে 'আয়না তোকে একটু ছুঁই'।

বাতাস ছুটে যাচ্ছে।ওড়ে বাউল মন।
স্মৃতির টানে বাজছে কোথা সে রিংটোন।

ওই যে কারা বইয়ে ডোবে অলস শামুক

জল খোঁজে কথকথায় ওরহান পামুক।

লেবু পাতা করমচায় বর্ষা থামে
আবার এসো এই লেখনী নীলচে খামে।

# ফিরে যাওয়া




JAMSHEDPUR, JHARKHAND
MONIDEEPA SEN

দিনগুলি যায় সারি বেঁধে
যাচ্ছ কোথা ? শুধাই কেঁদে।
যাচ্ছি কালের অতল তলে,
সূর্য্য যেমন অস্তাচলে।

ফিরবেনা ভাই কভু কি আর?
স্মৃতির শুধু জমবে পাহাড়?
কিশোর বেলার অবাধ খেলা,
সঙ্গি সাথী হট্টমেলা।

ফেরার পথে হাজার বাঁধা
মরবে ঘুরে গোলকধাঁধা।
একটা বুঝি উপায় আছে,
বলছি শোন, এসো কাছে।

কিশোরবেলার বন্ধু যত
তারাও একা তোমার মত।
"ওয়াটসাপ গ্রুপ " বানিয়ে ফেলো,
গুড মর্নিং, হ্যালো বল।
হারানো দিন ফিরে পাবে
আনন্দেতে মাতবে সবে।




# PROSE

## BENGALI

# হ্যালেবেড়ু বা পুরনো রাজধানী



UTTARPARA, INDIA

SUPRIYO BANERJI

স্কুল জীবন থেকেই লেখকের টুকটাক লেখালিখির অভ্যাস। চাকরি সূত্রে বাংলার বাইরে থাকার জন্য অভ্যাসে ভাঁটা। অবসর নেওয়ার পর আবার পূর্নোদ্যমে শুরু। খুব বেড়ান বলে এখন ভ্রমণ কাহিনীই বেশি।



**দক্ষিণ ভারত এবং আমি**

কলেজের দ্বিতীয় বছরে educational tour এ প্রথমবার গিয়েছিলাম বিশাখাপত্তনম, যা তখন বেশি পরিচিত "ওয়ালটেয়ার" নামে। তারপরই কলেজ শেষ হওয়ার আগেই জেঠুর অফিসের গ্রুপের সাথে ২৬ দিন ধরে পুরো দক্ষিণ ভারত ঘোরা। ব্যাঙ্গালোর স্টেশনের বাইরে বেরোতেই ফুলের সাম্রাজ্য, পন্ডিচেরীর পাথরভরা বিচ তিন ফুট উঁচু দেওয়াল দিয়ে ঘেরা, ম্যাড্রাস এর কোভালাম বিচে ঘোড়া চালানো, সমুদ্রের উপর দিয়ে ট্রেনে দুরুদুরু বুকে রামেশ্বরম পৌঁছানো, কন্যাকুমারীতে দু দিনে চার বার বিবেকানন্দ রক এ যাওয়া, তিরুপতিতে ধুতিকে লুঙ্গির মতো করে পরে লোহার খাঁচার মধ্যে দিয়ে ঘুরে ঘুরে গিয়ে ঠাকুর দেখা, মাদুরাই এ মীনাক্ষী মন্দির, মাইসোর এ টিপু সুলতানের প্যালেস হাঁ করে দেখা, উটির বাঁকানো রাস্তা, মুন্নারের চা বাগান - সবই স্মৃতিতে রয়েছে।

এরপর বড় ছেলে ব্যাঙ্গালোর এ চাকরি পাবার পর প্রতি বছর ব্যাঙ্গালোর আর ছেলেদের নিয়ে ছোট ছোট ট্যুর - কেরালা- কন্যাকুমারী, মাদুরাই- রামেশ্বরম, কোদাইকানাল - উটি - মুন্নার, বন্দীপুর - মাইশোর —- এইভাবেই চলছিলো।

কর্নাটক হেরিটেজ

কিন্তু এবার পুজোয় ব্যাঙ্গালোর আসার আগেই ঠিক করলাম - আর গতানুগতিক নয়,এবার অন্যরকম। এবার দেখা শুরু করব প্রত্নতাত্ত্বিক ধনী দক্ষিণ ভারতের কর্নাটক দিয়ে। আর ট্রেনে বাসে অটোতে এখানের সাধারণ মানুষের সাথে মিশে ঘুরে বেড়াবো।

**যাত্রা শুরু**

ছেলের ফ্ল্যাট থেকে ভোর ৫-৩০ য় থেকে বেরিয়ে মেট্রো ধরে যশোবন্তপুর স্টেশন। সেখান থেকে গোমতেশ্বরা এক্সপ্রেসে ধরলাম। ট্রেন ছাড়ল ১০ মিনিট দেরি করে ৭-১০ এ। ট্রেন ছাড়ার ১৫-২০ মিনিট পর থেকেই দু ধারে চোখ জুড়োনো সবুজ। হকারের থেকে একদম গরম গরম ইডলি-বড়া-চাটনি দিয়ে জলখাবার হয়ে গেল। তারপর অবশ্যই ফিল্টার কফি। নীলামাঙ্গালা নামে একটা স্টেশন ছাড়ার পর গাড়ীর গতি একদম কমে এল - হয়ত উচ্চতা বেশি না হওয়ার জন্য গাড়ি একদম সোজাসুজি উপরে উঠছে। পাহাড়ে যখন উঠছে ট্যানেল থাকতেই পারে ভাবতে না ভাবতেই ট্রেন ট্যানেলের মধ্যে। টাইম ছিলো ১০-১০, কিন্তু ৯-৫০ মিনিটেই গাড়ি পৌঁছে গেল "হাসান" স্টেশনে।

**হ্যালেবেড়ুর পথে কিছু মানুষ**

পাঁচিল দিয়ে ঘেরা স্টেশন চত্বরে বিভিন্ন রকম প্রাইভেট কার দাঁড়িয়ে রয়েছে কিন্তু কোনো ড্রাইভার নেই। লোহার গেট দিয়ে বাইরে আসতেই অটোস্ট্যান্ড। ৮-১০ টা লাইনে অটোগুলো দাঁড়িয়ে, ড্রাইভাররা চেঁচিয়ে জায়গার নাম বলছে। ট্রেন থেকে নামা অধিকাংশ মানুষ অটোতে উঠে বেরিয়ে যাচ্ছে। কিছু মানুষ এদিক ওদিক বাসস্ট্যান্ডে গিয়ে দাঁড়াচ্ছে সরকারি লাল বাস ধরবে বলে। সামনে দিয়ে যে বাসগুলো গেলো তাতে রেজিস্ট্রেশন নং, KSRTC আর City Bus ছাড়া সব কিছুই কন্নড় ভাষায় লেখা। আগেই ঠিক করেছিলাম কোন অবস্থাতেই গুগল নয়। তাই, শুরু হয়ে গেল আমাদের দুজনের অভিযান। অটোস্ট্যান্ডের পাশের একটা ছোট দোকানে একজন বেশ ভালো জামাপ্যান্ট পরে বসে থাকা ভদ্রলোককে প্রথমে ইংরেজি, তারপর হিন্দিতে হ্যালেবিদু যাবার বাস কোথায় পাব জিজ্ঞেস করা হলো। ভদ্রলোক নিজের ভাষায় উত্তর দিলেন। বুঝতে না পেরে ফ্যালফ্যাল করে তাকিয়ে মিসেসকে বললাম - "হ্যালেবেড়ুতে তো বাস যায় শুনেছিলাম"। হ্যালেবেড়ু শুনেই ভদ্রলোক লাফিয়ে উঠলেন, তারপর হাত নেড়ে, আঙুল তুলে প্রাণপণে বোঝানোর চেষ্টা করতে লাগলেন। আমি শুধু হ্যালেবেড়ু শব্দটা বুঝতে পারছি, আমাকে বোঝাতে না পারার জন্য ভদ্রলোককে কিরকম যেন

অস্থির অস্থির লাগছিল। একে তাকে জিজ্ঞেস করেও কিছু না পেয়ে একজন অটোচালককে ডাকলেন, তাকে কিছু বলতেই সে আর একজন অটোচালককে নিয়ে এলো। সে এসে ভাঙা হিন্দি ইংরেজি মিশিয়ে জানালো ওল্ড বাসস্ট্যান্ড থেকে হ্যালেবেড়ু যাবার বাস ছাড়ে। বললো বাসে যাওয়া যায় আর অটোতে ৫০ টাকা লাগবে। আমরা ওর অটোতেই যাব বলে এগোতেই একটা বাস এসে থামলো। অটোচালকটি আমাদের ঐ বাসে উঠে যেতে বলল। প্রায় ১৫০ অটোর স্ট্যান্ড, তখনও ৫০ টার মতো অটো প্যাসেঞ্জার এর অপেক্ষায়, তবু নিজের ৫০ টাকার ভাড়া ছেড়ে আমাদের বাসে চড়িয়ে দিল - অবাক হওয়া তো সবে শুরু। বাসে মাত্র ৫ টাকা করে ভাড়া নিল।

পুরনো বাসস্ট্যান্ডেও বাসের লাইন, কিন্তু হ্যালেবেড়ু শব্দটা শুনেই একজন আমাকে একটা বাস দেখিয়ে দিল। আর ওদের ভাষায় আর একটা বাস দেখিয়ে আকারে ইঙ্গিতে যা বলল, সেটা বাসের সামনে গিয়ে বুঝতে পারলাম - সামনের বাস প্রায় ভরা, ছাড়ার জন্য রেডি। ঠিক পেছনেই আর একটা বাস - খালি। বাসের মাঝামাঝি জায়গায় মিসেস একটা সিট পেল, বাকি একদম শেষ লাইন ফাঁকা, সামনের একটা সিটে গিঁট দেওয়া প্লাস্টিকের ব্যাগ রেখে জানলার পাশে একজন বুড়ো মতো চাষি বা মজুর বসে আছে। পরনে হাঁটুর উপর তোলা খেঁটো ময়লা ধুতি আর ততোধিক ময়লা স্যান্ডো গেঞ্জি। আমাকে দেখেই প্লাস্টিকটা তুলে পায়ের কাছে রেখে আমাকে বসতে বলল। পায়ের কাছে আরও একটা প্লাস্টিক আর একটা নাইলন এর ব্যাগ। তখনও ড্রাইভার আসে নি দেখে প্রায় শেষ হয়ে যাওয়া জলের বোতলটা সিটে রেখে আমি নামলাম আর একটা জলের বোতল কিনতে। জল নিয়ে টাকা দিতে গিয়ে দেখি ড্রাইভার উঠে গাড়ি স্টার্ট দিয়ে এগোতে যাচ্ছে। ঐটুকু সময়ের মধ্যে বাস একদম ভরে গেছে। কোনরকমে নিজের সিটের কাছে গিয়ে দেখি একজন মহিলা সিটে বসে আছে। কন্ডাকটর কিছু বলতেই ও জায়গা ছেড়ে উঠে সিটে ঠেশ দিয়ে দাঁড়াল। আমি জানলা দিয়ে বাইরের দিকে তাকিয়ে থাকলাম। একটু বাদেই টিকিট কাটব বলে বাসের ভিতরের দিকে তাকিয়ে মেয়েটিকে দেখে বুঝলাম সে অন্তঃসত্ত্বা। আমি উঠে দাঁড়িয়ে ওকে বসতে ইঙ্গিত করলেও ও আমাকেই বসতে বলল। আমার পিছনের সিটের একজন আমাকে কথায় ইঙ্গিতে বোঝালেন যে উনি দুটো স্টপেজ বাদে নেমে যাবেন আর মেয়েটাকে ডেকে সামনে দাঁড়াতে বললেন। এরপর ধীরে ধীরে বাস খালি হয়ে গেলে বুড়ো চাষি আমার সঙ্গে গল্প করা শুরু করল – ও ওর ভাষায় আর আমি আমার ভাষায়। আমি পরিস্কার বুঝতে পারলাম ও কিছু জিনিসপত্র কেনার জন্য এসেছিল আর “গুরভ” বলে একটা জায়গায় নামবে আর ও বুঝতে পারল আমি ছবি তুলতে (ক্যামেরা দেখিয়ে) হ্যালেবেড়ু তে যাচ্ছি, ব্যাঙ্গালোর থেকে ট্রেনে এসেছি। ওর সাথে চারটে কলা ছিলো, তার দুটো আমাকে দিতে চাইলো। আমি না নেওয়াতে সে দুটো ব্যাগে রেখে দিল আর বাকি দুটো খেয়ে নিল। নামার সময় আবার আমাকে জায়গার নামটা বলল আর দুরে আঙুল দেখিয়ে কিছু বলল - হয়ত ওদিকেই ওর বাড়ি বা জমি। আর যার কথা বলতেই হয় - সে হলো এই বাসের কন্ডাকটর। এত হেল্পফুল কন্ডাকটর আমি কোনদিন দেখি নি। পাঁচিলঘেরা স্ট্যান্ডে শেষ স্টপেজে বাস থেকে নামার পর কন্ডাকটর এগিয়ে এসে হোটেল, খাবার দোকান, টেম্পলে যাবার রাস্তা ভাঙা ভাঙা হিন্দি ইংরেজি মিশিয়ে সব গেল আমাদের।

হ্যালেবেড়ুতে বাসস্ট্যান্ডের বাইরে রাস্তার ধারে কয়েকটি ছোট ছোট দোকান। আমি দোকানের দিকে আর আমার জীবনসাথী কাছেই দাঁড়িয়ে থাকা মনে হয় কলেজে পড়া একটি মেয়ের কাছে গেলেন। ওনার আসার আগে অবধি আমি মুগ্ধ হয়ে কফি-চা-সিগারেট-বিস্কিট-ডাব এই কম্বিনেশন এর দোকান দেখছি। চা কফি ডাব একসাথে এরকম দোকান প্রথম দেখলাম। মেয়েটিকে হাত নেড়ে মিসেস আমাকে এসে বললেন - মেয়েটা আঙুল দেখিয়ে চারটে শব্দ বলেছে ইংরেজিতে - This road, straight, left, temple.

**<u>ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হয়শলা মন্দির</u>**

কর্নাটক এর “হাসান” জেলার হ্যালেবেড়ুতে ৩-৪ কিলোমিটারের মধ্যে একটি বিশাল জৈন মন্দিরসহ কয়েকটি পুরনো মন্দিরের ধ্বংসাবশেষ থাকলেও আমরা শুধুমাত্র হয়শলা মন্দির চত্বরের মন্দিরগুলোই দেখেছিলাম। এই মন্দির “হয়শালাশ্বর” বা “হ্যালেবেড়ু” মন্দির নামেই পরিচিত। আজকাল গুগল উইকিপিডিয়ার দৌলতে সব মানুষই যে কোন জায়গা সম্বন্ধে ওয়াকিবহাল। তবুও ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট এর অন্তর্ভুক্ত এই মন্দিরটির ইতিহাস নিয়ে দু চার কথা বলার লোভ সামলাতে পারছি না।

হ্যালেবেড়ুর আসল নাম ছিলো “ডোরাসমুদ্রম”। সংস্কৃতে “ডোরা” মানে দরজা আর “সমুদ্রম” মানে সমুদ্র বা বিশাল জলাশয়। একাদশ থেকে চতুর্দশ পর্যন্ত তিনটি শতাব্দী ছিলো এখানে হয়শালা রাজবংশের রাজধানী, তখনকার এক সমৃদ্ধ জনপদ। দিল্লির সুলতান আলাউদ্দিন খিলজির সেনাপতি মালিক কাফুর ১৪০০ খৃষ্টাব্দে দু বার হানা দিয়ে মন্দিরে লুটপাট, ভাঙচুর করে এই জনপদকে ধ্বংস করে। এর পরে এই শহর মানুষদের মুখে মুখে হ্যালেবেড়ু বা হ্যালেবিদু নামে পরিচিত হয়। স্থানীয় ভাষায় “হ্যালে” মানে পুরাতন আর “বিদু বা বেড়ু” মানে রাজধানী - “পুরনো রাজধানী”।

১০০৬ খৃষ্টাব্দে সান্ নামে একজন ব্যক্তি হয়শলা বা হোয়েশালা রাজবংশ প্রতিষ্ঠা করেন। এই রাজবংশ ১৩৪৬ খৃষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করে। এনাদের পূর্বপুরুষরা হয় কল্যানের চালুক্য রাজাদের বা দক্ষিণ এর চোল রাজাদের সামন্ত ছিলেন। এই বংশের শ্রেষ্ঠ রাজা বলে মানা হয় বিষ্ণুবর্ধন কে। তিনি যুদ্ধে ছিলেন অপরাজেয় - তিনি কাঞ্চীর চোল, মাদুরার পান্ড্য, গোয়ার কদম্ব, মালাবারের পেরুমল ও গঙ্গ বা গঙ্গা রাজাদের পরাস্ত করে মধ্যপ্রদেশের বস্তার জেলা পর্যন্ত পৌঁছান। মোটামুটি একটা ছোটখাটো সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন তিনি। শিল্প স্থাপত্য আর ধর্মের প্রতি ওনার গভীর টান ছিলো। হয়শালা বংশের রাজারা জৈন ধর্মাবলম্বী ছিলেন। কিন্তু রামানুজ এর সংস্পর্শে এসে রাজা বিষ্ণুবর্ধন প্রথম বৈষ্ণব বা বিষ্ণুর উপাসক হন। পরবর্তীতে কোন রাজা শৈব বা শিব উপাসক হন। ফলে হয়শলা বংশের রাজত্বকালে মোট যে ১৫০০ টি মন্দির তৈরি হয় - তার প্রথমদিকে জৈন মন্দির, তারপর বিষ্ণু মন্দির এবং তারপর শিব মন্দির তৈরি হয়। কর্নাটকা দ্রাবিড়া স্থাপত্যকলার উৎকর্ষতার নিদর্শন ছড়িয়ে আছে মন্দিরগুলোতে।

১১ খৃষ্টাব্দ এ রাজা বিষ্ণুবর্ধন এখানে একটি

বিশাল জলাশয় নির্মাণ করান। তারপর তার তীরে মন্দিরটির নির্মাণ শুরু হয় ১১২১ খৃষ্টাব্দে আর শেষ হয় ১১৬০ খৃষ্টাব্দে - তাঁর মৃত্যুর পরে তাঁর ছেলে রাজা নরসিংহ এর রাজত্বকালে। হয়ত রাজা নরসিংহ শৈব ধর্ম গ্রহণ করেছিলেন, তাই এই যৌথ মন্দিরে শিব লিঙ্গ স্থাপন করা হয়।

তারার আকৃতির ভিতের উপর এই মন্দির। কয়েকটি সিঁড়ি দিয়ে উঠে এই মন্দিরের প্রবেশ দরজা। একটাই প্ল্যাটফর্মের উপর নির্মিত এই জোড়া শিবমন্দিরে দুটি গর্ভগৃহ আছে যার একটি উৎসর্গ করা হয়েছে "হয়শেলাশ্বর" শিব (রাজা) আর একটি "সান্তালাশ্বরা" শিব (রাণী) নামে। গর্ভগৃহে স্থাপিত দুটি শিব লিঙ্গও একই উচ্চতার। মহারাণী সান্তালা দেবীর অনেক গুন ছিলো। তিনি শুধু অসাধারণ সুন্দরীই ছিলেন না, তিনি ছিলেন শিক্ষিতা, অসম্ভব বুদ্ধিমতী, দক্ষ নৃত্যশিল্পী। এছাড়াও শিল্পকলা, ভাস্কর্য্যে তার অনুরাগ ছিলো। এই মন্দির টির মোট ৪ টি দরজা বা প্রবেশপথ। ১টি উত্তর দিকে, একটি দক্ষিণ দিকে, বাকি ২টি পূর্ব দিকে। পূর্ব দিকের দুটি দরজা দিয়ে ঢুকলেই ২ টি শিব লিঙ্গ। ২টি দরজার মুখোমুখি ২ টি নন্দী মন্দির রয়েছে। মন্দিরের মূখ্য প্রবেশপথ ছিলো পূর্ব মুখী ২টি দরজা। কিন্তু এখন প্রবেশপথ উত্তরমুখী দরজা দিয়ে। নন্দী মন্দিরের একটু পাশেই রয়েছে সূর্য মন্দির।

১২০০ খৃষ্টাব্দের দক্ষিণ ভারতের সংস্কৃতি এবং জীবনযাত্রার একটা পরিষ্কার ছবি ফুটে ওঠে এই মন্দিরের পাথরের কাজ এবং ভাস্কর্যে। মন্দিরের ভেতরে, ছাদে আর বাইরে পুরো মন্দিরের দেওয়াল জুড়ে Soapstone এ বানানো অসংখ্য ভাস্কর্য্য। পুরো মন্দির জুড়ে মোট ৩৪০ টি বড় বড় ভাস্কর্য মূর্তি রয়েছে। তাতে শিব এর বিভিন্ন রূপ - গজাসুর, অন্ধকাসুর, হরিহরা ( আধা শিব - আধা বিষ্ণু) , নটরাজ (পার্বতীকে নিয়ে এবং পার্বতীকে ছাড়া) প্রভৃতি। বিষ্ণুর বিভিন্ন রূপ - লক্ষীনারায়ণ, যম, বরাহ, নরসিংহ, মোহিনী, বলরাম প্রভৃতি। রয়েছে সূর্য, লক্ষী, সরস্বতী, দূর্গা, কালি, মহিষাসুরমর্দিনী, ব্রহ্মা, ভৈরব - এনাদেরও মূর্তি। অসংখ্য ছোট ছোট ভাস্কর্যে রয়েছে রামায়ণ, মহাভারত আর পুরানকথার বিভিন্ন কাহিনী। কয়েকটি বড় ভাস্কর্যের নীচে ছোট ছোট ভাস্কর্যে বড় ভাস্কর্য (মূর্তি) র গল্পটি বলা আছে। কিছু নর্তকী মূর্তি ব্রিচেশ পরিহিতা, কিছু ঘোড়সওয়ার মূর্তির পায়ে লম্বা বুট। কিছু পুরুষ মূর্তির গায়ে পাশ্চাত্যের কোট। যৌথ মন্দিরটিতে মোট ২৫ টি কারুকাজ করা সিলিং আছে। থামগুলোতে মদনাকাই বা সালাভঞ্জিকা র, মতান্তরে শিলাবালিকার মোট ৮৪ টি মূর্তি ছিলো, তার মধ্যে মাত্র ১৪ টি এখন অবশিষ্ট আছে। কিছু মূর্তি ব্রিটিশরা নিয়ে গিয়ে ব্রিটিশ মিউজিয়ামে রেখেছে।

হয়শালা রাজবংশের প্রতিষ্ঠিত মন্দিরগুলোর মধ্যে বেলুর, হ্যালেবেড়ু আর সোমনাথপুরা এই তিনটি কে শ্রেষ্ঠ শিল্পকীর্তি বলে মনে করা হয়। সেই সময়ের বিখ্যাত স্থপতি-শিল্পী হিসাবে "জখনাচারি" র নাম পাওয়া যায়। তিনটি জায়গার মন্দির নাকি তারই পরিকল্পনায় নির্মান করা হয়। কিন্তু সোমনাথপুর বাকি দুটি জায়গা থেকে অনেক দূরে থাকার জন্য কিছুটা সংশয় থেকেই যায়। হ্যালেবেড়ুতে মূখ্য শিল্পী হিসাবে "রুভারী মল্লিতাম্মা" র নাম পাওয়া যায়। এর অধীনে ছিলো ৩৬ জন স্কাল্পচার আর তাদের অধীনে কয়েক হাজার শ্রমিক। মুখ্য স্কাল্পচারার হিসাবে যাদের নাম বার বার এসেছে তারা হলেন মনি বালাকি, মাবালা, বাল্লানা, বোচানা, কেতানা, বামা, বালাকি, রেভোজা - এদের।

আবদুর রজ্জাক নামে একজন ইরানি এই মন্দির দেখেছিলেন ১৪৩৩ খৃষ্টাব্দে এবং এই মন্দির নিয়ে লিখেও ছিলেন।

হেরিটেজ সাইটগুলোতে কর্নাটক সরকারের নিজস্ব সরকারি গাইড থাকে, তারা শিক্ষিত - ট্রেনিংপ্রাপ্ত, তারা জায়গাটা এবং তার সাথে জড়িত মানুষদের প্রামাণ্য তথ্য দেয়, জনশ্রুতি বা গল্পকথা জানতে চাইলে তবেই বলে। আমাদের গাইড ছিলো প্রেম কুমার।

**যাত্রাপথ**

যে কোন জায়গা থেকেই যাওয়া হোক না কেন, "হাসান" স্টেশনে পৌঁছে সেখান থেকে গাড়ি রিজার্ভ করে একসাথে হ্যালেবেড়ু এবং বেলুর দুটোই দেখে নেওয়া যায় তবে যাঁরা ইতিহাস ভালোবাসেন তাদের হ্যালেবেড়ু পুরোপুরি ঘুরে দেখতে একটা দিন চাই।



# মায়াপুরের মায়া



MALDA, INDIA PRANAB KR KUNDU

জন্ম ও বড় হওয়া মালদার গাজোলে। ইংরেজী সাহিত্যে স্নাতক। ২০০৬ সালে "সজাগ" পত্রিকায় প্রথম লেখা এবং "উনিশ-কুড়ি" পাক্ষিকে "সেই ছেলেটি" কবিতাটি প্রকাশিত হয়।শিলিগুড়ি আকাশবাণীতে 'সৃজনী' অনুষ্ঠানে স্বরচিত কবিতা পাঠ করেছেন । তাঁর কবিতা, গল্প, ভ্রমণ এবং প্রবন্ধ পশ্চিমবঙ্গের বিভিন্ন লিটল ও ওয়েব ম্যাগাজিনে প্রকাশিত হয়েছে, এছাড়া, "কৃত্তিবাস," "কালি কলম মনন" মাসিক পত্রিকায় গল্প প্রকাশিত হয়েছে। দেশের বাইরে বাংলাদেশ, প্যারিস, নিউ জার্সি প্রভৃতি স্থান থেকে ওয়েব ম্যাগাজিনেও তাঁর কবিতা প্রকাশিত হয়েছে।



ছবি: নতুন বিল্ডিং

অনেকদিন ধরেই মনের গভীরে মায়াপুর যাওয়ার সুপ্ত ইচ্ছা ছিল। ইচ্ছেগুলো কখনো কখনো মনের দরজা-জানালা দিয়ে উঁকি মারে, আর সুযোগ পেলেই পাখির মতো মুক্ত আকাশে ডানা মেলে দেয়। মানুষের মনে ভ্রমণের ইচ্ছা এমনই এক অভিন্ন আকর্ষণ, যা বারবার তাকে নতুন স্থান, নতুন অভিজ্ঞতার পথে টেনে নিয়ে যায়। আমার ক্ষেত্রেও তাই হয়েছিল।
মায়াপুরের নাম শুনেই যেন মনে হয়েছিল, এটা শুধু একটি জায়গা নয়, বরং এক অনাবিল মায়ার জগৎ। সেই মায়ায় আবদ্ধ হতে চেয়েছিলাম বহুদিন ধরেই। অবশেষে সেই সুযোগ এলো। মায়াপুর যে সত্যিই মায়া দিয়ে ভরা, তা তো জানতাম, কিন্তু সেই মায়ায় ডুবে যেতে পারব, সেই অনুভূতি পেয়েছিলাম তখনই, যখন মায়াপুরের পথে যাত্রা করেছিলাম।

মায়াপুর, চৈতন্যদেবের জন্মস্থান, যা হিন্দু ধর্মাবলম্বীদের কাছে একটি পবিত্র তীর্থস্থান হিসেবে বিবেচিত। যাঁরা ধর্ম বা ঈশ্বরে বিশ্বাস করেন, তাঁদের জন্য মায়াপুর এক স্বপ্নপুরী। আর যাঁরা ঈশ্বরে বিশ্বাসী নন, তাঁদের জন্যও এই জায়গা উপভোগ্য। কারণ, মায়াপুর শুধু একটি ধর্মীয় স্থান নয়, এটি প্রকৃতির শুদ্ধতা আর মানুষের শান্তির প্রতীক। ঈশ্বরকে হৃদয়ে ধারণ করলেই কি তাঁর প্রদর্শিত পথে চলা যায়? এমন অনেক প্রশ্ন মনের মধ্যে উঁকি দেয়, কিন্তু মায়াপুর এসে সব প্রশ্ন যেন নিজেই মুছে যায়।

সেই দিনটির কথা এখনও আমার মনে পড়ে। ডিসেম্বরের এক শীতল শুক্রবারের রাত। তখন রাত প্রায় দশটা। মালদার গাজোল থেকে আমরা আগেই গাড়ি ভাড়া করে রেখেছিলাম। শীতের ঠান্ডা হাওয়ার মধ্যে গাড়ি গাজোল বাসস্ট্যান্ড থেকে ধীরে ধীরে চলতে শুরু করল। আমাদের যাত্রা শুরু হলো। মনের মধ্যে এক অদ্ভুত উত্তেজনা কাজ করছিল। প্রতিদিনের একঘেয়েমি জীবন থেকে মুক্তি পেতে যে আনন্দ, তা যেন আমার রক্তে মিশে যাচ্ছিল। সঙ্গে নিয়েছিলাম শুধু প্রয়োজনীয় কিছু জিনিস—একটি ছোট্ট ট্রাভেল ব্যাগ, ক্যামেরা, এক সেট করে জামা প্যান্ট, টাওয়েল, আর আমার প্রিয় ডায়েরি ও পেন। লেখালেখির জন্য সেই সাথে কিছু ভ্রমণ সংক্রান্ত নোটস রাখতেই পেন ও ডায়েরি নিয়েছিলাম, কিন্তু জানতাম না, মায়াপুর আমাকে এমন এক পরিবেশ দেবে যেখানে মনের ভাবনা গুলো সহজেই কলমের কালি হয়ে বেরিয়ে আসবে।

মায়াপুর পৌঁছালাম ভোর চারটের দিকে। তখনো মায়াপুর ঘুমিয়ে। ঠান্ডা বাতাসে শরীরটা একটু কেঁপে উঠল। গাড়ি থেকে নেমে মন্দিরের দিকে পা বাড়ালাম। সেই সময়ের আলো অন্ধকারের মিশেলে মায়াপুরের মন্দির এক রহস্যময় পরিবেশ সৃষ্টি করেছিল। আমরা শুনেছিলাম, খুব ভোরে একটি আরতি হয়। সেজন্যই আমরা তাড়াতাড়ি পৌঁছাতে চেয়েছিলাম। আরতির সময় একটু দেরি ছিল, তাই মন্দিরের বাইরে বসে অপেক্ষা করলাম। কিছুক্ষণ পরেই মন্দিরের দরজা খুলে গেল, আর ভক্তদের ঢল নামল। আমরা আরতিতে অংশ নিলাম। গাওয়া হলো শ্রীকৃষ্ণের নামগান। সেই মুহূর্তে মনে হলো, এই পৃথিবীতে ধর্মের কত রূপ, কত ভাবনা—কিন্তু সবকিছুর ওপরে সেই এক অনন্ত শক্তি বিরাজমান, যা আমাদের মনে প্রবাহিত হয়।

আরতির পর আমরা একদিনের জন্য একটি ঘর ভাড়া করলাম। মূল মন্দিরের ভিতরে নানা ধরণের ঘর পাওয়া যায়—এসি, ননএসি, ডাবল বেড, ডরমিটরি। আমাদের জন্য একটিই যথেষ্ট ছিল। জিনিসপত্র রেখে আমরা ফ্রেশ হয়ে বিশ্রামের জন্য শুয়ে

পড়লাম। রাতের যাত্রার ক্লান্তি কাটানোর জন্য তিন ঘণ্টার ঘুম দরকার ছিল। ঘুম থেকে উঠে আবার নতুন উদ্যমে ভ্রমণের জন্য প্রস্তুতি নিলাম।

সকালে স্নানের জন্য গঙ্গায় গেলাম। কেউ কেউ অবশ্য মন্দিরের স্নানঘরে স্নান সেরে নিয়েছিল, কিন্তু আমরা কয়েকজন গঙ্গার পবিত্র জলে স্নান করার সিদ্ধান্ত নিলাম। কথিত আছে, গঙ্গার জলে স্নান করলে সমস্ত পাপ মোচন হয়। এ কথার সত্যতা সম্পর্কে আমার মনে কিছুটা সংশয় ছিল, কিন্তু সেই মুহূর্তে মনে হলো, বিশ্বাসের জোরেই তো সবকিছু হয়। গঙ্গার জলে ডুব দিলাম, আর সেই ঠান্ডা জল যেন শরীর-মনের সমস্ত ক্লান্তি ধুয়ে দিল। মনের কোথাও একটা প্রশান্তি এসে বাসা বাঁধল। এমন কিছু অনুভূতি আছে যা যুক্তি দিয়ে ব্যাখ্যা করা যায় না—এটি তারই একটি উদাহরণ।

স্নান শেষে প্রস্তুতি নিয়ে মন্দির দর্শনে বেরোলাম। মায়াপুরে বিভিন্ন মন্দির রয়েছে, আর প্রতিটি মন্দিরেরই আলাদা আলাদা বৈশিষ্ট্য। ইসকন মন্দির সেই সমস্ত মন্দিরের মধ্যে অন্যতম। এর ভেতরের সজ্জা, পরিবেশ, এবং ভক্তদের একাগ্রতা দেখে মুগ্ধ হলাম। মন্দিরের প্রতিটি প্রাচীর যেন শ্রীকৃষ্ণের মহিমা প্রচার করছে।

ইসকন মন্দিরের পরে আমরা নদী পার হয়ে নবদ্বীপে গেলাম। নবদ্বীপ একটি ছোট্ট কিন্তু সুন্দর জায়গা। নৌকায় করে নদী পার হওয়া এক অসাধারণ অভিজ্ঞতা। দুই নদীর মিলন স্থল দেখতে পেলাম—জলঙ্গী আর ভাগীরথীর জল আলাদা রঙের। প্রকৃতির এমন খেলা দেখতে পেয়ে মনে এক অদ্ভুত প্রশান্তি এল। নবদ্বীপের মন্দিরগুলোও দর্শন করলাম। প্রতিটি মন্দিরেই যেন এক অনাবিল শান্তি বিরাজমান।

নবদ্বীপ থেকে ফিরে আমরা মন্দিরে প্রার্থনা শেষে মধ্যাহ্ন ভোজনের জন্য প্রস্তুত হলাম। সকালেই প্রসাদের টিকিট কেটে রেখেছিলাম। এখানে মধ্যাহ্নে ২০, ৫০, ৭০ টাকার টিকিটের বিনিময়ে অন্নভোগ মেলে। খাবার জায়গাটা বিশাল, মাটিতে মাদুর পেতে বসে খেতে হয়। মনে হলো যেন হাজারেরও বেশি মানুষ একসঙ্গে বসে খাচ্ছে। খাবারগুলো ছিল নিরামিষ, কিন্তু সেগুলোর স্বাদ এতটাই ভাল যে আমিষের কোনো অভাব অনুভব করিনি। মনে হচ্ছিল যেন একটি বিশাল উৎসবের অংশ হয়ে গেছি। খাওয়ার সময় চারপাশের মানুষদের হাসি, আনন্দ, আর ভক্তির পরিবেশে আমরাও আনন্দ পেলাম।

মধ্যাহ্ন ভোজন শেষে আবার মন্দির দর্শনে বেরোলাম। নতুন মন্দিরের কাজ তখনো সম্পূর্ণ হয়নি, তাই পুরানো মন্দিরই দর্শন করলাম। সঙ্গে সঙ্গে মহাপ্রভুর দিব্যলীলা প্রদর্শনী, শ্রীল প্রভুপাদ পুষ্প সমাধি মন্দির, গোশালা, এবং আরও কিছু স্থান ঘুরে দেখলাম। পুরো এলাকা বিশাল, সব কিছু হেঁটে ঘোরা সম্ভব নয়। তাই যেখানে যেখানে বেশি গুরুত্বপূর্ণ মনে হলো, সেখানেই থামলাম। মূল মন্দিরের ভেতর অনেক বিদেশী ভক্তের দেখা পেলাম। তাঁদের ভক্তি, নিষ্ঠা, আর শ্রীকৃষ্ণের প্রতি অগাধ বিশ্বাস দেখে মনে হলো, ধর্মের কোনো সীমানা নেই।

সন্ধ্যা নামতেই মন্দির এলাকা আলোর ঝলকানিতে ভরে উঠল। মনে হলো যেন স্বর্গ থেকে আলোর ঝর্ণা নেমে এসেছে। মন্দিরের চারপাশের পরিবেশ আর শব্দ যেন এক অদ্ভুত মায়াবী জগৎ তৈরি করেছে। সেই সময় কিছু স্মৃতিস্বরূপ জিনিস কেনার কথা মনে পড়ল। মন্দির সংলগ্ন দোকানগুলোতে ঢু মারলাম, কিছু পুঁতির মালা, ছবি, আর অন্যান্য ধর্মীয় জিনিস কিনলাম। মনের মধ্যে ছিল এ সব জিনিস শুধুই স্মৃতিচিহ্ন নয়, বরং আমার মায়াপুর সফরের এক একটি প্রতীক।

সেই রাতেই (শনিবার) আমাদের বাড়ি ফিরতে হবে। রাতের খাবারেরও টিকিট আগেই কাটা ছিলো। গীতাভবন রাতের খাবারের জায়গা। এখানেও ৭০, ১০০, ২০০ টাকার বিভিন্ন রকম থালি আছে। এবং বলাই বাহুল্য সব পদই নিরামিষ। লাইনে দাঁড়িয়ে প্লেট নিয়ে খেয়ে ঘরে ফিরে একটু রেস্ট করছিলাম। গাড়ি রাত এগারোটার দিকে ছাড়ার কথা। মেন গেট অতো রাত পর্যন্ত সাধারণত খোলা থাকে না। আমরা আগেই বলে পারমিশন নিয়ে রেখেছিলাম। তো এমন সময় এক বন্ধু গল্প প্রসঙ্গে আমার কাছে জানতে চাইলো আমি ঈশ্বরে বিশ্বাস করি কি না। আমি বললাম ঈশ্বর সম্পর্কে তো নানাজনের নানা মত, যুক্তি, তর্ক, আলোচনা, সমালোচনা আছে। আমি এসব গোলক ধাঁধায় হারিয়ে যেতে চাই না। তবে আমার এটা মনে হয় এই ঈশ্বর, অলৌকিক ঘটনা বা এই বিশ্ব প্রকৃতিকে চেনা জানার বিভিন্ন স্তর থেকে দেখা সম্ভব। নানা স্তর থেকে নানা প্রশ্নের হরেক উত্তর আসবে। এবং এটাও ঠিক নিজ নিজ দেখার ক্ষেত্র থেকে সবগুলোই গ্রহণযোগ্যতার দাবী রাখবে। কিন্তু এদের বিরোধী ধরে নিলে অকারণ বির্তক বাড়ে এবং তার সমাধান অসীমে গিয়ে ঠেকে। আমি শুধু এই সব নানা বাদ, বিবাদ, অপবাদ, অনুবাদের বাইরে সত্যটাকে গ্রহণ করতে চাই। বন্ধুটি কি বুঝলো জানি না। এই বিষয়ে আর কোন কথা এগোলো না। তারপর সারাদিনের বেড়ানো, খাওয়া, বাজার এসব নিয়েই গল্পগুজব চললো।

রাত সাড়ে দশটার দিকে সবাই আস্তে আস্তে গাড়ীর দিকে এগোতে থাকলাম। মনটা আবার চেনা ছকের গন্ধ পেতে লাগলো। গাড়িতে বসে ভাবছিলাম, মায়াপুরের প্রতিটি মুহূর্ত আমার জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে গেল। এখানে এসে অনুভব করেছি, শান্তির আসল অর্থ কি, জীবনটা কতটা সহজ হতে পারে যদি আমরা এই মায়া মায়াপুরের মতো মনের ভেতরে ধারণ করতে পারি। গাড়ি যখন মায়াপুরের সীমানা পেরিয়ে আসছিল, তখন রাত গভীর হলেও আমার চোখে কোনো ঘুম ছিল না। যাত্রাপথে জানালা দিয়ে তাকিয়ে ছিলাম, দেখি মায়াপুরের আলো ধীরে ধীরে ক্ষীণ হয়ে আসছে, ঠিক যেন স্মৃতির ঝাপসা হওয়ার মতো।

গাড়িতে চেপে বসে, আমরা সবাই কিছুক্ষণ চুপচাপ ছিলাম। আমাদের মধ্যে কেউই বিদায়ের কথা বলতে চাইছিল না। মনে হচ্ছিল, মায়াপুর থেকে দূরে সরে যাচ্ছি, কিন্তু মায়াপুর আমার মনে গেঁথে গেছে, যা কখনোই দূরে সরে যাবে না। কিছুক্ষণ পর আবার গল্পগুজব শুরু হলো। মায়াপুরে কাটানো দিনটির কথা আবার মনে করে হাসাহাসি করছিলাম। কেউ কেউ আবার মন্দিরের আরতির কথা বলছিল, কেউ বলছিল গঙ্গা স্নানের অভিজ্ঞতা। কিন্তু সব গল্পের মধ্যেই ছিল মায়াপুরের সেই অপার মায়া, যা আমাদের সবার মনের মধ্যে গেঁথে গেছে।

গাড়ির চাকা ঘুরছিল, আর মায়াপুরের মায়া আমাকে আরও বেশি করে টানছিল। মনে হচ্ছিল, আরেকবার ফিরে যেতে পারলে হয়তো এই মায়ায় পুরোপুরি ডুবে যেতে পারব। জীবনের সব ব্যস্ততা, সব ক্লান্তি ভুলে গিয়ে মায়াপুরে থেকে যেতে পারলে হয়তো প্রকৃত শান্তি খুঁজে পেতাম। কিন্তু সেই শান্তি তো আসলে মনের ভেতরেই লুকিয়ে আছে। মায়াপুর শুধু সেই শান্তি খুঁজে পেতে সাহায্য করেছে, আর আমার মনকে আরও একবার শান্তির পথে নিয়ে গেছে।

যাত্রা শেষ হলো বাড়ির কাছে এসে। গাড়ি থামল, আর আমরা সবাই নেমে পড়লাম। বিদায়ের মুহূর্ত এল। সবাইকে বিদায় জানিয়ে বাড়ির দিকে পা বাড়ালাম। মনটা ভারী লাগছিল, মনে হচ্ছিল কিছু একটা রেখে এলাম মায়াপুরে। হয়তো মনটাকেই রেখে এলাম, যেটা আবারও আমাকে সেখানে ফিরিয়ে নিয়ে যেতে চাইবে।

প্রয়োজনীয় তথ্য : পশ্চিমবঙ্গের সব জায়গা থেকেই এখানে আসার বাস ও ট্রেন যোগাযোগ ব্যবস্থা মোটামুটি ভালো। আসার আগে একবার নেটে দেখে নিলে অহেতুক ভয় কেটে যায়। ট্রেনে নবদ্বীপের বিষ্ণুপ্রিয়া স্টেশনে নেমে টোটো করে ফেরিঘাট। তারপর ফেরি পার করে আবার টোটো করে মন্দির আসা যায়। বাসে গেলে ধুবুলিয়া নেমে পাবলিক ছোট গাড়িতে আরামেই যাওয়া যায়। আর নিজস্ব রির্জাভ গাড়ি হলে কোন অসুবিধাই নেই। রুমের জন্য নামহট্ট কার্যালয়ে ফোন করে বুকড করা যায়। নম্বর - ০৩৪৭২ ২৪৫৩০৫ বা মোবাইল - ৭৫৪৮৯ ৬৯২৬৯। আগেই বলেছি প্রয়োজন জানলে উনারা ব্যবস্থা করে দেন। এছাড়া কম খরচে ভেতরেও রুম মেলে। নম্বর - ৮৬১৭৫ ২৬৯৮৩। তাছাড়া বাইরেও প্রচুর হোটেল আছে। সবক্ষেত্রেই ভালো করে কথা বলে নেবেন। ভীড় এড়াতে শনি রবিবার না যাওয়াই ভালো। প্রতিদিনই কম বেশি ভীড় থাকে বটে। ভিতরে থাকলে বাইরের কোন খাদ্য বস্তু নিয়ে ঘরে প্রবেশ নিষেধ। তবে বাইরে খেয়ে আসলে কোন অসুবিধা নেই। ভেতরের সব খাবারই নিরামিষ। থাকার ঘরে কোনরূপ নেশাজাতীয় বস্তু সম্পূর্ণ নিষিদ্ধ এবং নারী পুরুষ অশালীন মেলামেশাও। কিছুক্ষেত্রে পোশাক বিবিধও আছে তবে বাঙালীর স্বাভাবিক পোশাকে কোন অসুবিধা নেই। মূল মন্দিরে মোবাইলে নিয়ে ঢোকা বারণ তাই তা রুমে রেখে যাওয়াই ভালো। নইলে লম্বা লাইনে দাঁড়িয়ে কুফন কেটে লকারে রাখতে হবে। তাতে জমা দিতে আর তুলতে অযথা সময়হানি হয়।

মোটামুটি এই ছিলো জানানোর। বাকীটা ওখানে গেলেই বুঝে যাবেন। বিশেষ কিছু অসুবিধা নেই।

**পরিচিতি: প্রনব কুমার কুন্ডু** (রুদ্র)

প্রনব কুমার কুন্ডু, ডাকনাম রুদ্র, ১৯৮৮ সালে মালদার গাজোলে জন্মগ্রহণ করেন এবং সেখানেই বড় হন। তিনি ২০১০ সালে ইংরেজী সাহিত্যে স্নাতক সম্পন্ন করেন। ২০০৩ সালে লেখালিখি শুরু করেন এবং ২০০৬ সালে "সজাগ" পত্রিকায় প্রথম লেখা প্রকাশিত হয়। একই বছরে "উনিশ-কুড়ি" পাক্ষিকে "সেই ছেলেটি" কবিতাটি প্রকাশের মাধ্যমে তিনি প্রথম সাম্মানিক অর্থ অর্জন করেন।

রুদ্রের লেখালেখি মাঝে মাঝে অনিয়মিত হলেও ২০১৬ সালে শিলিগুড়ি আকাশবাণীতে 'সৃজনী' অনুষ্ঠানে স্বরচিত কবিতা পাঠের পর তাঁর কবিতা চর্চায় নতুন উদ্দীপনা আসে। ২০২৪ সালের মার্চ মাসে আবারও শিলিগুড়ি আকাশবাণীতে 'প্রান্তিক' অনুষ্ঠানে কবিতা পাঠ করেন। তাঁর কবিতা, গল্প, ভ্রমণ এবং প্রবন্ধ পশ্চিমবঙ্গের বিভিন্ন লিটিল ও ওয়েব ম্যাগাজিনে প্রকাশিত হয়েছে, যেমন "তথ্যকেন্দ্র," "উত্তরবঙ্গ সংবাদ," "কথা সাহিত্য," "বাক্," "মুজনাই," এবং "দৈনিক বজ্রকণ্ঠ" (ত্রিপুরা)। এছাড়া, "কৃত্তিবাস," "কালি কলম মনন" মাসিক পত্রিকায় গল্প প্রকাশিত হয়েছে। দেশের বাইরে বাংলাদেশ, প্যারিস, নিউ জার্সি প্রভৃতি স্থান থেকে ওয়েব ম্যাগাজিনেও তাঁর কবিতা প্রকাশিত হয়েছে।



# বিহার ও নেপাল ভ্রমণের ইতিকথা



DURGAPUR, INDIA

SAMBHUNATH KARMAKAR







'টঙ্কাদেবী' কবিতায় দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মন্দাক্রান্তার লঘু-গুরু বিন্যাসে লিখেছিলেন—ইচ্ছা সম্যক্ ভ্রমণ-গমনে কিন্তু পাথেয় নাস্তি। পায়ে শিক্লী মন উড়ু উড়ু একি দৈবেরি শাস্তি! তবে দুঃসাহস থাকলে স্বল্প অর্থে ইচ্ছাপূরণ করা যায়। এবং অধ্যাপক সুদীপ বসুর একান্ত উৎসাহে সে ইচ্ছাপূরণ আরো নিবিড় হয়ে ওঠে। যিনি দূরে থেকেও আমাদের প্রতিনিয়ত পথনির্দেশ করেছেন, তাঁকে প্রথমে নমস্কার জানাই।

২০২৩-এর শেষদিকের কথা। নভেম্বরের প্রথমে এক সান্ধ্য বৈঠকে স্থির হয় উত্তর পূর্ব বিহারের ফরবিসগঞ্জে আমাদের রাষ্ট্রীয় সেমিনারে উপস্থিত থাকতে হবে। আমার সঙ্গী ছিলেন ড. চন্দনকুমার কুণ্ডু, বাদল পাল এবং সায়ন ঘোষ। বোলপুর থেকে আমরা যাত্রা শুরু করেছিলাম ২৩ নভেম্বর সন্ধ্যা ৬টা নাগাদ। পরদিন কুয়াশামলিন সকালে পৌঁছে যাই কাটিহারে। এবং সিদ্ধান্ত নিই যে, সারাদিন কাটিহার এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে ভ্রমণ করব। যেহেতু সেমিনার হবে ২৫ ও ২৬ নভেম্বর তাই সেদিন সন্ধ্যায় ফরবিসগঞ্জ পৌঁছলেও অসুবিধা হবে না। অগ্রহায়ণের নিমীলিত ঠান্ডায় চা পানে বিরতি পড়ে নি। মাঠে মাঠে সোনালি স্বপ্নের ধান, উন্মুক্ত ঘাসে উজ্জ্বল শিশির, ভুট্টা খেতের মধ্য দিয়ে ট্রেনের শিহরণ আর আকাশের নীল রং আমাদের আনন্দের তহবিল ভরে দিয়েছিল। অটোচালকের মুখে শুনলাম কাটিহার থেকে তিরিশ কিমি দূরে ছোট্ট শহর মণিহারী, সেখানে গঙ্গার জলবাহার দেখবার জন্য সকাল থেকেই ভিড় জমে। গঙ্গার উপর ফারাক্কা ব্যারেজ নির্মাণের আগে কলকাতা থেকে দার্জিলিং বা উত্তরবঙ্গে যাওয়ার জন্য যাত্রীরা ব্রডগেজ ট্রেনে সাক্রিগালি ঘাটে যাতায়াত করত এবং তারপর স্টিমারে গঙ্গা পার হতেন। মণিহারী ঘাটে নদীর ওপারে তারা শিলিগুড়িতে মিটারগেজ ট্রেন নিয়ে যেত। ১৯৭৫ সালে একবার ফারাক্কা ব্যারেজ চালু হয়ে গেলে (ব্যারেজে একটি ব্রডগেজ রেল লাইন রয়েছে) এই রুটটি অপ্রয়োজনীয় হয়ে পড়ে। সাহেবগঞ্জের সঙ্গে মণিহারী ঘাট সংযোগকারী ফেরি সার্ভিস এখনও চালু আছে। মণিহারীর আরো একটি ইতিহাস আছে। ১৭৫৬ সালের ১০ অক্টোবর এই মণিহারীতেই তদানীন্তন পূর্ণিয়ার বিদ্রোহী শাসনকর্তা শওকত জঙ্গ এবং বাংলার নবাব সিরাজউদ্দৌলার মধ্যে যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধে শওকত জঙ্গ পরাজিত ও নিহত হন। এবং মণিহারীতেই জন্মগ্রহণ করেন সাহিত্যিক বনফুল ওরফে বলাইচাঁদ মুখোপাধ্যায়।

আমরা যে-পরিমণ্ডলের মানুষ তাতে জলতরঙ্গ ও পাহাড়—দুই-ই প্রিয়। এই দুয়ের নাম শুনলেই জড়তার অবসান হয়। তবে প্রথমে গঙ্গার ঘাটে না গিয়ে আমরা চলে গেলাম মণিহারী থেকে আরো ১৫ কিমি দূরে গোগাবিল ঝিলে। রাস্তার ইতস্তত পাথরের চাঁই, ইঁট এবং আজানুলম্বিত খাল। অটো থামিয়ে কিছুদূর হেঁটেই গেলাম। এবং এই মণিহারী থেকে গোগাবিল পর্যন্ত পুরো এলাকাটাই জলমগ্ন। হেমন্ত-শীতের মরশুমে জল কমে এসেছে অবশ্য; চাষ হচ্ছে সরষে, ভুট্টা, ধান এবং গমের। যে-কাটিহার, মণিহারী এককালে বিহারের পাটের রাজধানী হিসাবে পরিচিত ছিল এখন সেই জৌলুস না থাকলেও পাটের শৌখিন জিনিসপত্র তৈরি হয় রীতিমতো। জুট মিলগুলোও বর্তমান। পুরনো ফ্যাক্টরিগুলো দেখলে ব্রিটিশ আমলের ইতিহাস ঘেঁটে দেখতে ইচ্ছা হয়। আমরা সাহিত্যের ছাত্র, সে হিসাবে ইতিহাস-সংস্কৃতি এবং ঐতিহ্যের পরিপোষক। গোগাবিল যাবার আগে মণিহারী স্ট্যান্ডে ছাতুর পুরভরা গরম কচুরি, ফুলকপি-আলু-কাবলির তরকারি এবং জিলিপি খেয়ে গোগাবিল ঝিলের উদ্দেশ্যে শুরু হয় যাত্রা। এই যাত্রায় চিরাগ পাসোয়ান যেভাবে

আমাদের সাহায্য করেছেন তা কোনোদিন ভুলব না।

কচুরিপানা, শালুক, পদ্মের সমাহারে গোগাবিলের অপরূপ দৃশ্যপট গড়ে উঠেছে। বর্ষার সময় সমস্ত এলাকাটি থইথই করে জলে। ডিঙি-নৌকায় এপার থেকে ওপারে যাওয়া-আসা করতে হয় তখন। প্রান্তিক মানুষের বসবাস সেখানে। যাতায়াতের সুব্যবস্থা নেই। লোকসংখ্যা সীমিত। গ্রামের ঘরগুলি অধিকাংশ পাটের দেয়াল এবং টিনের ছাউনিতে গড়া। জ্বালানি হিসাবে এখনো তারা কয়লা, গুল ও ঘুঁটে ব্যবহার করে। গরু, মোষ, ছাগল, পাতি হাঁস, রাজ হাঁস এবং মুরগির প্রতিপালন প্রায় প্রতিটি ঘরেই। মণিহারীর গ্রামজীবনের অন্যতম আকর্ষণ এই গোগাবিল ঝিলের ১৫ কিমি পর্যন্ত বিস্তীর্ণ এলাকাটি জনসম্প্রদায় দ্বারা সংরক্ষিত। গোগাবিলের আরেকটি বড় আকর্ষণীয় বিষয় হলো বিচিত্র পাখিদের আনাগোনা। জীবনে এই প্রথম আমরা এত পাখি একসঙ্গে দেখেছি। বলাকার ছন্দ কিংবা রোদের গন্ধ হয়তো তাদের উড্ডীন পাখায় পাওয়া যাবে না কিন্তু অনন্তের ঠিকানা দেওয়ার ক্ষমতা তারা রাখে। এক নিঃশ্বাসে তাদের প্রাণবন্ত ছায়া আমাদের চোখের উপর দিয়ে মায়ার আলিম্পন রচনা করেছে। জলাভূমির দুর্লভ পাখি সবুজ বাটানের দেখা মিলল এখানেই। তাছাড়া পানডুবি, পানকৌড়ি, কোঁচবক, সাদাবক, বালি হাঁস, শামুকখোল, সরাল হাঁস, ডাহুক, মাছরাঙা, কোড়াল, চখাচখি, গয়ার প্রভৃতি বিচিত্র পাখির আবাস এই গোগাবিল। এদের মধ্যে পরিযায়ী পাখিও আছে। শীতের নরম রোদে তারা ডানা ভাসিয়ে এড়িয়ে চলে জটিলতা। জীবনের উত্থান-পতনের দরবারে তাদের সান্নিধ্যলাভ আমাদের অনাবিল আনন্দের ইশারা দিয়েছে। এত সহজ যাওয়া-আসার মধ্যে ঘুরপথও হয়ে যায় ক্লান্তিহীন। ফেরার সময় বাদলদাকে বলেছি ইংরেজরা সমস্ত দেশটাকে অধিকার করতে পারলেও গোগাবিল ঝিলকে অধিকার করতে পারেনি। দেখাতে পারেনি তাদের দুরন্ত শাসনের সংবেগ। তাই আহ্লাদে আটখানা হয়ে মাটি ছুঁয়ে উড়ে চলেছে বিদেশ বিভুঁইয়ে, সবাই তো তার আপনজন, শ্যামল মিত্রে্য গানে-গানে আমাদের মণিহারী ফেরা—'সে বিনে আর জানে না, জানে না এ মন/যে আমার আপন হতেও আপনজন।'

২৭ নভেম্বর রাত সাড়ে দশটায় কাটিহার জংশনে সময়মতো উপস্থিত হতে হবে আমাদের। তাই ২৬ নভেম্বর সন্ধ্যায় সেমিনার শেষে ভেবেচিন্তে সিদ্ধান্ত নিলাম যে আমরা নেপাল যাব। আকস্মিকতার আনন্দ অভূতপূর্ব। ফরবিশগঞ্জ থেকে যোগবাণী বাইশ কিমি দূরেই। এবং যোগবাণীতেই ভারত-নেপাল সীমান্ত। ভোর সাড়ে চারটেয় শীতঘুম থেকে উঠেই শুরু হলো প্রস্তুতি। সাড়ে পাঁচটায় ট্রেন। যথাসময়ে স্টেশনে পৌঁছে আমরা শৈল্পিক মাটির ভাঁড়ে মালাই চা পান করলাম। সঙ্গে ছিল কাজু বিস্কিট। যোগবাণী যাবার পথে সারি সারি ভুট্টা ক্ষেত ও নীল সকালের আলোর বিপ্লব দেখে থমকে থাকা চোখের তারাগুলো নেপাল-প্রবেশের সংকেত দিল। যারা সে-পথের নিত্য যাত্রী তারাও মুগ্ধ। স্বদেশ হোক বা বিদেশ—মনস্তত্ত্ব একই। সেই একের মধ্যেই বৈচিত্রের রঙবাহার। তখন শুধু পাহাড় দেখার নেশায় ছুটে চলেছি আমরা। বহুকাল এভাবে ছুটিনি।

সীমান্তদ্বারে পৌঁছে আমার জিজ্ঞাসা, 'বর্ডার কোথায়?' সঙ্গীরা মাথার চুল ধরে ওপরে দেখাল 'এই যে সামনেই!' সংকোচের সীমায় নিজেকে বেঁধে রাখাসীমান্ত অতিক্রম করতেই নেপালি টাকা হাতে পেয়ে খুশির ঝলক চোখে-মুখে। যোগবাণী থেকে সোজা পৌঁছে গেলাম বিরাটনগর। এক কাপ চায়ের সঙ্গে আনন্দের আলাপ সেরে নিয়ে চটপট রওনা দিলাম পূর্ব নেপালের ছোট্ট শহর ধরানের উদ্দেশে। রাস্তায় রোদের ফলক দেখা যাচ্ছিল স্পষ্ট। আমাদের ফোনগুলিতে ইন্টারনেট এবং যোগাযোগ-ব্যবস্থা একেবারে বন্ধ। গ্যালারিতে শুধু কিছু সুন্দর মুহূর্তের সমাহার। প্রায় দশটা নাগাদ আমরা ধরান পৌঁছলাম। ছোলা-বাটুরা ও কলাই ডালের মচমচে গরম জিলিপি খেয়ে যখন আমরা ধরানের তিনটি প্রাচীন মন্দির-দর্শন করব বলে মনস্থ করেছি তখন গোলমাল হলো অটোওয়ালাদের নিয়ে। নেপালি টাকা হাতে পেয়ে যত খুশি হয়েছিলাম প্রথমে সেই টাকা নিয়েই আরো বেশি বিপদে পড়লাম। কিছু দর্শনীয় স্থান এবং ঘুরবার উপযুক্ত জায়গা যাবার জন্য দর-কষাকষি শুরু হলো তাদের সঙ্গে। যাচাই করবার অবসর ছিল না। কে খাঁটি কবি আর কে নকল কবি—ভাবের ফিরিস্তি দিয়ে মীমাংসা সেই মুহূর্তে একেবারেই ছিল অসম্ভব ছিল। আমরা যে বাঙালি তা বঙ্গে থেকে না বুঝতে পারলেও বাইরে এসে অতি সহজেই বুঝে গেলাম। এতদিন যা নিয়ে গর্ব করেছি তার পর্ব শেষ করে যেন-তেন-প্রকারেণ সর্বপ্রকার চেষ্টায় অটোচালককে দু'হাজার টাকা দিয়ে তিনটি মন্দির এবং নমস্তে ঝরনা দেখবার জন্য তৎক্ষণাৎ বেরিয়ে পড়লাম ধরান থেকে। এর মধ্যে নমস্তে ঝরনার দূরত্বই সবচেয়ে বেশি। ধরান থেকে প্রায় ৩০ কিমি। চিন্তা আমাদের পিছু ছাড়েনি। যেভাবেই হোক বিকাল সাড়ে পাঁচটায় পৌঁছতে হবে যোগবাণীতে।

প্রথমেই গেলাম দন্তকালী মন্দিরে। এ মন্দির বিজয়পুরের পাহাড়ে অবস্থিত। সতীদেবীর দাঁতের জন্য মন্দিরের এরূপ নামকরণ। মানুষের ভিড়ে হীরে থেকে জিরে দেখা সম্ভব না হলেও পুজো দিয়ে প্রার্থনা জানাতে অসফল হইনি। চটজলদি সেখান থেকে বেরিয়ে চলে গেলাম পিণ্ডেশ্বর মন্দিরে। রুদ্রাক্ষ-বৃক্ষের ছায়াবৃত এই মন্দিরে স্বর্গত মানুষের আত্মার শান্তি প্রার্থনা করতেই অধিকাংশের আসা-যাওয়া। তবে আরেকটি বিষয়ও জড়িয়ে আছে এর সঙ্গে। শ্রাবণ মাসের প্রতি সোমবার বিভিন্ন স্থান থেকে বিপুল সংখ্যক ভক্ত খালি পায়ে কোশী নদীর পবিত্র জল বয়ে নিয়ে ভগবান শিবের প্রতি শ্রদ্ধা জানাতে আসেন। বিশ্বাস করা হয় যে বরাহক্ষেত্র মন্দিরে সপ্তকোশী ও কোকা নদীর জল এবং পিণ্ডেশ্বর শিবালয়ে কৌশিকীর জল নিবেদন করলে একজন ভক্তের ইচ্ছা পূরণ হবে। পিণ্ডেশ্বর মন্দিরে তেলের প্রদীপ জ্বালিয়ে রাখা হয় অবিরাম।

পিণ্ডেশ্বর থেকে বেরিয়ে গেলাম বুধসুব্বা মন্দিরে। বুধসুব্বা বিজয়নগরের এক আশ্চর্য কিংবদন্তী। মন্দিরের পরিবেশটিও বেশ অন্যরকম। কাঠের তৈরি মন্দিরের অন্দরমহলে মহাত্মা বুধসুব্বাকে কেন্দ্র করে বিবিধ আয়োজন। লাল ও নীল পদ্মের শোভায় সেজে উঠেছে চারপাশ। বাতিকো ধূপের সুগন্ধে মন্দিরের শুচিস্নিগ্ধ রূপটি হয়েছে আরো মনোরম। দৃশ্য-গন্ধের অনুভূতিমালায় আমাদের ইচ্ছেরা ততক্ষণে সমস্ত চাওয়া-পাওয়ার ব্যথাবেদনাকে দূরে ঠেলে একান্ত প্রিয়জনের কল্যাণ কামনায় উৎসুক হয়ে উঠেছে। জীবন এটুকুই, অপরের জন্য প্রার্থনা; নিবেদনের প্রাণান্তিক প্রয়াসেই শ্রেষ্ঠ অর্জন।

স্থানীয় লোকজনের মুখে শুনলাম, মন্দিরের আশেপাশে প্রথমে বাঁশঝাড়ে লেখার প্রবণতা ছিল। মন্দিরে বেড়াতে আসা যুবকরা বাঁশের উপর নাম লিখেই ফিরে যেতেন কারণ বিশ্বাস

করা হয় প্রেমিকদের নাম লিখলে তাদের প্রেমে সাফল্য আসবে। কিন্তু, বাঁশে নাম লেখায়, বাঁশে লেখা বেড়ে যাওয়ায় বাঁশের বৃদ্ধি ব্যাহত হওয়ায় মন্দির কমিটি বাঁশের ওপর নাম লেখা বন্ধ করে দিয়েছে। আজকাল, প্রেমিকরা বুধসুব্বাকে পুজো করার পর বাঁশের সঙ্গে পবিত্র সুতো বেঁধে রাখে। যাকে 'ধাগা'ও বলা হয়। বাঁশ নিয়ে প্রচলিত বুধসুব্বার কাহিনিটিও আকর্ষণীয়। একদা কয়েকজন (বুধসুব্বাও তাদের মধ্যে একজন) শিকারী যখন কাককে আঘাত করার লক্ষ্যে ছিল তখন বুধসুব্বার আঘাতে বাঁশের ডগা ভেঙে যায়। সেদিনের পর থেকে বাঁশের ডগা আর গজায়নি। তাই বুধাসুব্বা শিকার বন্ধ করে মাটির নিচে তার ছোরা ধনুক পুঁতে ফেলেন। তিনি তখন সেখানে ধ্যানমগ্ন হন—যেখানে এখন মন্দিরটি প্রতিষ্ঠিত।

বুধসুব্বা মন্দিরের বাইরে দৃষ্টি আকর্ষণ করবার মতো যেটি, তা হলো উলের পুতুল। স্থানীয় মহিলাদের হাতে তৈরি এই শিল্পকর্ম সত্যিই অসাধারণ। বুধসুব্বা আমাদের মনে চিরদিন বন্দিত হয়ে থাকবেন আর শিল্পীরা থাকবেন নন্দিত হয়ে। একবিংশ শতাব্দীর বস্তুমুখী বিশ্বে নান্দনিক প্রাপ্তিই জীবনের শ্রেষ্ঠ উপহার।

৩

বিজয়নগরের বুধসুব্বা মন্দির থেকে বেরিয়ে এসে আমরা যাত্রা শুরু করলাম নমস্তে ঝরনার উদ্দেশে। ঝরনাটি ধানকুটা জেলার ভেদেতার গ্রামে অবস্থিত। ধরান থেকে নমস্তে ঝরনার দূরত্ব প্রায় ২৬ কিমি। আমাদের অটোচালক এর মধ্যেই দুটি কমলালেবু খেয়ে ফেলেছিলেন, আমাদের হাতে তুলে দিলেন একটি করে। তাঁর এই সহজ আতিথেয়তা মনে রাখার মতো। ১০ বছর আগে গোরখপুর থেকে নেপালে এসে তিনি স্থায়ী বাসিন্দা হয়েছেন নেপালের। পাহাড়ী হাওয়া আর উচ্চতার আকাঙ্ক্ষা শান্ত মনকে ক্রমাগতই ঠেলা দিচ্ছিল নতুন এক অভিজ্ঞতার। পরিষ্কার-পরিচ্ছন্ন রাস্তা, কাগজের টুকরো পর্যন্ত আশেপাশে দেখতে পাইনি কোথাও। মাথার ওপরে নীল আকাশের সামিয়ানা দূরত্বের ভার কমিয়ে হাল্কা মেজাজে সেই সময়টিকে উপভোগ করবার অনুকূল পরিবেশ তৈরি করেছিল। সরদু খোলার (নদী) আঁকে-বাঁকে ক্ষীণ জলের রেখায় আলোর ঝিকিমিকি দেখতে দেখতে পৌঁছলাম



গোপাবিল ঝিল



বুধসুব্বা মন্দির

ভোজপুরী হোটেলে। নেবিকো বিস্কিট সহযোগে ক্যামেলিয়া সিনেনসিস চা পান সমাপ্ত করে বেরিয়ে পড়লাম গন্তব্যের উদ্দেশে।

ভেদেতার ও কোশী জোনের মাঝ-বরাবর যে-রাস্তাটি গিয়েছে নমস্তে ঝরনার দিকে, তার দু'পাশে ছায়াঘেরা মরশুম বারোমাস। নেপালের জাতীয় ফুল রডোড্রেনডনের বাহার অধিকাংশ জায়গা জুড়ে। একে 'King of Shrubs'ও বলা হয়। নিম্নমুখী হলুদ ধুতুরা ফুল এখানকার অন্যতম আকর্ষণ। শাল, শিশু, বাঁশ, পাইন ও পপলারের সমাহারে যেন বৃক্ষকথার অপূর্ব কাব্য রচিত হয়েছে। পাথুরে ভূখণ্ড হলেও প্রাণের প্রাচুর্য আছে। বাবুল বা বাবলা এবং বহেড়া গাছও অপ্রতুল নয়। স্থানীয়রা বাবুল গাছের পাতা ও বাকল রক্তক্ষরণ বন্ধ করবার জন্য ব্যবহার করে। এবং সাবানের পরিবর্তে বাকল ব্যবহারও অপ্রচলিত নয়। এই গাছের ফুল অনেকটা লজ্জাবতী ফুলের মতো দেখতে। বহেড়া গাছের ফল ডিম্বাকৃতির হয়—বেতের ফলের মতো। ফল ও ফলের শাঁস ওষুধ হিসাবেও ব্যবহৃত হয়। স্থানীয়রা এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষরা আনন্দের জন্য এই ফলের শাঁস খেয়ে থাকে।

কোশী হাইওয়ে ধরে সর্পিল গতিতে অটো আধঘণ্টার মধ্যেই পৌঁছে দিল নমস্তে ঝরনার মুখে। জলপ্রপাতের শব্দে পাখিদের কলরব চাপা পড়ে গিয়েছে এখানে। ৮০ মিটার উচ্চতা থেকে ঝরে পড়ছে দুধ সাদা জল। রঙবেরঙের পাথর ইতস্তত বিক্ষিপ্ত। পর্যটকদের ভিড়ে বরফশীতল জলও যেন মরুর উত্তাপ বয়ে নিয়ে এসেছে। দুর্গম পথের যাত্রী যারা, তারা অবশ্য উচ্চতাকে উপেক্ষা করেই এগিয়ে চলে। অনেকেই স্নান সেরে নিচ্ছে ঝরনার দুরন্ত স্রোতে গা ভাসিয়ে। আমরা তখন ছবি তুলতে ব্যস্ত। তরু বনশ্রীর মর্মর আর নির্জন মনশ্রীর রূপকথা শোনার অবসর সেখানে খুব কম। জলপ্রপাতের কাছে রামধনুর মতো যে সাতরঙা দৃশ্য উদ্ভাসিত হয়ে উঠছে ক্ষণে ক্ষণে, তার চমক দেখবার জন্য দূর-দূরান্ত থেকে মানুষ ছুটে এসেছে পল্লবপ্রান্তে, জনহীন সংকেতস্থানে। বাঁচবার সার্থকতা এখানেই। জীবন ছোট নয়, স্মৃতিলিপ্ত নির্বাচিত ঘটনার প্রতিকূলে হাজারো বাধাবিপত্তির সমাহার তুচ্ছ করে 'লালি গুরাস'-এর মতোই হয়ে ওঠে ভালোবাসার অভিজ্ঞান। তারই ডাকে নিরন্তর কানে বাজে আনন্দবেদনার ভৈরবী। ফেরার সময় নেপালি চকোলেট খেতে খেতে আর এসব কথা ভাবতে ভাবতেই সূর্য অস্ত গেল।

# আমাদের ঘরবাড়ি



ASANSOL, INDIA
SUSHIL BANDOPADHYAY

ভারতীয় স্টেট ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত আধিকারিক। প বঙ্গের বিভিন্ন স্থানে চাকরি সূত্রে যেতে হয়েছে। লেখালেখি শুরু স্কুলের দেয়াল পত্রিকা থেকে। প্রকাশিত গ্রন্থ পাঁচটি।



পিরিতি নগরে বসতি করিব পিরিতে বান্ধিব ঘর-বলেছিলেন দ্বিজ চন্ডীদাস। একটা ঘর বাঁধার সাধ মানুষের চিরকালের। মানুষের জীবনে যা যা সুখস্বপ্ন থাকে ঘর বাঁধা তাদের মধ্যে অন্যতম প্রধান স্বপ্ন। এই বিশাল সংকটময় বিপদশঙ্কুল পৃথিবীর কোন একটি ক্ষুদ্র অংশে নিজের মতো করে একটি বাসা তৈরি করে পরিবার পরিজনকে নিয়ে একান্তে জীবনযাপনের মধ্যে মানুষ খুঁজে পায় এক অনাবিল সুখ,নিজেকে আরো সুরক্ষিত,সংগঠিত ও স্বাধীন মনে করে। সে মনের মতো করে সাজিয়ে তোলে সেই ঘর,মনে হয় যেন পৃথিবীর সব সৌন্দর্যকে একটু একটু করে তুলে নিয়ে আসে সেই ছোট্ট আশ্রয়স্থলে। চারপাশে শোভা পায় গাছগাছালি, সেখানে আসে নানারকম পাখি,প্রজাপতি,কীটপতঙ্গ। বাড়ির সামনে উঠোন,খেলাধুলোর জায়গা। আমরা ছোটবেলায় পড়েছি-আঙিনায় কানাই বলাই রাশি করে সরিষা কলাই। মাথার উপর নীলাকাশ,মেঘ,চাঁদ আর রাতের কোলে অসংখ্য তারা। ঘরময় ছুটে বেড়ায় কচিকাচারা,তাদের কোলাহলে আনন্দময় হয়ে ওঠে ছোট্ট পরিসর। সারাদিনের ক্লান্তির পর মানুষ যখন ঘরে ফিরে আসে তখন অনুভব করে এক অদ্ভুত প্রশান্তি। বাড়ির মানুষজন অপেক্ষা করে থাকে তার আসার। বাসা ছোট হলেও ক্ষতি নেই। সেখানে শান্তি এক আকাশ। কারণ সেখানে আছে স্বামী স্ত্রী, সন্তান সন্ততি ও প্রিয় পরিজনেরা। আর আছে নিজের হাতে পরিচর্যা করা গাছগাছালি ও বিভিন্ন পোষ্যরা। ঘর বলতে তাই শুধু চারদেয়ালে ঘেরা মাথার উপর ছাদযুক্ত নিছক একটা আশ্রয়স্থল নয়,একটা স্বপ্ন,একটা আদর যত্ন,স্বাধীনতা উপভোগের আনন্দক্ষেত্র। আজকের দিনে বুদ্ধিমান মানুষ সর্বাধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে লক্ষ লক্ষ কোটি টাকা দিয়ে বড় বড় কংক্রিটের বাড়ি তৈরি করছে, তৈরি হচ্ছে এক একটা বিস্তৃত জায়গাজুড়ে আধুনিক সোসাইটি, কিন্তু সেই আকাঙ্ক্ষিত প্রশান্তির যেন কোথাও একটা খামতি থেকেই যাচ্ছে,তাদের যেন ঠিক বাড়ি বা ঘর বলে মনে করতে পারা যাচ্ছে না,মনে হচ্ছে যেন "কি নেই", "কি নেই" । কথায় বলে -মাথার উপর ছাদ। এই এক চিলতে ছাদের জন্য একসময় আমরা দেখেছি দেশের মানুষের কি অদম্য সংগ্রাম। হাজার হাজার হতদরিদ্র, নিঃস্ব,উদ্বাস্তু মানুষের কোন থাকার জায়গায় ছিল না। পুরোনো মন্দির, রাজারাজড়াদের ধ্বংসস্তূপে পরিণত দালান,গাছতলা এগুলোই ছিল তাদের ঘর। তারপর জঙ্গল কেটে জলাভূমির উপর মানুষ যে যেখানে পেরেছিল জায়গা দখল করে ঘর বানাতে শুরু করে। মাথার উপর থাকতো টিনের চালা,যা বর্ষাকালে বৃষ্টিকে আটকাতে পারতো না। দেয়াল বলতে ছিল দরমার বেড়া। জলাভূমি, তাই মাটিতে শোয়া যেতো না। সাপখোপের ভয়ে ঘরের মধ্যেই মাচা বানিয়ে শুতে হতো। কোথাও হয়তো কাঁচা মাটির দেয়ালের উপর হোগলা পাতার বা খড়ের ছাউনি থাকতো। কোথাও বা কাঠ বাঁশ পাতা দিয়ে কুঁড়ে ঘরের মতো ঘর বানানো হতো। এখনো কলকাতার বুকে ত্রিপল,প্লাস্টিক দিয়ে তৈরি ঝুপড়ি দেখা যায়। বিনয় ঘোষের বই এ পুরোনো দিনের কলকাতাতেও ঊনিশ শতকের প্রথমার্ধে প্রচুর কুঁড়েঘর ছিল বলে জানা যায়। মাঝে মাঝে অবশ্য সাহেবদের তৈরি দু একটা নামিদামি দালান ঘর মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকতো কিন্তু সেগুলি চারপাশের ফাঁকা জলাজমিতে ঠিক খাপ খেতো না। ঘর বলতে সে সময় বোঝাতো মাথা গোঁজার কোনরকম একটা ঠাঁই। তখন সমাজে বিলাসব্যাসনের অলিখিত অধিকার ছিল শুধু রাজারাজড়া,জমিদারদের। সাধারণ মানুষের কাছে সে সময় দালান ঘর ছিল একটা

অবান্তর স্বপ্ন মাত্র। একটি বাউল গানে পাওয়া যায়-একদিন মাটির ভিতরে হবে ঘর,রে মন আমার,কেন বান্ধ দালান ঘর। না পাওয়ার ব্যথা সেখানে নিহিত আছে।

আজকের দিনে বিভিন্ন সরকারি প্রকল্পের মাধ্যমে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত বা দরিদ্র শ্রেণীর জন্যেও বাড়ি তৈরির নানা প্রকল্প আছে। কিন্তু একসময় হাজার হাজার মানুষকে অন্যের আশ্রয়ে,অপমানিত,কুন্ঠিত হয়ে বাস করতে হতো । অনেকসময় বাড়িভাড়া দেওয়ারও ক্ষমতা থাকতো না তাদের। ভাড়াবাড়ি নিয়ে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত শ্রেণীর সংগ্রামের ইতিহাস বিভিন্ন গল্প উপন্যাস ও সিনেমায় ধরা আছে। এখনো আমাদের চোখে ভেসে ওঠে ধ্বংসপ্রায় পলস্তরা খসা বাড়িগুলির ছবি,যার ভেতরে ভাড়াটিয়া উচ্ছেদের করুণ ইতিহাস রচিত হয়ে আছে প্রতিটি ইটের খাঁজে। জ্যোতিরিন্দ্রনাথ নন্দীর 'বারো ঘর এক উঠোন' নামক গ্রন্থে আমরা দেখতে পাই কিভাবে এক পরিবার বাড়িভাড়া মেটাতে রোজগারের শেষ সম্বল সেলাই মেশিনটি পর্যন্ত বেচে দিতে বাধ্য হচ্ছে। এসবই নিজস্ব বাড়ি না থাকার পরিণাম। আমরা জানি বাড়ি ভাড়া মেটাতে না পারায় মহাকবি মাইকেল মধুসূদন দত্তকেও কিভাবে অপদস্ত হতে হয়েছিল। আমরা সিনেমায় দেখতাম বাড়ি ভাড়া অনেকদিন বাকি পড়ার পরেও তা শোধ করতে না পারলে নিষ্ঠুর ঘরমালিক অসহায় ভাড়াটিয়ার জিনিসপত্র কিরকম ছুঁড়ে ছুঁড়ে রাস্তায় ফেলে দিচ্ছে। না হয় দেখা যেতো যৌথ পরিবারগুলিতে কোন রকম অশান্তির সৃষ্টি হলে চিহ্নিত কাউকে পরিবারসহ বাড়ির বাইরে বের করে দেওয়া হচ্ছে। এসবই হচ্ছে নিজস্ব একটা বাড়ি না থাকার পরিণাম। আসলে তখন বেশিরভাগ পরিবারগুলিই ছিল যৌথ পরিবার, তাই ঘরবাড়িও বেশি ছিল না,একটি বাড়িতেই অনেক মানুষ বসবাস করতে পারতো। সমাজব্যবস্থা ছিল প্রধানতঃ কৃষি ও পশুপালন ভিত্তিক,যার জন্য প্রয়োজন বেশি বেশি মানুষের। বড় বড় বাড়িগুলির মাঝখানে থাকতো মস্ত উঠোন। একপাশে থাকতো বড়সড় রান্নাঘর যার ভেতর থাকতো বাড়ির চাষে তৈরি আনাজপত্র,বড়বড় হাঁড়ি কড়াই। রান্না করতে হতো কয়েকজন মিলে। উঠোনের একদিকে থাকতো গোয়ালঘর। সেখানে থাকতো কালো ধলো দুধেল গাই। একপাশে ধানের গোলা বা মরাই রাখার ঘর,মুনিস চাকরদের বসাওঠার ঘর। আরো একটি ঘরে লাঙল ইত্যাদি চাষের সরঞ্জাম রাখার ব্যবস্থা থাকতো এইসবগুলো নিয়েই হতো বাড়ি। বাড়ির পিছন দিকে খিড়কি দুয়ার যা দিয়ে যাওয়া যেতো পুকুর ঘাটে বাসনকোসন ধোয়াযর জন্য বা স্নান করার জন্য। উঠোনের মাঝখানে তুলসীতলা। নিত্যদিন সন্ধ্যায় সন্ধ্যাপ্রদীপ দেখানো হতো। ঠাকুর ঘরে বেজে উঠতো শাঁখ। অতিথীদের জন্য ছিল বৈঠকখানা। সেখানে মজলিস হতো,গানবাজনা হতো। আপ্যায়নের জন্য থাকতো পিঠে পায়েস,গুড়ের সন্দেশ,দুধ দৈ,চিঁড়ে,আম,জাম,কাঁঠাল ইত্যাদি ফলমূল। তারপর সময়ের পরিবর্তন হয়েছে। সেই অন্ধকার গুহাবাস থেকে আজকের গগনচুম্বী অট্টালিকা পর্যন্ত ঘরেও এসেছে অনেক পরিবর্তন। আধুনিক ঘর হলো ফ্ল্যাট। লিফ্টে করে দশ তলা বারো তলায় উঠলে তবে সেই ঘরে যাওয়া যায়। সেখানে সদর দরজা খুললেই আর যাতায়াতের চেনা রাস্তা খুঁজে পাওয়া যায় না। যখন তখন চাঁদ তারা দেখা যায় না। পাড়া বেড়ানো নেই। সবাই একসাথে থেকেও কেমন বিচ্ছিন্ন। গাছগাছালির মধ্যে দাঁড়িয়ে থাকা সেই রাজকীয় বাড়িগুলির মতো বড় বড় স্তম্ভ নেই, খিলান নেই, দেয়াল জুড়ে সেই কারুকার্য বা ম্যুরালস নেই, গাড়ি বারান্দা নেই, ঠাকুর দালান নেই। তবে প্রযুক্তি ব্যবহার করে সেখানে আছে অত্যাধুনিক আসবাবপত্র,আকর্ষণীয় আরামদায়ক ব্যবস্থা। যৌথ পরিবার গুলি ভেঙে ভেঙে যতোই নিউক্লিয়ার পরিবার তৈরি হয়েছে শহরাঞ্চলে ততোই বেড়েছে ফ্ল্যাট বাড়ির সংখ্যা। জায়গার অকুলান, তাই বুদ্ধিমান মানুষ একই বাড়ির মধ্যে জায়গা করে দিয়েছে অনেকগুলি পরিবারের। সর্বাধুনিক ঘরের রূপ হচ্ছে এখন আবাসন। একেকটি উন্নততর গ্রামের মতো। সেখানে দোকান বাজার যেমন আছে,তেমন আছে সেলুন,সুইমিং পুল,স্কাই ওয়াক,খেলার মাঠ,প্রার্থনা রুম,ক্লাব হাউস,পূজো মন্ডপ ইত্যাদি। অর্থাৎ কিনা একদিক থেকে আবার যেন মানুষ সেই যৌথ পরিবারের দিকেই এগিয়ে যেতে চাইছে। এ যেন সেই চন্ডীদাসের 'ঘর কৈনু বাহির,বাহির কৈনু ঘর' এর মতো অবস্থা। একদিকে নিজের ঘর একটা থাকতে হয় আছে,মানুষ চষে বেড়াচ্ছে সারা দুনিয়া, আজ ইংল্যান্ড তো কাল রাশিয়া। নয়তো নির্জন ঘরের এককোনে পড়ে আছে দুই বুড়োবুড়ি। সন্ধ্যায় দোকানে গিয়ে চারখানা রুটি কিনে আনছেন,দুধ গরম করে খেয়ে নিচ্ছেন রুটি। সে বাড়িতে ডাকলে সাড়া পাওয়া যায় না এখন। কোলাহল নেই,সেই উৎসব অনুষ্ঠান নেই। চারপাশের দেয়ালগুলো যেন হয়ে উঠছে বিভীষিকা, ভৌতিক বাতাবরণের সৃষ্টি করছে তারা। কেউ কেউ এই পরিস্থিতি, এই একাকীত্ব এড়াতে চলে যেতে বাধ্য হচ্ছেন বৃদ্ধাশ্রমে। নিজের সাধের তথাকথিত বাড়িটি পড়ে থাকছে পেছনে। আর যাঁরা তাও পারছেন না তাঁদের সেই বাড়িটিই হয়ে উঠছে শেষ পর্যন্ত এক একটি বৃদ্ধাশ্রম।

আবার অন্যদিকে কোন সৌখিন আধুনিক মানুষ হয়তো একটু একটু করে যেন সারা পৃথিবীকেই ফ্ল্যাটে নিয়ে এসে সাজিয়ে রাখতে চায়। মিটিয়ে নিতে চায় নানা অপ্রাপ্তি। যথাসম্ভব একটি ঘরের পরিবেশ তৈরি করার আপ্রাণ চেষ্টা । মানুষের উপভোগ্য কোনকিছুরই অভাব নেই সেখানে। তবুও যেন সব পাওয়ার মাঝে কিছু না পাওয়া থেকে যায়। মানসপটে ভেসে ওঠে সেই কোলাহল,সেই প্রীতিবন্ধন। মন থেকে সেই দরমার বেড়া দেওয়া ঘরের ছবিটি যেন কিছুতেই হারাতে চায় না। কবি অমিয় চক্রবর্তীর ভাষায়

**বাড়ি ফিরছি**
**জারুলের বেড়া; কাঁকর পথ থামবে দরজায়;**
**আমার পৃথিবী এখানেই শেষ।**

# বাংলা সংস্কৃতি একবিংশ শতাব্দীতেঃ প্রাসঙ্গিক রবীন্দ্রনাথ



MALDA, INDIA
ANIRUDDHA BASU



রবীন্দ্রনাথের জন্মের প্রায় দেড়শ বছররের ওপর অতিক্রম করার পর একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে সময় হয়েছে আরেকবার বাংলা সংস্কৃতির দিকে ফিরে তাকাবার।

আমি অন্তত আজকের প্রতিষ্ঠিত অস্তিত্ব সংকটে জর্জরিত কোনও ‘মহান কেউকেটা’ সংস্কৃতির বাহক নই, যে কালচক্রের টাইমে-মেশিনে নিজেকে স্তগিত, রুদ্ধ, বদ্ধ করে বলব “রবীন্দ্রনাথ ছাড়া তো আমরা কিছুই ভাবতে পারি না”। সেটা রবীন্দ্রনাথের মহত্বের কাছে নতি স্বীকার, না নিজেদের দৈন্যতাকে আড়াল করার চেষ্টা, বোঝা শক্ত। নিজেদের শূন্যতাকে রবীন্দ্রনাথের মলাট দিয়ে পাতযগ্য করে তুলতে। রবীন্দ্রনাথের মহত্ব নিয়ে বিশদভাবে লেখা ও বলা হয়েছে। তাই ওনার প্রতিভা বা সৃজনীশক্তি সম্বন্ধে কিছু বলা নিষ্প্রয়োজন। প্রাসঙ্গিক তারা, যারা রাবিন্দ্রিক অলংকারে ভূষিত হয়ে ক্ষয়িষ্ণু বর্তমান সংস্কৃতির বাহক হয়ে দাঁড়িয়েছেন। প্রশ্ন জাগে রবীন্দ্রোত্তর যুগে বাংলা সংস্কৃতি কতখানি এগিয়েছে।

গৌরবোজ্জ্বল বাংলা সংস্কৃতির অগস্ত্যযাত্রা বেশ কিছুদিন আগেই শুরু হয়েছিল। বিশ শতকের স্বর্ণযুগের অবসানে তা এক নতুন মাত্রা পেল। একবিংশ শতাব্দীতে কিছুটা এগনোর পর বেশ বোঝা যাচ্ছে, মিডিওক্রিটিদের দাপটে সেই সংস্কৃতি যৌবনের অন্তেই জীবনের শেষ প্রান্তে এসে পৌঁছেছে, বার্ধক্য-জাতীয় কোনও বিশেষ পরিণতির তোয়াক্কা না করেই। ‘বাঙালি বা বাংলা’ বিষয়ক আধুনিকতা, বর্তমান ভৌগোলিক বাংলার মাত্র দু-আড়াইশো বছরের উপনিবেশ পর্বের অবদান। এই পর্ব একাই মহাভারতের সাপেক্ষে ‘আঠারোশো’। তার আর কী-বা দরকার, দুদিক থেকেই? গাঢ় আঁধারের এক সুদৃশ্য উত্তরীয় জড়িয়ে সমগ্র বাঙালি ক্রমশ কৈশোরের উচ্ছ্বাসে গোগ্রাসে গিলছে নিঃশেষ হয়ে যাওয়া সেই সংস্কৃতির উচ্ছিষ্ট। পুরনো দিনের কথায় আক্ষেপ আর অবসরে অশ্রুমোচন, কবিগুরুর জন্মদিন বা মৃত্যুদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন, আর ফাঁকে রামকৃষ্ণ, বিবেকানন্দ, উত্তমকুমার, কিশোরকুমার আর পঞ্চম সন্ধ্যা পালন ছাড়া, আজ বুঝি বাঙালির কিছুই দেওয়ার নেই!

ছোটবেলার চেনা সুরগুলো এখন স্বর্ণ যুগের মুকুট পরেছে। আর দুঃসহ টিভি থেকে বেড়িয়ে আসছে বেসুরো রবীন্দ্রসংগীত আর স্বর্ণযুগের উচ্ছিষ্টের অংশবিশেষ। এ সুরগুলো তো বহুদিনের চেনা। কিন্তু কোথায় যেন একটা অসংলগ্ন ঝংকার বিটস ছন্দপতন ঘটাচ্ছে চেনা সুরের না-চেনা ব্যঞ্জনায়। থমকে দিয়েছে স্বভাবিক সুরের মূর্ছনা। ইন্দ্রিয়ে, নির্বাক অসহনীয় যন্ত্রণা। সুর তো প্রাণ স্পর্শ করা ছন্দের ব্যঞ্জনা। ব্যঞ্জনা আছে, সুর নেই। চাটুকারিতার চাকচিক্য আছে, প্রচারের ধামাকাও আছে, কিন্তু প্রাণ নেই। হার্টবিট বাড়াবার উপকরণ থাকলেও, হার্ট নেই। বিবর্তনটা অবশ্যম্ভাবী জেনেও, ট্র্যান্সিশনটা কেমন সুরহীন যন্ত্রাংশের ক্যাচক্যাচে আওয়াজ। মডার্ন রবীন্দ্রসংগীত। রবীন্দ্রনাথকে আধুনিক বাঙালি কালচারের অপারেশন থিয়েটারে নিয়ে কাঁটাছেড়ার নতুন নাম, ইম্প্রভাইসেশন।

আমি কী তবে বুড় হয়ে গেছি? ফেলে আসা অতীতের স্মৃতির বিস্মৃতি থেকে নতুন সুরে আর জাগতে পারছি না? স্বর্ণযুগের পরে কী শুধু রাবিন্দ্রিক অশ্রুমোচন? মেনে নিতে মন চায় না।

এ তো বেশিদিন আগের কথা নয়। গীতি রস মিশে যেত ভাবের অনুভবে। এরা কেউ রবীন্দ্রনাথ, নজরুল বা অতুলপ্রসাদ নয়। গৌরীপ্রসন্ন মজুমদার, শ্যামল গুপ্ত, ভাস্কর বসু, সলিল চৌধুরী বা পুলক বন্দ্যোপাধ্যায়। তাই থিরুমলের কণ্ঠে আধুনিক গান চিরায়িত সত্যের বাণী শোনাত ‘তোমার ভুবনে মাগো এত পাপ...’ কখনও আবেগে প্রেমিক যুগল গঙ্গার বুকে ভাসতে ভাসতে গেয়ে উঠত ‘কে প্রথম কাছে এসেছি’ বা

সলিল চৌধুরী সাজিয়ে তুলত সন্ধ্যার আবেশে মোড়া চিরশান্তির বনলতাকে 'শ্যামল বরনি ওগো কন্যা...' সুরকার, গীতিকারের কল্পনাকে ভাসিয়ে নিয়ে যেত। হেমাঙ্গ বিশ্বাস থেকে কমল দাসগুপ্ত - এক এক করে উঠে এসেছে প্রতিভার স্ফুরণ। রাইচাদ বড়াল, সলিল চৌধুরী, অনুপম ঘটক, সুধিন দাসগুপ্ত, নচিকেতা ঘোষ, অভিজিৎ বন্দ্যোপাধ্যায়। সলিল চৌধুরীর সৃষ্টির পেছনে অন্য এক গন সুরের অভ্যুত্থান - অরুণ বসু, মন্টু ঘোষ, দ্বিজেন মুখোপাধ্যায়, হেমন্ত মুখোপাধ্যায়। জাদু ছড়াচ্ছে একদল তরুণ তুর্কির ক্ষুরধার লেখায়, তার স্ত্রী জ্যোতি চৌধুরীর নিভৃত আশ্রয়ে। ষাটের গোড়ার দিকে ওয়েস্টার্ন সিম্ফনির আঙ্গিকে গড়ে উঠল নতুন ধাঁচের জীবনমুখী গান - অরুণ বসুর তত্বাবোধনে, রুমা গাঙ্গুলির নৃত্য পরিবেশনায় ক্যালকাটা ইয়ুথ কয়ার, যা ক্রমে বিকশিত হল পরিমল সেনের দক্ষ পরিচালনায়। মানুষের গান। জীবনের গান। প্রতি মুহূর্তের সুর মূর্ছনা এক অ-রাবিন্দ্রিক বিন্যাসে। সমান দক্ষতায় উঠে এল মারগিয় রসবোধ। কখনও নিখিল বন্দ্যোপাধ্যায়, কখনও রবিশঙ্কর, কখনও আলি আকবর, আল্লা রাখা, ভি জি যোগ, বড়ে গোলাম আলি খান সাহেব থেকে বিসমিল্লা খান। কিংবদন্তি অবিস্মরণীয় সৃষ্টি মাধুর্যে ভরিয়ে দিতে লাগল অনভুতির বাসনা। বুধাদিত্য মুখোপাধ্যায়, জয়া চৌধুরী, মনিলাল নাগ - অতীত যেন বর্তমানের নতুন স্ফুলিঙ্গে পাখনা মেলে ভেসে যাচ্ছিল ললিত গৌরী থেকে বাসন্তী কেদার হয়ে ভূপনাথ, শাওনি কল্যাণে। শুভ্র বরণ এক অনন্ত সময়ের সন্ধিক্ষণে দাঁড়িয়ে, নীরবতার বাতাবরণ সরিয়ে, সুরের সূক্ষ্ম কারুকাজ সাজিয়ে চলেছে, একদল যুগ স্রষ্টা। প্রভাতের স্তোত্র থেকে সন্ধ্যার দেবারতি। সুরের আরাধনার সময়ও যেন সুরকেই বলছে 'তুমি আমার ভোরের বেলা ঝিম দুপুরের দান... শেষ বিকেলে লালের ছোঁয়া নীল তারাদের গান'

সেই হারিয়ে যাওয়া তারাদের ভিড় থেকে, অনন্ত সময়ের কিছুটা ব্যাপ্তি পেরিয়ে, সেই 'নীল তারাদের গান' কী কেউ আজও খোঁজে? শুধু আমাদের মতো কালহীন সময়ের মাঝ-দরিয়ায় অকুলে ভাসা কিছু লোক? অতীতের পাল ছেঁড়া দমকা হাওয়ায়, ভেসে যাওয়া নৌকোটা, যেন অকুল সমুদ্রে ভাসছে, একটা নোঙরের আশায়। ক্ষণিক আয়ুর মধ্যে প্রাণ খুঁজছে বর্তমানের কাছে। অতীতের স্মৃতিকে পেছনে সরিয়ে, বর্তমান অন্ধকারের মধ্যে হাতড়ে বেড়াচ্ছে, একটা অস্পষ্ট অবয়ব। নতুন ছবি। নতুন চিত্রপটে। যা ভাসিয়ে নিয়ে যাবে জীবলোকের চাওয়াকে এক নির্দিষ্ট মোহনায়। খালি মোহনার ঠিকানাটা এখনও জানি না। তারাদের পূর্ণতার আস্ফালনে তো শুধুই শূন্যতার রাগ শুনতে পারছি। হাজারও লোকের ভিড়ে কোথায় যেন অন্তরের নির্জনতা আমাকে গ্রাস করছে। যা নিয়ে দাঁড়িয়ে আছি এক বেলাভূমির তেপান্তরে, নির্জনে, সহস্র কোটি গাছের বনাঞ্চলের মধ্যে। একটু রং চাই। একটু ছন্দ চাই। একটু সুর চাই। নাই বা হল দয়িতার হাতে হাত রেখে 'আকাশ পানে চেয়ে চেয়ে সারা রাত জেগে জেগে' স্বপ্ন দেখার ভিড়। দমকা হওয়ার মতো নতুন সুরের ব্যঞ্জনা এঁকে যে লোকটি এসেছিল,'এই যে দেখেছি আবছায়াটা লাগছে ভাল, ঘরের কোনে একটি মাত্র মোমের আলো... কার তার কী? আমরা যদি এই আকালেও স্বপ্ন দেখি', সেই সুমনও স্বপ্ন হারিয়ে অস্তিত্ব সংকটে মাঝ দরিয়ায় ঘুরপাক খাচ্ছে। এ-দল ও-দল পাল্টে, অশুভ আঁতাতে, সৃষ্টিকে বিসর্জন দিয়ে, দেশোদ্ধারের কনফিউজড স্লোগানে হারিয়ে গেল, হাল ধরার অক্ষমতায়।

বিভূতিভূষণ, প্রেমেন্দ্র মিত্র, জীবনানন্দ, এক নতুন চেতনার স্ফুরণ। অনেকাংশে রবীন্দ্রনাথের থেকেও এগিয়ে। কিন্তু মানসিক দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ বাঙালি এদের থেকে সাহেবি উপাধিকে বেশি গুরুত্ব দেয়। তাই কালচক্রের আবর্তনে এরা ম্রিয়মাণ। ফাইন্যানশিয়ালি এরা নন-বেনিফিশিয়াল। তাই ওদের ভুললে ক্ষতি নেই। বরং রবীন্দ্রনাথকে আঁকড়ে যদি কিছু কামিয়ে নেওয়া যায়, সেটাই শ্রেয়। কবিগুরু তাই সৃষ্টির দূত থেকে বাণিজ্যিক ভূতে রূপান্তরিত, সংস্কৃতির দিকপালদের আধুনিকতার উল্লাসে। বোতলপুর হয়ে উঠল এলিটদের কালচারল পীঠস্থান। নাই বা পড়া হল রবীন্দ্রনাথ। নাই বা বোঝা হল তাকে। রাবিন্দ্রিক উত্তরীয় জড়িয়ে স্কচের গ্লাসে চুমুক দিলে সামাজিক স্ট্যাটাস বাড়ে!

সৃষ্টি যখন মিডিয়ার ঘেরাটোপে, যখন লাখ লাখের পাবলিসিটি ব্যানার ফেস্টুন লাগিয়েও ছবি বাজারে চলেছে না। তখন খারাতপ্ত অস্তিত্ব সঙ্কটে হঠাত শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ব্যোমকেশ জাদু ছড়াল। ভাসিয়ে দাও সেই স্রোতে নিজেদের। বক্স অফিসে ভরাডুবি হবে না। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ব্যোমকেশের চর্বিত-চর্বণ করে, সিরিস বানিয়ে সিনেমা বাজারে ছাড়তে থাক। মধ্যরাতের পার্টি আর পেজ থ্রি তে অস্তিত্ব বেঁচে থাকবে। আর কিছু না হোক, খেয়ে-পরে টিকে থাকা যাবে। যেন শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশ ছাড়া আর কিছুই লেখেনি!

কর্পোরেট আবহে গড়ে ওঠা কিছু সাহিত্যিক ও কবি বেরিয়ে এলেও, শেষ পর্যন্ত বাজারি কাটতির দিকে চেয়ে, কেউ গুণগত মান ধরে রাখতে পারেনি। সমরেশ বসু, রামাপদ চৌধুরী, গৌরকিশোর ঘোষ, নাবারুন ভট্টাচার্য, সন্তোষ ঘোষ, সুবোধ ঘোষ, সুনীল, শক্তি, শীর্ষেন্দু, অতিন, বিমল করের পর বুঝি বাংলা সাহিত্য আজ ভরাডুবির মুখে। ১৯৪০ যে লিটল ম্যাগাজিন আন্দোলন শুরু হয়েছিল, তা তীক্ষ্ণ তীব্রভাবে হুঙ্কার ছাড়ল ১৯৬০ সালে, নিজস্ব আঙ্গিকে, নিজেদের স্বতন্ত্রতা নিয়ে। অসীম রায়, দিপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (শোক মিছিল), হাংরি গ্রুপের মলয় ও সমীর রায়চৌধুরী, অরুনেস্বর ঘোষ, শৈলেস্বর ঘোষ, বাসুদেব দাসগুপ্ত, তুষার রায়, ফাল্গুনি রায়, সুভাষ ঘোষাল, সুব্রত মুখোপাধ্যায় এরা তো কর্পোরেট পুষ্ট লেখক নন। তাই এদের পরিচিতি সীমিত। ১৯৬০ থেকে ১৯৮৪ পর্যন্ত এই টেনাপড়েনের মধ্যে আনন্দবাজারের গ্রুপের পাশে প্রতিদ্বন্দ্বী আরেকটি সংস্থা ছিল - যুগান্তর। ১৯৮৪ তে সেই যুগান্তর পত্রিকা বন্ধ হওয়ার পর, আনন্দবাজার বাংলার সাহিত্যের একমাত্র মুখপত্র। তারা যাকে প্রজেক্ট করবে, তারাই সাহিত্যিক। তার বাইরে সাহিত্য হয় না। সেদিন থেকেই শুরু হল স্খলন। একাধিপত্য, নিজেদের ছাঁচে লেখক তৈরির কারখানা। সাহিত্যের বিবর্তনে অনেক নাম বাজারে বিক্রি হল। অনেক সাহিত্যিক সন্দেশের ছাঁচে তৈরি হল। কর্পোরেট ভাষার স্লোগানে নিজের স্থান করে নিতে। কিন্তু কেউ রেখাপাত করতে পারল না। মানুষ নতুন কিছু খুঁজছে, যা এরা দিতে অপারগ। পাবলিসিটি এল, সিনেমা হল - কিছু আবার স্টারও হলেন।

কিন্তু সাহিত্য তো স্টারডম নয়, নিজস্ব সৃষ্টি। নিজস্ব চিন্তাধারাকে কর্পোরেটের নরম মখমলে স্টারডমে বিক্রি করে খ্যাতনামারা আরও প্রখ্যাত হলেন। হারিয়ে গেল সৃষ্টি। হারিয়ে গেল কৃষ্টি। নিজেদের ঘিলুকে বিক্রি করে, ভুরি ভুরি অর্থহীন লেখা লিখে, বছরের আয় গুনলেন কর্পোরেট ছাঁচের সুদৃশ্য ওড়না জড়িয়ে। নাম, টাকা, স্টারডমের বিনিময় সাহিত্য কখন ব্যাকসিট নিলো, বুঝতেও পারলেন না। কিংবা চাইলেন না। যুগান্তকারী

সৃষ্টি তো অর্থের মায়াজালে হয় না। যুগান্তকারী সৃষ্টি তখনই সম্ভব, যখন নিজের খেয়ালে, একান্ত নিজস্ব তাগিদে, অন্তর থেকে বেরিয়ে আসে। রবীন্দ্রনাথের লেখা সেকালে বিক্রি না হলেও, আজকের যুগে প্রাসঙ্গিক। কেন? হয়ত স্থান-কালের গণ্ডী ছাড়িয়ে চেতনার ব্যাপ্তিতে, সময়ের ঘেরাটোপ থেকে বেরিয়ে, মুক্ত বিহঙ্গের মতো ভেসে বেড়াতে পারে, টাইম-মেশিনের পরিমাপ ছাড়িয়ে। কর্পোরেট মায়াজালে সে অবকাশ কোথায়?

সাবালক বাঙালি আবার নাবালকের আনন্দে ফিরে গেল। হারিয়ে গেল সেরিব্রাল ম্যচুরিটি অর্থাৎ মানসিক সাবালকত্ব, মানসিক বিস্তৃতি। সাহিত্য তখনই সাবালকত্ব অর্জন করে, যখন অজানা অচেনা দিকগুলো সাহিত্যের মধ্যে প্রকাশিত হয়। এখন বাঙালি কৃষ্টির বাহক সিরিয়াল, মিরাক্কেল, বিগ বস, ভুল তথ্য সমৃদ্ধ দাদাগিরি। বাঙালি ভুল শিখছে। ক্ষতি নেই। বাঙালি তো মিডিয়ায় স্টার হচ্ছে। চিন্তাধারা এখন ফেসবুকের সেলফি আর হোয়াটস অ্যাপে সীমাবদ্ধ। বাকিটা সময় স্পন্সরড মিডিয়ার পলিটিক্সের চর্বিত চর্বণে ভারাক্রান্ত। সৃষ্টির আগে সেলিব্রিটি হতে হবে। তাই সাত সকালে বোঁচকা কাঁধে বেড়িয়ে পড় মিডিয়া বাবুদের পদলেহন করতে। গতিহীন ঘূর্ণিপাকে চিন্তাশক্তি ফিউজড। হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে, ইন্ডিয়া ফরগট ইয়েস্টারডে।

আমারা একবিংশ শতাব্দীতে পৌঁছে গেছি। বিবর্তন হয়েছে আমাদের চিন্তাধারার। বিবর্তন হয়েছে সাহিত্যের। প্রশ্ন ওঠে কোনটা সমাদৃত? কোনটা হাইপ? কোনটা পূর্ণতা? কোনটা বিক্রির পণ্য? সেই চিন্তাশক্তি কেড়ে নিয়েছে ইডিয়েট বক্স। রুঢ় সত্যটা মানুষ দেখতে চায় না। ভয় পায়। তারা ভালবাসে আলো-আঁধারিতে থাকতে। সত্যকে এড়িয়ে যেতে। রূঢ় বাস্তব যে বড় নিষ্ঠুর কঠোর ভাবাবেগ বিচ্ছিন্ন। অর্থ থাকতেও, অস্তিত্ব সঙ্কটে বিজড়িত কিছু 'নতুন বাবু' উঠে এল কালচারাল মজলিসে নজরানা ছুড়তে। মেহফিল সাজাতে দিনে-রাতে-প্রকাশে-অলক্ষ্যে। স্পন্সরড মিডিয়ার কারুণ্যে কিছু সেলিব্রিটি বাজারে বিকতে এল। সৃষ্টিকে পেছনে ফেলে সেই দিনরাতের মেহফিলে নিজেদের বিক্রি করার জন্য বহু মিডিওক্রিটি আশ্রয় নিলো। স্টার হল। একটু লাইমলাইটের জন্য যে কোনও মূল্যে বিকতে প্রস্তুত। আচ্ছা, রবীন্দ্রনাথ কী সেলিব্রিটি ছিলেন? নিশ্চয়ই নয়। 'এ তো হাটে বিকবার নয়... কণ্ঠে দিব আমি তাঁরে... যারে বিনামূল্যে দিতে পারি' । নজরুলের আভরণে তারা নতুন সুর ভাঁজল 'আমি অর্থের গান গাই, আমার চক্ষে টাকাই সত্য, টাকা ছাড়া আমি নাই' সাহিত্যের নামে রবীন্দ্রনাথ বিকচ্ছে স্পন্সারসিপের নিলামে। তার ভুল তত্ত্ব বিক্রি হচ্ছে। বেস্টসেলারের হচ্ছে। ওনাকে পড়েই তো রবীন্দ্রনাথকে জানলাম" হায় পোড়া কপাল দিকশূন্যহীন বাঙালির। এখনও চিনতে শেখেনি শূন্যতার কেন্দ্রবিন্দু?

তোতা কাহিনির বাইরে আসল সত্যকে! রাবিন্দ্রিক দর্শন নয়, রাবিন্দ্রিক কেচ্ছা হুরমূরিয়ে বিক্রি হয়। বেস্টসেলার হয়। প্রশ্ন ওঠে, তাহলে কী এটাই বাংলা সাহিত্য? স্বামী বিবেকানন্দ আর নিবেদিতার রাসলীলা! কিংবা কথামৃত ভুলে রামকৃষ্ণর নারী দর্শন? 'সৃষ্টি তুমি আত্মদহনে জ্বল, যদি নতুন সুরে, নতুন তানে, না কিছু বলিতে পার'

তবে কী সে যুগেই সব ছিল? আজ এই যুগে কি আর কিছু নেই? যদি তাই হয়, তবে কেন আজ এই বিক্ষিপ্ত মন!

সময় হয়েছে রবীন্দ্রনাথ থেকে বেরিয়ে রাবিন্দ্রিক চেতনার ঊর্ধ্বে উঠে নতুন কিছু বলার। নইলে রবীন্দ্রনাথকে সঙ্গী করে ক্রমশ বাঙালির অপমৃত্যু। সেখানেই কৃষ্টির প্রগতি। চিত্তের মুক্তি। আগামী সংস্কৃতির নতুন চিত্রগাথা। নতুন প্রাণের জোয়ারে ভাসা বলিষ্ঠ চিন্তার। যা স্পন্দন তুলবে নিঃশব্দে, নীরবে, মনের দেওয়ালি উৎসবে। বন্ধুবর আশিস চট্টোপাধ্যায়ের কলমে তাই জীবন জিজ্ঞাসার স্বপ্ন আবার উঁকি দেয়ঃ

'জীবনের ঝরে পড়া ধানগুলো
খুঁটে খুঁটে খেয়ে চলে স্মৃতির পাখিরা
ওগো ব্যাধ তুলো না গাণ্ডীব
তার চেয়ে হও তুমি নীল বাতিঘর
দেখাও দিশার আলো নিশার আঁধারে'

অন্ধকারের দমকা আলোর রোশনাই-এর মধ্যে সেটাই তো আগামীর বীজ মন্ত্র। খরাতপ্ত আকালের মধ্যে বর্ষার না-চেনা মেঘমল্লার।

কবিগুরুর স্বপ্ন, তাঁর আড়ম্বরের মধ্যে নয়। নতুন চেতনার স্ফুরণে। 'এখন করিছে গান সে কোন নতুন কবি তোমাদের ঘরে?' দেড়শ বছর পরেও সেই বিশ্বচেতনার স্রষ্টাকে আমি খুঁজছি, সাহিত্যের পাতায় পাতায়, সৃষ্টির কাব্যগাথায়। যা প্রচারের দাপটে প্রকট না হয়েও সদা প্রোজ্জ্বল। হাজারও ব্যর্থতার মধ্যেও পথের দিশারি। আগামীর পাথেয়। নাই বা রইল উচ্ছ্বাসের ঘনঘটা। নাই বা রইল বর্ণের বর্ণচ্ছটা। ধূসর বর্ণহীন নিরাম্বরের মধ্যেই হোক সেই 'ব্যাথার পূজার সমাপন' নতুন চেতনার উদ্ভাসে। কবিগুরুর ইতিহাসের সাক্ষী রেখে, আগামীকে সীমা-অসীমের ধোঁয়াশা থেকে মুক্ত করে, নির্দিষ্ট মোহনায় পৌছতে পারবে। দোলাচলের বাইরে জীবাত্মা আর পরমাত্মার যুগলবন্দী। সাধনার পূর্ণতা। একমেবদ্বিতিয়ম 'সো অহং' ।

আলোগুলো নিভে গেছে। ফিউজটা জ্বলে গেছে প্রচারের দাপটে। মায়াবী রাতে, তারাদের দিকে উদাস চেয়ে বসে থাকি। স্বপ্নের তারাগুলোকে ছোঁয়ার আশায়। কবে আবার নতুন তারা ফুটবে? জীবনটা আবার নিওন আলোর বাইরে, নতুন চাঁদের আলো দেখবে? কবে আবার আজটা কাল হবে, পরশুটা আজ?

# রসিকথা



INDIA

DEEPAK CHAKRABARTI

আজ জীবনসায়াহ্নে। বলাটা বোধহয় ভুল হল, এত তাড়াতাড়ি কি করে সায়াহ্ন হয়ে যায়।  এই সেইদিনই তো অবসর নিলেন প্রায় জোরাজুরি করে। ভাগ্যিস ওঁনার হৃদয়ের পয়ঃপ্রণালীতে দু-দু'টো স্টেন্ট বসাতে হয়েছে, নইলে তো ছাড়াই পাওয়া যেত না। তাও কি যেত, অবসরের দরখাস্ত দাখিল করার পরে শত অনুরোধ-উপরোধের পরেও যখন আর অফিসের দিকেও গেলেন না, তখন প্রায় বাধ্য হয়েই কর্তৃপক্ষ অবসরের অনুমতি দিল, কিন্তু এক মাসের মায়নাসমেত আরও কিছু টাকা আটকেও রেখে দিল।

রসিকবাবুর তাতে অবশ্য কোনও অসুবিধা নেই, তিনি তাঁর ষাট বছর হয়ে যাওয়ার পর থেকেই আর চাকরী করতে চাইছিলেন না, সেটা তাঁর কর্তৃপক্ষকে জানিয়েও দিয়েছিলেন। কিন্তু, তাঁরা নানান অছিলায় ওঁনাকে আরও সাত বছর মত চাকরী করিয়ে নিল। কিন্তু, এই বয়সটাকে কি সায়াহ্ন বলা যায়! রসিকবাবুর "ওঁয়াওঁয়া" গ্রুপের বন্ধুরা যেই সব পোস্ট তাঁকে সরবরাহ করে থাকেন তাতে তিনি দেখেছেন যে ওঁনারা সবাই না কি এখনও যুবক। রাষ্ট্রপুঞ্জের কোন একটা বিভাগ না কি জানিয়েছে ৭০ বছর বয়স অবধি সকলেই যুবক। সেই নিয়েই এখন তাঁর স্কুলের এবং কলেজের বন্ধুদের লাফালাফি, সকলেই পঁয়ষট্টি পার করে যুবক যুবতী সেজে থাকতে চায়। তা'তে অবশ্য রসিকবাবুর কোনও অসুবিধা নেই। তিনি নিজেও তো অবসরের পরে পুরোদস্তুর রংচঙে পোষাক পরা শুরু করেছেন, ওঁনার স্ত্রী'র আপত্তি সত্ত্বেও। তাঁর মন ভীষণভাবে চাইলেও যা এতদিন তিনি পরতে পারেননি, ওঁনার কর্ম্মস্থলের পদমর্যাদা বজায় রেখে। পাড়ার মহিলারা তো এখন তাঁকে দেখলেই বলে



'রসিকদা, আপনাকে দেখে মনেই হয় না আপনার বয়স হয়েছে বলে'। কয়েকজন আরও এগিয়ে আরও বেশ কিছু কথা বলেন, যা আবার সর্ব্বসমক্ষে বলা যায় না।

কিন্তু, তাই যদি হ'ত, তাহলে সবাই কেন এত বাত-ব্যাধি'র গল্প করে। বিশেষ করে স্কুলের বান্ধবীরা সকলেই প্রায় বাতের ব্যাথায় কাবু। তাহলে আর যৌবন কি হল! কেউ যদি, বাঁধানো দাঁত পরে, হাতে লাঠি নিয়ে, চুলে, গোঁপে রং লাগিয়ে রঙীন হতে চায়, তাতে রসিকবাবুর কোনও আপত্তি থাকার কথা নয়, নেইও। কিন্তু, যুবক বলাটা একটু যেন বাড়াবাড়িই বলে মনে হয়। ফেলে আসা দিনগুলিকে আর হাজার চেষ্টা করেও কেউ ফিরিয়ে আনতে পারবে না। ট্রামে, বাসে দাদু'র বদলে কাকু ডাক শুনবে, এই পর্যন্তই।

আসলে পুরো ব্যাপারটাই মনের মধ্যে। স্টেন্ট বসানোর পর রসিকবাবু খুব দৃঢ়তা'র সাথে ঘোষণা করেছিলেন যে তাঁকে যেই পাঁচটি ওষুধ দেওয়া হয়েছে, সেটা তিনি এক বছরের মধ্যেই দু'টোতে নামিয়ে আনবেন। তিন মাস পরে প্রথম চেকআপেই দু'টো ওষুধের মাত্রা কমে যায়। পরের চেকআপে পাঁচটা'র জায়গায় চারটে, তৃতীয় চেকআপে তিনটে এবং বৎসরান্তে দু'টো। শুধু তাই নয়, ওঁনার ডাক্তারবাবু প্রেসকৃপশনে এক্কেবারে বড় বড় করে asymptomatic লিখে দিয়েছেন। এই এক বছরে ওষুধগুলো নিয়মিত খেলেও যেটার ওপরে তিনি জোড় দিয়েছিলেন তা' হচ্ছে এক ঘন্টা হাঁটা আর এক ঘন্টা ব্যায়াম। দিনকয়েক আগে তিনি যখন জীবিত থাকার প্রমাণ দিতে বিধাননগরে পেনশনের অফিসে গিয়েছিলেন তখন বেখেয়ালে দৌড়ে গিয়ে বিধাননগর করুণাময়ী বাস টার্মিনালে বাসে উঠেছেন। সব থেকে মজার কথা হ'ল, রসিকবাবুকে দৌড়াতে মধ্যেই দু'টোতে নামিয়ে আনবেন। তিন মাস পরে প্রথম চেকআপেই দু'টো ওষুধের মাত্রা কমে যায়। পরের চেকআপে পাঁচটা'র জায়গায় চারটে, তৃতীয় চেকআপে তিনটে এবং বৎসরান্তে দু'টো। শুধু তাই নয়, ওঁনার ডাক্তারবাবু প্রেসকৃপশনে এক্কেবারে বড় বড় করে asymptomatic লিখে দিয়েছেন। এই এক বছরে ওষুধগুলো নিয়মিত খেলেও যেটার ওপরে তিনি জোড় দিয়েছিলেন তা' হচ্ছে এক ঘন্টা হাঁটা আর এক ঘন্টা ব্যায়াম। দিনকয়েক আগে তিনি যখন জীবিত থাকার প্রমাণ দিতে বিধাননগরে পেনশনের অফিসে গিয়েছিলেন তখন বেখেয়ালে দৌড়ে গিয়ে বিধাননগর করুণাময়ী বাস টার্মিনালে বাসে উঠেছেন। সব থেকে মজার কথা হ'ল, রসিকবাবুকে দৌড়াতে দেখে কি ভেবে বাসের ড্রাইভার বাসটাকে ঘুরিয়ে দাঁড়

করিয়ে দিয়েছিল। বাসে বসার কোনওই জায়গা ছিল না, কিন্তু যুবক রসিকবাবু তাঁর বয়সটাকে কাজে লাগিয়ে প্রবীণ নাগরিকদের জন্য নির্দিষ্ট সীটের সামনে গিয়ে দাঁড়ালেন, যেখানে একজন বছর পঁচিশের ছেলে বসেছিল, রসিকবাবু তাঁকে উঠিয়ে দিয়ে নিজে বসলেন। পাশের সীটে একজন প্রৌঢ়া, বেশ ঝাঁঝিয়ে ঊঠেছিলেন, "আপনি তো বেশ দৌড়েই এলেন"। রসিকবাবু সাথে সাথেই বুঝে গেলেন যে তিনি ছেলেটির মা, একটু মুচকি হেসে বলেছিলেন, "এটা তো প্রবীণদের জন্যই"। তারপরে ভদ্রমহিলার মুখের দিকে তাকিয়ে বুঝতে পারলেন যে এখন এখানে একটু সতর্ক হয়েই বসতে হবে, বাস দুললেও ওঁনার দোলা চলবে না। কেস খেয়ে যাওয়ার সমূহ সম্ভাবনা। ভদ্রমহিলাও হয়ত ভাবছিলেন, 'যেভাবে লোকটা দৌড়ে এল, আমার ছেলেও বোধহয় নাগাড়ে এতটা দৌড়াতে পারবে না'। সে তিনি যাই ভাবুন, রসিকবাবুর এখন একদম দোল খাওয়া চলবে না বলে তিনি মনে মনে স্থির করে ফেলেছেন।

তবে হ্যাঁ! রসিকবাবুর কি মনে এখন আর দোলা দেয়না। অবশ্যই দেয়। ঐ যে ৭০ বছর অবধি যুবক, কারা জানি বলে দিয়েছে। তা সেই যুবক রসিক, একদিন সিনেমা দেখার মতলব করে নন্দন চত্বরে হাজির। ঢুকেই সে সোজা টিকিট কাউন্টারের দিকে হাঁটা দিল, গিয়ে দেখে ওখানে কোনও কাউন্টারই নেই। সবকিছুই বদলে গেছে। সেইখানে নানান ধরণের মুখোশ নিয়ে একজন মহিলা বসেছিলেন, তিনি জানালেন টিকিট এখন নন্দন থেকেই দেওয়া হচ্ছে। আবার উল্টো মুখ করে নন্দনের দিকে হাঁটার মুখেই লেবু-চাওয়ালা, যুবক রসিক এক কাপ চা নিতেই একজন ভদ্রমহিলা এগিয়ে এসে হাসি হাসি মুখে রসিকবাবুকে জিজ্ঞাসা করলেন, "আচ্ছা টিকিট কাউন্টারটা কোথায় জানেন?" রসিকবাবুর পুরুষত্ব জেগে উঠল, বললেন, "হ্যাঁ, আমি ওদিকেই যাচ্ছি। আপনিও দেখবেন নাকি?" মহিলা একটু হাসতেই রসিকবাবু তাঁর কলেজের ফাণ্ডা লাগিয়ে দিলেন। সময়টা যদি ভাল কাটে। তা কেটেছিল, ভালই কেটেছিল, পকেট সমেত। টিকিট পাওয়া না যাওয়ায়, মহিলাটি প্রস্তাব দিয়েছিল, হলদিরামে গিয়ে কিছু খেয়ে সময় কাটাবার জন্য। কিন্তু উনি যে দুর্ভিক্ষপীড়িত অঞ্চল থেকে এসেছিলেন সেটা ওঁনাকে দেখে রসিকবাবু বুঝতে পারেননি। যাই হোক, হলদিরাম থেকে বেড়িয়ে সেই মহিলা যখন বাস স্টপেজে তাঁর বাড়ী যাওয়ার বাস দাঁড়িয়ে আছে দেখতে পেয়েই দৌড়ে গিয়ে বাসে উঠে রসিকবাবুকে হাত নাড়িয়ে জানালেন যে পরশুদিন তিনি আবার আসবেন, তখন কি মনে করে পকেটে হাত দিয়েই রসিকবাবু বুঝতে পারলেন, তাঁর ওয়ালেট উধাও। খুচরো পয়সাগুলো তিনি সর্বদাই পকেটে রাখতেন, আর অবসরের পর থেকে কেনাকাটার ফেরত টাকাটা আর ওয়ালেটে ঢোকাতেন না বলে, সেই যাত্রায় বাসে করে বাড়ী ফিরতে পেরেছিলেন। নইলে ওঁনাকে সেইদিন রবীন্দ্রসদন থেকে পাটুলী হেঁটেই ফিরতে হ'ত।

হাঁটতে অবশ্য রসিকবাবুর কোনও অসুবিধা হ'ত না, শুধু এক ঘন্টার বদলে হয়ত তিন ঘন্টা হাঁটতে হ'ত। কোনও ললনা যে এতটা ছলনা করতে পারে সেটা রসিকবাবু বেশ খরচা করেই বুঝলেন। ভাগ্যিস কার্ডগুলো আলাদা রাখেন তাই সেইগুলো বেঁচে গেল। তিনি বুঝলেন যে এতটা রোমান্টিক হওয়াটা ওঁনার ঠিক হয়নি। যদিও ওঁনার স্ত্রী ওঁনাকে সদাই শুনিয়ে যায় যে ওঁনার মতন এক আনরোমান্টিক লোকের হাতে পড়ে তাঁর জীবনটাই না কি বরবাদ হয়ে গেছে।

# জয় গোস্বামীর কবিতায় প্রেমচেতনা



KOLKATA, INDIA
ROBIN BASU

৪০ বছর ধরে লেখকের সাহিত্য চর্চা। প্রকাশিত গ্রন্থ ১৮। সম্প্রতি পেয়েছেন ‘কবি রমেন্দ্রকুমার আচার্যচৌধুরী স্মৃতি পুরস্কার ২০২৩ ‘দ্রিমি দ্রিমি নৃত্য হবে’ কাব্যগ্রন্থ ও ‘অন্নদাশঙ্কর রায় স্মৃতি সম্মাননা ২০২৩’ ‘নির্জন সভ্যতার মার্চমাস’ কাব্যগ্রন্থের জন্য।



"একজন কবি যে কবিতা রচনা করেন, তা নেহাত লেখালেখা খেলা নয়। কবিতা তার মাথা তোলবার, বেঁচে ওঠবার ভালবাসার অনন্য অবলম্বন। তিনি মানেন, স্বপ্নের মতো কবিতাতেও সমস্তই সম্ভব। তবু কবিতার জগৎ শুধু স্বপ্নেরই জগৎ নয়।
কবিতা কবির ব্যাপ্ত, বিশাল আত্ম জীবনী। এক একটি কবিতা আত্মজীবনীর এক একটি পৃষ্ঠা।" (ব্লার্ব, কবিতাসংগ্রহ ৪ : আনন্দ )

ঠিক তাই। কবি যে জীবন যাপন করেন, যে সমাজ বা রাষ্ট্রিক পরিমণ্ডলে বাস করেন, যে জীবন ফেলে আসেন, যা তাঁর স্বপ্ন-স্মৃতি, অধরা মায়া... তার সবকিছুই কবিকে আঁকড়ে ধরে, সাপটে-জাপটে নেয় অক্ষর-শব্দের মায়াজালে। কবি তাই ক্রমাগত নির্মাণ করেন নিজেকে। খনন করেন আপনাকে। তাঁর বোধে প্রকৃতি প্রেম অসূয়া প্রতিহিংসা উত্থান-পতন সামাজিক অবয়ব সবই রেখাপাত করে গভীর ভাবে। অর্থা ৎ গোটা জীবনটাই উঠে আসে কবিতায়। কবি জয় গোস্বামী সেই কবি, যিনি কবিতায় তাঁর গোটা আত্মজীবনী রেখে গেছেন। শব্দের হাত ধরে অক্ষরের বিন্যাসে সেই আত্মউন্মোচিত জীবনে 'প্রেম' যেন এক পথপ্রদর্শকের ভূমিকা নিয়েছে। অনন্য উজ্জ্বল আলো হয়ে ফুটে উঠেছে। আর বিমগ্ন আতুর কবি সেই বহুধা বিভক্ত বর্ণচ্ছটায় পথ হেঁটেছেন। তিনি চিরকালীন প্রেমিক কবি। আজ আমাদের আলোচনা কবির সেই প্রেমচেতনা।
রবীন্দ্র-জীবনানন্দ পরবর্তীতে শক্তি-সুনীল-শঙ্খ ঘোষ পেরিয়ে কবিতার এক নিজস্ব ভুবন তৈরি করেছেন কবি জয় গোস্বামী। তাঁর পরিধিতে তিনিই সম্রাট। এক কথায় বলা যায় তাঁর কবিতা চিত্ররূপময় । ছন্দ অলংকার উপমা চিত্রকল্প প্রয়োগে ঈর্ষনীয় জনপ্রিয়তা লাভ করেছেন কবি। ছন্দের ভূমিতে দাঁড়িয়ে প্রেমে-অপ্রেমে তিনি কবিতার যে নিটোল গৃহ বানিয়েছেন, সেখানে ছায়াকামিতায় অনায়াসে ক্লান্ত তপ্ত আগ্রহী পথিক পাঠক নিশ্চিত বসবাস করতে পারেন।

"পাগলী, তোমার সঙ্গে ভয়াবহ জীবন কাটাব
পাগলী, তোমার সঙ্গে ধুলোবালি কাটাব জীবন
এর চোখে ধাঁধা করব, ওর জল করে দেব কাদা
পাগলী, তোমার সঙ্গে ঢেউ খেলতে যাব দু’কদম।"
( পাঁচালী : দম্পতি কথা )

জয় গোস্বামীর প্রেমের জগত বিচিত্র বিভায় আলোকিত। সেখানে যেমন আর্তি আকুলতা আছে, বিরহ অভিসার সমর্পণ মিলন প্রাপ্তি অপ্রাপ্তি আছে। আলো আছে, ভালো আছে, আবার কালো অন্ধকারও আছে । ক্ষমার সঙ্গে সহ্য যেমন, তেমনই অগ্রাহ্যের সঙ্গে আছে প্রতিবাদ । প্রাক্তন বর্তমান আর আগামী এই তিনস্তরের প্রেমই দেখি তাঁর রচনায়। কিশোরকাল থেকে কবি প্রেমকে দেখেছেন কখনও দূর থেকে, কখনও বা কাছ থেকে। বৈধ অবৈধ প্রকাশ্য বা আড়াল সব ধরনের প্রেম তাঁর কবিচেতনাকে ঋদ্ধ করেছে। কবির প্রেমচেতনা বহুরৈখিক। সেখানে বিশ্বাস অবিশ্বাস সমান ভাবে দোলে। তবে, প্রেমের ব্যর্থতা, আশাভঙ্গ তাঁকে বেশি ব্যথাতুর করেছে।
প্রাকৃতিক নিয়মে প্রেম আসে মানবজীবনে। এই প্রেম নগর গ্রাম মানে না। স্বীকৃতি অস্বীকৃতি ভাবে না। আপন ভাবেই বিভোর। নিজের গমনে সে সমৃদ্ধ। কবি জয়ের কবিতায়ও সেই অনুরাগের ছোঁয়া স্পর্শময়।

"বেণীমাধব, মোহনবাঁশি তমাল তরুমূলে
বাজিয়েছিলে, আমি তখন মালতী ইস্কুলে
ডেস্কে বসে অঙ্ক করি, ছোট্ট ক্লাসঘর
বাইরে দিদিমণির পাশে দিদিমণির বর

আমি তখন নবম শ্রেণী, আমি তখন শাড়ি
আলাপ হলো, বেণীমাধব, সুলেখাদের বাড়ি।"
( মালতীবালা বালিকা বিদ্যালয় )

এই প্রেম কখন স্তিমিত, কখনও বা গুটি গুটি ভীরু পায়ে সংকোচের সঙ্গে হাঁটে। "স্বপ্নে" কবিতায়---

"ক'টা বাজলো? উঠে পড়লি তুই
সব ঘড়িকে বন্ধ করল কে?
রাগ করবি? হাতটা একটু ছুঁই?
বাড়ির দিকে এগিয়ে দিচ্ছি তোকে...

স্বপ্নে তোকে এগিয়ে দিই যদি
তোর বরের তাতে কি যায় আসে?
সত্যি বলছি, বিশ্বাস করবি না
স্বপ্নে আমার চোখেও জল আসে!"

ভীরু আর অচরিতার্থ প্রেম এক সময় কেঁপে ওঠে। অভিশাপ ছুঁড়ে দেয় তথাকথিত সভ্য সমাজের দিকে। তার প্রতিবাদী কণ্ঠে কবি এভাবেই সোচ্চারে প্রশ্ন জুগিয়েছেন,

"রাতে এখন ঘুমাতে যাই একতলার ঘরে
মেঝের উপর বিছানা পাতা, জ্যোৎস্না এসে পড়ে
আমার পরে যে বোন ছিলো চোরাপথের বাঁকে
মিলিয়ে গেছে, জানি না আজ কার সঙ্গে থাকে
আজ জুটেছে, কাল কী হবে? – কালের ঘরে শনি
আমি এখন এই পাড়ায় সেলাই দিদিমণি
তবু আগুন, বেণীমাধব, আগুন জ্বলে কই?
কেমন হবে, আমিও যদি নষ্ট মেয়ে হই?"
( মালতীবালা বালিকা বিদ্যালয় )

আবার জয়ের প্রেম বৈধতা অবৈধতা গ্রাহ্য করে না। সে জানে বন্ধুর বিশ্বাস। আর নিজের মত হাঁটা।

"কলঙ্ক, আমি কাজলের ঘরে থাকি
কাজল আমাকে বলে সমস্ত কথা
কলঙ্ক, আমি চোট লেগে যাওয়া পাখি—
বুঝি না অবৈধতা।
--- ---
কলঙ্ক, তুমি প্রদীপ দেখেছো? আর প্রদীপের বাটি?
জানো টলটল করে সে আমার বন্ধুর দুই চোখে?
আমি ও কাজল সন্তান তার, বন্ধুরা জল মাটি
ফিরেও দেখি না পথে পড়ে থাকা
বৈধ-অবৈধকে—
যে যার মতন রোদবৃষ্টিতে হাঁটি..." (কলঙ্ক কাজল)

"স্নান" কবিতায় তিনি দুরন্ত বেপরোয়া প্রেম চিনিয়েছেন আমাদের। দাবি করেছেন পুরুষের অধিকার।

"আজ যদি বলি, সেই মালার কঙ্কালগ্রন্থি আমি
ছিন্ন করবার জন্য অধিকার চাইতে এসেছি? যদি বলি
আমি সে-পুরুষ, দ্যাখো, যার জন্য তুমি এতকাল
অক্ষত রেখেছো ওই রোমাঞ্চিত যমুনা তোমার?"

নারী-পুরুষের সম্পর্কের সার্থকতা তাদের প্রেমে। সে প্রেম জাগরণের মন্ত্র শেখায়। আর কবি জন্মান্ধ মেয়েকেও জ্যোৎস্নার ধারনা দিতে চান। প্রেমের স্বরূপ বোঝাতে চান। মর্মে মর্মে রোমান্টিক কবি জয় গোস্বামী যেমন রাত্রির মরুভূমিতে জ্যোৎস্না ফোটান, তেমনই প্রেমের আবহমান যাত্রায় যে অতৃপ্তি তাকেও স্পর্শ করেন গভীর ভাবে। তাই মন খারাপের এই সন্ধ্যাফেরি আমাদের অন্য প্রেমের স্বাদ দেয়।

"সে যে কী সম্পর্ক সব। কাউকে জানিয়ে না।
সে সবই লবণ স্বাদ। অশ্রুবিষে লোনা।

অশ্রু লবণাক্ত শুধু? রক্ত বুঝি নয়?
সে-প্রেমে রক্তের স্বাদ। খেলে নেশা হয়।" *( সন্ধ্যাফেরি )*

হ্যাঁ, তাঁর প্রেম সব সময় সমাজবৈধ না। সে মাঝেমধ্যে অবৈধ পরকীয়ার পথ ধরে। নিষিদ্ধ ছায়ান্ধকারে তার চলন। আর এই চলন যখন গমনের পথ পায় না, তখন সে আত্মবিনাশের সিদ্ধান্ত নেয়।

"ওই যে প্রেমিক আর ওই যে প্রেমিকা---
প্রচুর ঘুমের পিল ব্যাগে, নিয়ে ঘুপচি-মতো হোটেলে উঠেছে
ওই যে যুবক আর ওই যে যুবতী
ফলিডল শিশি নিয়ে চুপচাপ দরজা দিচ্ছে ঘরে
ওই যে ছেলেটি আর ওই যে মেয়েটি
রেললাইনের ধারে, ঝোপঝাড়ে, দাঁড়িয়ে রয়েছে সন্ধ্যেবেলা
দূরে লোকালের আলো
আজ, কাল, পরশু, তরুণ ওদের সবাইকেই
অপঘাতে মৃত রূপে খুঁজে পাওয়া যাবে...
ওরা তো মাস্টার ছাত্রী, দেওর বৌদি তো ওরা
ওরা তো সুদূর সম্পর্কে ভাইবোন
লোকচক্ষু থেকে ওরা এই পথে বাইরে চলে এল।"
( পরিশিষ্ট : পাতার পোশাক )

আবার এই প্রেমে আছে আস্থাহীন অবিশ্বাস। আধুনিক মানব-মানবীর অন্তঃসারশূন্য সুড়ঙ্গ-জীবন। প্রেম এখানে খুঁজে নিচ্ছে অন্য অবলম্বন।

"সে রেখেছে বুকে মাথা। বন্ধ চোখ। সিঁথির উপরে
আমার চিবুক রাখা। কাঁচাপাকা দাড়ি ভর্তি গালে
ওর হাতটি থেমে গেল। আমার গলায় পড়ছে ঘন, দীর্ঘশ্বাস।
শরীরে আসেনি কাম। শুধু চোখ ভ'রে এল জলে।
সে ফুঁসে উঠেছে: 'তুমি আর কাউকে সব দিয়ে এসেছে আগেই!' "
( বিশ্বাস : বিকেলবেলায় কবিতা ও ঘাসফুলের কবি )

না, অত সহজ না জীবন। ফল্গুধারার মতো, তুষের আগুনের মতো ধিকি ধিকি জ্বলে প্রেম অবিনশ্বর।

"কী ছিল সম্পর্ক আমাদের।
মেয়ে একটা হাত ধরল, তুমি ধরে রাখলে অন্য হাত---
ভিড়ের ভিতর দিয়ে পথ ক'রে দিয়েছে অন্ধের।"

আগেই বলেছি জয় গোস্বামী জীবন অন্বেষক কবি। জীবনকে তিনি সাপটে জাপটে ধরেন। তাই তাঁর প্রেম-অনুভূতি এত বর্ণিল, এত স্তরবিশিষ্ট। পরতে পরতে জমে পেলবতার পলি। আর সেই পলি খনন করলে উঠে আসে জীবনদায়ী স্বচ্ছ জলে। মা পান করে আমরা তৃপ্ত হই।

"পাগলী, তোমার সঙ্গে ঝোলভাত জীবন কাটাব
পাগলী, তোমার সঙ্গে মাংসরুটি কাটাব জীবন

পাগলী, তোমার সঙ্গে নিরক্ষর জীবন কাটাব
পাগলী, তোমার সঙ্গে চার অক্ষর কাটাব জীবন।"
---- ----
"পাগলী, তোমার সঙ্গে কাঁচা প্রুফ জীবন কাটাব
পাগলী, তোমার সঙ্গে ফুলপেজ কাটাব জীবন
পাগলী, তোমার সঙ্গে লে আউট জীবন কাটাব
পাগলী, তোমার সঙ্গে লে হালুয়া কাটাব জীবন।"
( পাগলি, তোমার সঙ্গে )

তবুও অনন্ত ধরে মেঘবালিকারা উঠে আসে। এক পৃথিবী লিখতে পারেন কথক কবি তাদের জন্য। সংবেদী হৃদয় আর অনুচ্চার ভালোলাগা নিয়ে কবি হেঁটে যান সময়ের পথে। প্রেমের আলপনা মাড়িয়ে স্নিগ্ধ সবুজ ঘাসে ঢাকা তাঁর শাশ্বত শ্যামশ্রী ইচ্ছার কাছে।

"আমি বললাম, "তোমার জন্যে
নতুন ক'রে লিখব তবে।"
সে বলল, "সত্যি লিখবি?

বেশ তা হলে
মস্ত করে লিখতে হবে।
মনে থাকবে?
লিখেই কিন্তু আমায় দিবি।"
আমি বললাম, "তোমার জন্যে
লিখতে পারি এক পৃথিবী।"
*( মেঘবালিকার জন্য রূপকথা )*

এইভাবে রক্ত-বিষে মিশে, অনুরাগ আর বিষাদ ছুঁয়ে, ক্লান্তি-ক্লান্তিহীনতায় ভেসে, মর্যাদা ও অপমান মেখে কবি জয় গোস্বামীর প্রেম শাশ্বত আনন্দবিভা নিয়ে এক পৃথিবী হেঁটে গেছে।

# রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মতাদর্শ



DURGAPUR, INDIA
SHANKAR BRAMHA

১৯৫১ সালের ২রা মার্চ, কলকাতায় জন্মগ্রহণ করেন। প্রধান শিক্ষক হিসাবে অবসর গ্রহণ করেন ২০১১ সালে। ১৯৭০ সাল থেকে লিখছেন। প্রকাশিত লেখার সংখ্যা পাঁচ'শ-র বেশী। শতাধিক পত্রিকায় তিনি লেখেন। বহু পুরস্কার পেয়েছেন। তার প্রকাশিত কাব্যগ্রন্থ "তোমাকে যে দুঃখ দেয়", "স্মৃতি তুমি আমাকে ফেরাও", "যাব বলে এখানে আসিনি", "আবার বছর কুড়ি পরে"। এ'ছাড়া আরও এগারোটি "ই-বুক" প্রকাশিত হয়েছে।





রবীন্দ্রনাথ মুলতঃ কবি বলেই বিশ্ববাসীর কাছে পরিচিত। কবি প্রতিভাই তাঁকে সারা পৃথিবীর কাছে 'নোবেল পুরস্কার'-য়ের সম্মানে ভূষিত করেছিল। কিন্তু তাঁর প্রতিভা শুধ কবিতার মধ্যে আবদ্ধ না থেকে, বহুমুখী শাখায় ছড়িয়ে পড়ছিল। শিল্প সাহিত্যের সব ক্ষেত্রেই তার বিচরণ ছিল অবাধ। সাহিত্যের এমন কোন শাখা নেই যেখানে তাঁর অবদান নেই। শুধু মাত্র সাহিত্যই নয়, চিত্রকলা, নাট্যকলা, সংগীত, সমাজ দর্শন, ধর্মতত্ত, শিক্ষা তত্ত্ব সব ক্ষেত্রেই তাঁর লেখনীর অনায়াস বিচরণ আমাদের বিস্মিত করে। কবি পরিচয় তাঁর প্রধান হলেও একমাত্র পরিচয় নয়। তাঁর বড় পরিচয় তিনি সচেতন দার্শনিক ছিলেন। রবীন্দ্রনাথের সৃষ্টি তীব্র গতিশীল নদীর মতো প্রবাহিত হলেও সমালোচনার পাথরখণ্ড তার গতি প্রবাহে বাধা সৃষ্টির চেষ্টা করেছে, কিন্তু তার দুর্বার স্রোতের মুখে সবই ধুয়ে মুছে গেছে। তাকে বারবার সমালোচনার মুখোমুখি হতে হয়েছে। বিতর্কের ঝড় উঠেছে তাঁর লেখা নিয়ে। সর্বাধিক বেশি বিতর্ক হয়েছে স্বাধীনতার আন্দোলনে কবির ভূমিকা নিয়ে। তার রাষ্ট্রনৈতিক মতবাদ নিয়ে। কেউ কেউ সোজাসুজি তাঁকে আক্রমণ করেছেন স্বাদেশিকতা আন্দোলনে কবির ভূমিকা শুধু নিষ্ক্রিয়ই শুধু ছিল না, ছিল পলাতকের ভূমিকা। তিনি নাকি পলায়নবাদী (escapist) ছিলেন।

তাঁর রাষ্ট্রনৈতিক মতবাদ এমন একটি বিষয় যা বহু বিতর্কিত। তিনি নিজেই বলেছেন, 'যখন খবর পাই, রাষ্ট্রনীতি, সমাজনীতি, ধর্মনীতি সম্বন্ধে আমার বিশেষ মত কী তা আমার রচনা থেকে কেউ কেউ উদ্ধার করবার চেষ্টা করছেন, তখন নিশ্চিতভাবেই জানি আমার মতের সঙ্গে তার নিজের মত মিশ্রিত হবে। ...আমি জানি, আমার মত ঠিক যে কী তা সংগ্রহ করা খুব সহজ নয়। রবীন্দ্র-সাগরের অতলে প্রবেশ করে তাঁর রাষ্ট্রনৈতিক মতবাদের মুক্তটিকে খুঁজে পাওয়া মোটেই সহজ কাজ নয়, বেশ কঠিন কাজ। তার উপর আমার মতো সীমিত জ্ঞান নিয়ে তাঁর মতবাদকে বিশ্লেষণ করা দুরুহ ব্যাপার। অসম্ভবও বটে। রবীন্দ্র সাগরে ডুব দিয়ে হাবুড়বু খাওয়ার মতো।

যে কোন দার্শনিক মতবাদ একদিনে গড়ে ওঠে না। অনেক দিনের অভিজ্ঞতা, অনুভূতি ও চিন্তার ফসল। আবার এ অভিজ্ঞতা, অনুভূতি চিন্তা স্থিতিশীল (state) নয়, বরং গতিশীল (dymamic) সময়ের সঙ্গে সঙ্গে ঘটনার আবর্তে তার কিছুটা পরিবর্তন হলেও, মুল তত্ত্বটির একেবারে আমূল পরিবর্তন ঘটে না। তবুও কঠিন কাজ। রবীন্দ্রণাথের বেলায়েও এর ব্যাতিক্রম ঘটেনি। তাঁর কথাতেই শুনুন , - 'বাল্যকাল থেকে আজ পর্যন্ত দেশের নানা অবস্থা এবং আমার নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে দীর্ঘকাল আমি চিন্তা করেছি এবং কাজও করেছি। রচনাকালীন সময়ের সঙ্গে, প্রয়োজনের সঙ্গে সেই সব লেখার যোগ বিচ্ছিন্ন করে দেখলে তার সম্পূর্ণ তাৎপর্য গ্রহণ করা সম্ভবপর হয় না।

রাষ্ট্রনীতির বিষয়ে কোন বাঁধা মত একেবারে সুসম্পূর্ণভাবে কোনো এক বিশেষ সময়ে আমার মন থেকে উৎপন্ন হয়নি। জীবনের অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে নানা পরিবর্তনের মধ্যে তারা গড়ে উঠেছে। সেই সমস্ত পরিবর্তন পরম্পরের মধ্যে নিঃসন্দেহে একটা ঐক্যমন্ত্র আছে। সেটিকে উদ্ধার করতে হলে রচনার কোন অংশ মূখ্য, কোন অংশ গৌণ, কোনটি তৎসাময়িক, কোনটা বিশেষ সময়ের সীমাকে অতিক্রম করে প্রবাহমান, সেইটে বিচার করে দেখা চাই।'

সর্বপ্রথম, ডঃ শচীন সেন রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মতবাদের আলোচনা করেন ১৯২৯ সালে "The political philosophy of

Rabindranath" গ্রন্থে।
প্রবাসীতে (অগ্রহায়ণ, ১৩৩৬ বঙ্গাব্দে) রবীন্দ্রনাথ স্বয়ং তার প্রশংসা করেন। কবির মৃত্যুর পর পরিবর্দ্ধিত ও পরিমার্জিত আকারে ডঃ সেন প্রকাশ করেন 'Political thought of Tagore' ১৯৪৬ সালে।
রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক দৃষ্টিভঙ্গি শুধু মাত্র স্বদেশের সীমানার মধ্যে আবদ্ধ ছিল না বলেই সমালোচকরা বলেছেন, আন্তর্জাতিকতা বোধের বিপুল উত্তাপে বাষ্প হয়ে মিলিয়ে গিয়েছিল তাঁর জাতীয়তা বোধ। কিন্তু দার্শনিক রবীন্দ্রনাথ সব সংকীর্ণতার উর্দ্ধে উঠে বিশ্বমানবতা বোধকে আপন করে নিয়ছিলেন। ফলে দেশের সমস্যায় তিনি যেমন বিচলিত বোধ করতেন তেমনি বিদেশের সমস্যাও তঁকে ব্যথিত করত। দুর্বলের প্রতি সবলের আত্যাচার, শাসন, শোষণ, নিপীড়ন, অবিচার ও অত্যাচার তিনি সহ্য করতে পারতেন না। কৃষ্ণাঙ্গ জুলু জাতির প্রতি শ্বেতাঙ্গদের অত্যাচারের তিনি ফুঁসে ওঠেন, 'ওরে তুই ওঠ আজ/আগুন লেগেছে কোথা? কার শঙ্খ উঠছে বাজি/জাগাতে জগতজনে ! কোথা হতে ধ্বনিছে ক্রন্দনে/ শন্যতল 'কোন অন্ধ কারা মাঝে/ অনাথিনী মাগিছে সহায়'।'
যারা তাঁকে পলায়নবাদী (escapist) অপবাদ দিয়েছিলেন তাঁদের বোধহয় জানা ছিল না, জীবনের বহুদিন পর্যন্ত সক্রিয়ভাবে স্বদেশী আন্দোলনে তিনি অংশ গ্রহণ করে ছিলেন। হাতেখড়ি হয়েছিল 'হিন্দুমেলা'-তে।

১৮৮৫ সালে কংগ্রেসের জন্ম হয়। ভারতীয় জাতীয় কংগ্রেসর মতো সংস্থার মধ্যে সদস্যদের দলাদলি ক্ষমতা লোভ দেখে কবি মর্মাহত হয়েছিলেন। নরম ও চরম পন্থীদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব তাঁকে ব্যথিত করে তুলেছিল। সুরাট কংগ্রসের ব্যর্থতার পরও তিনি প্রত্যাশা করেছিলেন হয়তো অচিরেই এই দ্বন্দ্ব মিটে যাবে। তাই তিনি এই ব্যর্থতার পরও পাবনা কংগ্রেসে যোগদান করেছিলেন। কিন্তু দলাদলির ভিত এতো শক্ত ছিল যে,কবি তা'তে সমান্যতম চির ধরাতে পারলেন না। সম্ভবতঃ সক্রিয় রাজনীতিতে এই পাবনা কংগ্রেসের কনফারেন্সেই তার শেষ যোগদান। তারপর তিনি সক্রিয়া রাজনীতি থেকে সরে আসেন। তাঁর চিত্ত যেখানে অপ্রসন্ন হলো, সেখানে বিবেকও অসন্তোষে ভরে উঠলো।
কবি মনে করতেনে সঙ্ঘশক্তি ছাড়া কোন জাতি মর্যাদা বা সাফল্য লাভ করতে পারে না। সঙ্ঘশক্তি আনতে হলে গ্রামে সমবায় নীতির প্রচলন, সঙ্ঘবন্ধ কাজ, বিচিত্র কুটিরশিল্লের প্রবর্তন, পরিমিত শ্রম-যন্ত্র ব্যবহার করা প্রয়োজন। কবির পরিকল্পনা তখন অগ্রাহ্য করেছিল কংগ্রেস, পরে অবশ্য জাতীয় কংগ্রেসই এসব বিষয়ের উপর গুরুত্ব দিতে বাধ্য হয়েছিলেন তা'রা। রবীন্দ্রনাথ শুধু মাত্র কল্পনাবিলাসী কবি ছিলেন না। তিনি ছিলেন সচেতন দার্শনিক। তাই তিনি বুঝতে পেরেছিলেন, ঐক্য আনতে হবে বৈচিত্রের মধ্যে। সাম্য-সৌহার্দ্ আনতে হবে স্বাতন্ত্রের মাধ্যমে।
পাবনা কনফারেন্সের পর সক্রিয় রাজনীতি থেকে সরে দাঁড়ালেও কবি একেবারে নিষ্ক্রিয় ছিলেন না স্বাধীনতা আন্দোলনে। সক্রিয় রাজনীতি থেকে সরে এসে তিনি হাতে তুলে নেন লেখনী। ১৮৯২ সালে সাধনা পত্রিকার প্রথম প্রকাশ ঘটে। সেখানেই কবি সাহিত্য সেবার মাধ্যমে স্বদেশ সেবায় নিজেকে নিয়োজিত করেন। সাধনা পত্রিকায় রাষ্ট্রীয় বিষয়ে প্রথম আলোচনা শুরু করেন তিনি। রবীন্দ্রনাথ সর্বদাই মানুষ এবং মনুষ্যত্বকেই সবচেয়ে বড় করে দেখতেন। 'সবার উপরে মানুষ সত্য' একথা তিনি মনেপ্রাণে বিশ্বাস করতেন। তাই কোথাও মনুষ্যত্বের অবমাননা ঘটলে তিনি স্থির থাকতে পারতেন না। বারবার ঝাঁপিয়ে পড়েছেন রাজনীতির আবর্তে। মানবিকতার অবমাননা যেমন তাঁকে রাজনীতিতে টেনে এনেছে, রাজনীতির মারপ্যাচ তাঁর অজানা ছিল বলে তিনি বারবার মার খেয়েছেন। বিবেক দংশন তাঁকে পুনরায় সক্রিয়তা থেকে নিষ্ক্রিয় করেছে রাজনীতির ব্যাপারে। তিনি চেয়েছিলেন গণতান্ত্রিক সরকার, যে সরকারের ভিত্তি হবে জনগণের সার্বভৌমিকতার উপর। গণতন্ত্রের ব্যাপারে তিনি আব্রাহাম লিংকনের চেয়ে বার্নার্ড শ'র মত অধিক যুক্তিযুক্ত বলে মনে করতেন। লিংকনের মতে 'Democracy is the governmnent of the people, by the people and for the people. কিন্তু ‘বার্নড শ'-য়ের মতো তিনিও বিশ্বাস করতেন, 'Democracy is the governmnent of the people and for the people' হলেও কখনোই 'by the people'- নয়, কারণ তাদের বিশ্বাস ছিল রাষ্ট্রে এমন কিছু বিশেষ মানুষ থাকেন যাঁদের দেশ সেবার ক্ষমতাকে মানুষ উপেক্ষা করতে পারে না। সাধারণ মানুষের পক্ষে সুষ্ঠভাবে দেশ পরিচালনা সম্ভবপর নাও হতে পারে। এই জন্যই বোধহয় Leeky বলেছেন,' Democracy can never be true society where, greed grows uncontrolled and people are drugged with admiration for power politics.
নেতাদের লোভ, লালসা, যশলাভ, শক্তিমত্তার বিষ ঢোকে তবে সাধারণ মানুষ এসব থেকে রেহাই পেতে পারে না। তাই তিনি সাধারণ মানুষের হাতে শাসন ক্ষমতা তুলে দিতে রাজি ছিলেন না। এরিস্টটলের মতো তিনি বিশ্বাস করতেন,'Some are born to rule others to he ruled'. তিনি মনে করতেন গণতন্ত্রের স্থায়ী সাফল্যের জন্য অবশ্যই গ্রামের দিকে চোখ ফেরাতে হবে। গ্রাম বাঁচলে গণতন্ত্র বাঁচবে, আমরা বাঁচবো। রাষ্ট্রতন্ত্র অপেক্ষা সমাজতন্ত্রকেই তিনি শ্রেয়ঃ মনে করতেন। কবি তাঁর মতবাদে ভাববাদ এবং বস্তবাদকে ভিন্ন ভিন্ন ভাবে আলাদা করে দেখেন নি। এখানেই মার্ক্সের সঙ্গে তার অমিল এবং হেগেলের সঙ্গে তার ঐক্য। ডায়লেকটিক্স এর তত্তানুযায়ী দুই পরস্পর বিরোধী উপাদানের ঘাত প্রতিঘাতে, নুতনের জন্ম হয়, এ হল প্রকৃতির নিয়ম। কবিও বলেছেন, প্রকৃতির প্রকাশ বিভিন্ন রূপে। রূপের মৃত্যু অরূপে, পুরাতনের মৃত্যু নুতনে। তাঁর মতে কোন কিছুরই বিলুপ্তি হয় না, হয় নবরূপায় । মার্ক্স ও হেগেলের দর্শনে যে তত্ত্ব পাই, তাই পাচ্ছি আমরা কবির দর্শনে। মার্ক্সের সঙ্গে হেগেলের অমিল ডায়লেটিক্সের- য়ের রূপ নিয়ে। হেগেলের মতে পরিবর্তনের মূলে আছে ধারণা (idea) তাই তার তত্ত্বকে বলা হয় 'Dialectical idealism' কিন্তু মার্ক্সের মতে 'Materialism'. কবি এই পরিবর্তনের সূত্রে হেগেলকেই সমর্থন করেছেন। কবিরও মত, সমস্ত বিবর্তনের মূলে আছে ভাব (idea) উৎপাদনের ক্ষমতাই ইতিহাসে পরিবর্তন আনে না। এই পরিবর্তন আনে ভাব (idea) আর ভাবই তাকে সাহায্য করে বাঁচার উপায় খুঁজে বের করতে। মার্ক্সের মতে 'শ্রেণী সংগ্রামে'র ফলেই আসে প্রলেতারিয়েনদের একনায়কত্ব। এই একনায়কত্বের পরে ধাপে ধাপে নিশ্চিহ্ন হয়ে যায় শ্রেণীবিভক্ত সমাজ,গড়ে উঠবে শ্রেণীহীন সমাজ।
কবি এ'কথা বিশ্বাস করতে পারেননি কারণ সুষ্ঠুভাবে সমাজকে পরিচালিত করতে ক্ষমতা (Power) অপরিহার্য। আবার এই শক্তিই হলো যত নষ্টের মূল। তাই ক্ষমতাকে (Power) বাদ দিয়ে সমাজ গড়ে না উঠলে শ্রেণীহীন সমাজের আসল উদেশ্যটাই মাটি হয়ে যাবে।
পশুশক্তিকে বাদ দিয়ে প্রেম ভালবাসা

ত্যাগের মধ্যে সকলকে এক করে তুলতে না পারলে শ্রেণীহীন সমাজের সার্থকতা হারাবে। কবি সমাজতান্ত্রিক সমাজের প্রশংসায় বিমুখ ছিলেন না। তাঁর মতে মানুষ যন্ত্রকে চালাবে, যন্ত্র মানুষকে নয়। কবিও আমাদের স্বাধীনতা সংগ্রামের পথ গান্ধী এবং সুভাষের মিলিত শক্তিই সম্প্রসারিত করেছিল। গান্ধী ও সুভাষ উভয়ের পথকেই ভিন্ন ভিন্ন দিক থেকে সমর্থন করেছেন কবি। কিন্তু সমর্থন করতে পারেননি সুভাষ ও গন্ধীর অহিংস অসহযোগ আন্দোলনকে।

কবি মনে করতেন, হিন্দু-মুসলমান যদি আত্মীয়ভাবে মিলিত হতে পারে তবে, স্বরাজ পাওয়ার একটা বড় ধাপ তৈরী হবে। 'হিন্দু মুসলমানদের মধ্যে ঐক্য না হলে দেশ দু'টুকরো হবে, ক্ষতি হবে বাঙালীর। তাই হয়েছে শেষপর্যন্ত। ধর্মন্ধতা কবি অপছন্দ করতেন। তিনি বুঝতেন ধর্ম নয়, মানুষের ভাষা ভূমি ও ঐতিহ্ই ঐক্যের মূলমন্ত্র। তিনি লিখেছিলেন 'ধর্ম মোহ' শীর্ষক কবিতায়, - 'ধর্মের বশে মোহ যারে এসে ধরে / অন্ধ সেজন মারে আর শুধু মরে/ নাস্তিক সেও পায় বিধাতার বর / ধার্মিকতার করে না আড়ম্বর।' তাঁর মতে ধর্মান্ধতা থেকে নাস্তিকতা অনেক ভাল। কবি বুঝতে পেরেছিলেন শিক্ষাই হল মুক্তিপথের প্রশস্ত সোপান। তাঁর মতে 'শিক্ষার আদর্শ হল মানসিক বিকাশ ও সুনাগরিকের কর্তব্যজ্ঞান।' পুঁথিগত বিদ্যায় তার বিশ্বাস ছিল না। তিনি মনে করতেন জ্ঞানের জন্যই শিক্ষা, পরীক্ষায় পাশের জন্য নয়। যে শিক্ষা মানুষকে প্রকৃত মানুষ হতে সহায়তা করে, সে শিক্ষাই প্রকৃত শিক্ষা। মানুষকে অন্ধকার থেকে আলোর পথ দেখায়। রাশিয়ার শিক্ষা পদ্ধতির উচ্ছুসিত প্রশংসা করে কবি লিখলেন, 'এখানে এসে দেখলুম এরা শিক্ষাটাকে প্রাণবান করে তুলেছেন। তার কারণ এরা সংসারের সীমা থেকে ইস্কুলের সীমাকে সরিয়ে রাখেন। এরা পাশ করবার কিম্বা পন্ডিত করবার জন্য শেখায় না সর্বতো মানুষ করবার জন্য শেখায়।' কবির মতে, - 'The highest education is that which does not merely give us information but also harmonises our life with all existences'. বিশ্বভারতীতে সে শিক্ষাই দিতে চেয়ছিলেন তিনি। যা, মানুষকে মানুষ হিসাবেব গড়ে উঠতে সাহায্য করবে। শিক্ষা ক্ষেত্রে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের প্রয়োজনীয়তা তিনি অনুভব করেছিলেন। কারণ, ভাষা হলো ভাবপ্রকাশের বাহন। যে ভাব আমরা মাতৃভাষায় প্রকাশ করতে পারি, তা অন্য কোনও ভাষায় প্রকাশ করা সহজ নয়। শুধু স্কুল কলেজ নয়, সর্বক্ষেত্রে মাতৃভাষার ব্যবহারের সুপারিশ করেন তিনি। ফলে তাকে নানা সমালোচনার সন্মুখীন হতে হয়েছে। কেউ কেউ বিরূপ করে বলেছিলেন, 'তিনি তো ইংরেজী জানেন না, তাই এমন বলছেন। সমস্ত ভাষাকে সমানাধিকার দিতে এবং মাতৃভাষার মাদ্যমে পঠন-পাঠনের সুপারিশ করেছিলেন কবি। তিনি বলেছিলেন, দেশের কোন ভাষা রাষ্ট্রভাষার দাবীদার হতে পারে না। ফলে অনেকেরই তিনি চক্ষুশূল হয় উঠেছিলেন। পরে হিন্দিকে রাষ্ট্র ভাষা হিসাবে গণ্য করা হয়েছিল।

গান্ধীর মতো, রাজনীতির ক্ষেত্রে, তিনিও হিংসাত্মক বিপ্লব পছন্দ করতেন না।

স্বামী বিবকানন্দ যেমন বলতেন, 'চালাকির দ্বারা কোন মহৎ কার্য সম্পন্ন হয় না।' তেমনই কবিও বলতেন, হিংসার দ্বারা বৃহৎকর্ম সাধন হয় না। রাজনীতিতে হিংসার দাম নেই, কারণ রাজনীতির আদর্শ হল সকলকে নিয়ে সকলকে সহ্য করে জতির সর্বাঙ্গীণ মঙ্গলের পথে চলা। তাই তিনি বিশ্বাস করত্নে 'পশুশক্তির বলে কোন ভাল কাজ হয় না। ক্রোধ ও হিংসা মানুষকে পশুর পর্যায়ে নিয়ে যায়। স্বাধীনতা সংগ্রামে কবির ভূমিকা নিয়ে যতোই প্রশ্ন থাক, একথা অস্বীকার করার উপায় নেই যে, দেশ স্বাধীন করার সংগ্রামে প্রেরণা জুগিয়েছিলেন কবি।

জীবনের প্রথম দিকে সমগ্র ইংরেজ জাতিকে কবি খারাপ মনে করতেন না। বরং ইংরেজ জাতির গুণাবলী তাঁকে আকৃষ্ট করেছিল। অবশ্য তীব্র নিন্দাও করেছে তাদের শাসন, শোষণের। ধিক্কার জানিয়েছেন তাদের ইম্পিরিয়ালিজমকে অজগর সাপের গিলে খাওয়া বলে 'পত্রপুট" কাব্যে। শেষপর্যন্ত তিনি 'স্যার' উপাধি ত্যাগ করেছিলেন। কবি একদিকে ছিলেন সত্য ও সুন্দরের পূজারী অন্যদিকে মানুষের সঙ্গে মানুষের সম্পর্কে সাম্য, সাতন্ত্র ও সৌত্রাত্বের সম্পর্কে তিনি বিশ্বাসী ছিলেন। তিনি মানুষকে বিশ্বাস করতেন, মানুষকে অবিশ্বাস করা পাপ মনে করতেনে তিনি। মানুষের মধ্যেই ঈশ্বরকে খুঁজে পেয়েছিলেন তিনি, তাই তার কাছে মানুষ ছিল সবার উপরে। তাঁর চিন্তাধারা, ভাব, ভাবনা মানুষকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল।

কাব্যে। শেষপর্যন্ত তিনি 'স্যার' উপাধি ত্যাগ করেছিলেন। কবি একদিকে ছিলেন সত্য ও সুন্দরের পূজারী অন্যদিকে মানুষের সঙ্গে মানুষের সম্পর্কে সাম্য, সাতন্ত্র ও সৌত্রাত্বের সম্পর্কে তিনি বিশ্বাসী ছিলেন। তিনি মানুষকে বিশ্বাস করতেন, মানুষকে অবিশ্বাস করা পাপ মনে করতেনে তিনি। মানুষের মধ্যেই ঈশ্বরকে খুঁজে পেয়েছিলেন তিনি, তাই তার কাছে মানুষ ছিল সবার উপরে। তাঁর চিন্তাধারা, ভাব, ভাবনা মানুষকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল।

তিনি ছিলেন মানবতার দিশারী, আমাদের কাছে এক আলোক বর্তিকা। আজও যদি তাঁর আদর্শকে পাথেয় করে চলা যায়, তবে বিশাল ভারতবাসীদের মধ্যেও ঐক্য বজায় রেখে সর্ববিষয়ে এগিয়ে যাবার সুযোগ রয়েছে। আমরা কি সে পথের পথিক হবো? ভাবুন, ভেবে দেখুন।

# পচা-মালতী



INDIA
PRASHANTA GIRI

সকালবেলা ঘুম থেকে উঠেই মোবাইলে মুখপুস্তিকায় চোখ রাখতেই পচার মেজাজ খানা গেল বিগড়ে | আজতো গোলাপ দিবস ! গত বছর মালতীকে গোলাপ দিতে গিয়ে ওর দাদার হাতে উত্তম মধ্যম খেয়ে বাড়ি ফিরে চুপ চাপ ঘুমিয়ে পড়েছিল | কপাল খারাপ, সকাল হতেই খবর চাউর, ছিঃ ছিঃ রব, বন্ধু মহলে প্রেস্টিজে গ্যামাক্সিন | টানা সাতদিন ঘর থেকে বেরোয়নি, মা মুখ-ঝামটে দিলে..."আহাঃ গো বীরপুরুষ আমার, শাজাহান হয়ে গেছিলেন পিরিত কর্তে, মাতায় তাজমহল ভেঙে পড়েনি এই রক্ষে | বলি বাপ্ টি একা মাঠে রুয়ে মরছে, একটু হাত লাগালে তো পারিস"| সে অপমান আজও তরতাজা, তবে পচা হাল ছাড়েনি ... হাল ছাড়বেও না, এর শেষ পচা দেখবেই ...| একটু বেলা হলে পচা জিন্স গলিয়ে, রংবাহারী জামা চাপিয়ে ঘড়ি খানা পড়তে গিয়েই বিপত্তি, ঘড়ি তো বন্ধ! হোক গে ...কে আর ঘড়ি দেখছে, কব্জিতে বাঁধা থাকলেই কেল্লাফতে ...একটা ভারী ব্যাপার বটে, পার্সোনালিটি এক ঝটকায় মণ চারেক বেড়ে যায় |

গ্রামের এক কোনে মালতীদের বাড়ির সামনে ছোট্ট উঠোন, চারপাশ বাঁশের বেড়া দেওয়া, পুবদিকে একটা মস্ত আমড়া গাছ, ওকে ওই গাছেই বেঁধেছিল মালতীর দাদা, দাদা না ছাই, জ্যান্ত অসুর একটা | মালতীর মা ভানুমতী উঠোন ঝাঁট দিচ্ছে | পচার বুক ধক করে ওঠে ...ওকে দেখে যদি ঝাঁটা নিয়ে তাড়া করে ! কি হবে ? সে যা হবে হোক, প্রেমের জন্য লোকে কত কি করে, পচা না হয় দু-চার বাড়ি ঝাঁটা খেয়ে নেবে | তবে একটাই বাঁচোয়া, ওই অসুরটি নেই, মাস তিনেক হলো সুরাটে কাপড়ের কলে কাজ করতে গেছে | উঁকি ঝুঁকি দিয়ে মালতীর নাম গন্ধ কিছুই পাওয়া যাচ্ছে না | এই ভাবে দাঁড়ানো টা ঠিক হবে না | মালতীর মা দেখতে পেলেই বাঁশ | আজকে মালতীর সাথে দেখা করতেই হবে, যা হোক আজকেই ফাইনাল, না হলে কালথেকে অন্য ইনিন্স শুরু |

" এই ছোঁড়া ...কি চাই তোর ? বেশ অনেকক্ষণ দেখছি উঁকি মারছিস "

পচা দেখলো স্বয়ং মা চন্ডী ঝ্যাটা হাতে পিছনে |

" না মানে ...এক জনকে খুঁজছিলাম "

" আমিও খুঁজছিলাম ...এক জনকে ..."

" মানে ..."

" মুখপুড়ি মালতী কাল পুকুরঘাটে বাসন মাজতে গিয়ে একটি কাঁসার বাটি জলে ফেলেছে, তুই পারবি তুলে আনতে ?"

" হাঁ ...আমি এক্ষুণি তুলে আনছি ..."

বলেই পচা পুকুরে নামতে উদ্যত হলো |

" আঃ ...মরণ, প্যান্ট জামা পরেই নামবি নাকি ...? দাঁড়া আমি এক খান গামছা আনি গে |"

পচা যেন স্বর্গ হাতে পেলো, হে ভগবান আমাকে শক্তি দাও, ডুব দিয়ে বাটি তুলতেই হবে, পানাপুকুরে ডুব দিয়ে ঠান্ডা লাগুক, নিমুনিয়া হোক, প্রাণ যায় যাক, এই সুযোগ | মালতী এই ডুব আমি তোকে উৎসর্গ করলাম, আমার ভালোবাসাকে উৎসর্গ করলাম, ডুব দিয়ে হয় বাটি উঠবে নয় আমার বডি উঠবে |

মালতী বাড়ি ফিরে দেখলো ওদের পানাপুকুর পাড়ে বেশ কিছু লোক জমেছে, ভানুমতী হাত নেড়ে নেড়ে, গলা খ্যাঁকরে বলছে ..." জল থেকে বাটি তুলবে, বুকে জোর নেই নেমেছে ডুব মারতে, ওরে কানার বেটা ওদিকে নয় আরো ডান দিকে গিয়ে ডুব মার্ ..." সঙ্গে হাসি, টিটকিরি ভেসে আসছে, মজা নিতে প্রতিবেশীরাও জড়ো হয়েছে |

মালতী হন হন করে বাড়িতে ঢুকলো, পিছন পিছন ভানুমতী |

"আচ্ছা মা...কি হচ্ছে এটা...?"

" ওই যে মুখপোড়া পানকৌড়ির মতো জলে ডুব মারছে "

মালতী প্রতিবাদ করে |

" ছিঃ ছিঃ ...মা,এটা ঠিক করলে ?"

" তো কি করবো ? পুজো ...? কোন ভদ্রলোকের ব্যাটা পরের বাড়িতে উঁকিমারে শুনি ? তোর দাদা থাকলে তো ওকে ওই জলেই চুবিয়ে মারতো "|

" এই অপরাধে যদি কাউকে মেরে ফেলতে চাও মা তবে আর কিছু বলার নেই ..."

মালতীর খুব লজ্জা করতে লাগলো, লঘুপাপে গুরুদণ্ড, মন থেকে মানতে পারছে না কিছুতেই | বড্ড খারাপ লাগে পচা দা থুড়ি সুবর্ণ দা'র জন্য, সাধা সিধে ছেলেটি যে মনে মনে ওকে ভালোবাসে তার প্রমাণ বেশ কয়েক বার পেয়েছে | গরিব চাষীর ছেলে, পড়াশুনোতেও অষ্টরম্ভা, তবে খুব সৎ ও পরোপকারী | মাঝে মাঝে ভাবে ওকে সব বুঝিয়ে বলে | দুনিয়াটা দেখনদার দের জিম্মায়, যে যত রং দেখাবে তার তত দাম, ভালো হৃদয় গুলো ব্যাথায় বধির, প্রেম অর্থ ছাড়া ব্যর্থ |

দুদিন হলো পচার জ্বর, পানাপুকুরে ডুব দিয়ে ওর সর্দি লেগেছে, পিরিত ব্যাটা দরজা দিয়ে সটান ভেগেছে ...| পচার মা গৌরীবালা উঠোনে বসে মৌরলা মাছ বাছছে আর ওর বাপ্ ভিজে জাল খানি শুকোতে দিচ্ছে |

" মাসিমা সুবর্ণ দা কোথায় ?"

" কে ...? ও ...তুমি ...! তুমিতো ভানুমতীর মেয়ে ...তাই না ...?

" সুবর্ণ দা কই ...?"

" কেন ...? তোমার দাদা পেটালো , তোমার মা জলে চোবালো , আর তুমি বাপু এসেই পড়েছ যখন এই বঁটি খানা নিয়ে ওর গলায় চালিয়ে দাও ..., "
" আমি একটু কথা বলতে চাই ..."
" যাও ...পাশের ঘরে পাঁকাল মাছের মতো শুয়ে আছে " বলে হাতের কাজ ফেলেরেখে মালতী কে নিয়ে ঘরে ঢুকলো গৌরীবালা | পচা তো অবাক ... হাঁ করেই আছে , এ কি স্বপ্ন নাকি সত্যি ? মালতী বললে ...
" শরীর কেমন ?"
" ভালো ..."
"ভালো না কচু, কেউ বললো পুকুরে ঝাঁপ দিতে আর অমনি ঝাঁপিয়ে পড়লে ? হাঁদারাম কোথাকার ! কই দাও আমার গোলাপ ? "
" ও তো শুকিয়ে গেছে ..."
"শরীর ভালো হলে অনেকগুলো গোলাপ চাই" বলে মুচকি হাসলো |
গৌরীবালা তো অবাক, এ মেয়ে বাড়ি বয়ে এসে বলে কি !
"আর যাবে আমার বাড়িতে উঁকি মারতে ?"
"না ..."
"সামনের মাসে দাদা বাড়ি আসবে, যাবে তো কথা বলতে ?"
"নাহঃ....এক দম নয়..."
"তবে আর বিয়ে করতে হবে না আমায়, শুয়ে থাকো চুপটি করে "
বলেই মুচকি হেসে মালতী হাতের কৌটো খানি গৌরীবালার হাতে দিয়ে বললে ...
" মা নিজের হাতে লেবুর রস মাখিয়ে ওলের বড়া বানিয়ে সুবর্ণ দার জন্য পাঠিয়েছে, জ্বর-মুখে খেতে বেশ লাগবে, জ্বরের খবর শুনে লজ্জায়, অনুতাপে পুড়ছে গো |"



# স্বাস্থ্যকর হার্টের জন্য



HOWRAH, INDIA DR. DEBASISSH KUNDU

লেখক স্বাস্থ্য ও সামাজিক বিষয়ে প্রায় ৪০ টিরও বেশি বই লিখেছেন। তাঁর প্রকাশকদের মধ্যে উল্লেখযোগ্য; ক্রুগর ব্রেন্ট পাবলিশার্স, ইংল্যান্ড, এল বি ও পাবলিশিং, আমেরিকা, এল পি পাবলিকেশন্স, দিল্লী, বি জৈন পাবলিশার্স, দিল্লী প্রমুখ।



আমরা জানি যে চরক সংহিতা অনুসারে, হৃদয় হল চেতনার আসন। এবং মন, শরীর, বুদ্ধি এবং চেতনা একে অপরের সাথে যুক্ত। একজন পুরুষের হার্টের ওজন গড়ে প্রায় ১০ আউন্স এবং একজন মহিলার হার্টের ওজন প্রায় ৮ আউন্স। হৃৎপিণ্ডের প্রধান কাজ হল সারা শরীরে অক্সিজেনযুক্ত রক্ত সঞ্চালন করা। হৃদপিন্ড প্রতিদিন ১০০,০০০ বারের বেশি স্পন্দিত হয়। প্রতি মিনিটে প্রায় ১.৫ গ্যালন রক্ত পাম্প করে। এক দিনের মধ্যে, এটি ২০০০ গ্যালন পর্যন্ত যোগ করে। শরীরে ৬০,০০০ মাইল রক্তনালী রয়েছে। একটি নবজাতকের হৃদস্পন্দন প্রতি মিনিটে প্রায় ৭০ থেকে ১৯০ বিট। গড় প্রাপ্তবয়স্ক মানুষের হৃদস্পন্দন প্রতি মিনিটে ৬০ থেকে ১০০ বিটের মধ্যে থাকা উচিত। যদি আপনার বিশ্রামের পর হৃদস্পন্দন বেশি হয় বা কয়েক বছর ধরে বেড়ে যায়, তবে এটি বর্তমান বা আসন্ন হার্টের সমস্যার লক্ষণ হতে পারে। ক্রীড়াবিদ, যারা নিয়মিত প্রশিক্ষণ নেন, তাদের হৃদস্পন্দন খুব ধীর বিশ্রামে থাকবে প্রতি মিনিটে ৪০ থেকে ৬০ বিট। মহিলাদের পুরুষদের তুলনায় গড়ে দ্রুত হৃদস্পন্দন হয় কারণ তাদের হৃদপিন্ড আকারে ছোট এবং একই পরিমাণ রক্ত পাম্প করতে আরও বেশি বিট করতে হয়। হৃদরোগের লক্ষণগুলি প্রায়শই পুরুষ এবং মহিলাদের মধ্যে আলাদা হয়। মহিলাদের ক্ষেত্রে হার্ট অ্যাটাক হলে বুকের মাঝখানে অস্বস্তিকর চাপ, চাপ, পূর্ণতা বা ব্যথা অনুভূত হতে পারে। এটি এক বা উভয় বাহুতে, পিঠে, ঘাড়, চোয়াল বা পেটে ব্যথা, শ্বাসকষ্ট, বমি বমি ভাব এবং অন্যান্য উপসর্গ সৃষ্টি করতে পারে। পুরুষরা বুকে ব্যথা, অস্বস্তি এবং চাপের সাধারণ হার্ট অ্যাটাকের লক্ষণগুলি অনুভব করে। তারাও, অন্যান্য অঞ্চলে ব্যথা অনুভব করতে পারে, যেমন বাহু, ঘাড়, পিঠ এবং চোয়াল, সেইসাথে শ্বাসকষ্ট, ঘাম এবং অস্বস্তি যা বুকজ্বালার অনুকরণ করে। একটি প্রাপ্তবয়স্ক হৃৎপিণ্ড প্রায় ২ হাত একসাথে আটকে থাকা আকারের হয়। একটি শিশুর হৃৎপিণ্ড প্রায় একটি মুষ্টির আকারের।

কর্নিয়া ছাড়া মানবদেহের প্রতিটি কোষই হৃৎপিণ্ড থেকে রক্ত পায়। আপনার হার্টের ডান দিক আপনার ফুসফুসে রক্ত পাম্প করে। আপনার হৃদপিন্ডের বাম দিকে আপনার শরীরের মাধ্যমে রক্ত পাম্প করে।

প্রতি বছর বড়দিন, পরের দিন এবং নববর্ষের দিন সবচেয়ে বেশি সংখ্যক হার্ট অ্যাটাক হয়।।

সপ্তাহের অন্য দিনের তুলনায় সোমবার বেশি হার্ট অ্যাটাক হয়।

ভারতে মৃত্যুর এক-চতুর্থাংশ সিভিডি (কার্ডিওভাসকুলার রোগের) দ্বারা সৃষ্ট হয়, যা এটিকে মৃত্যুর অন্যতম প্রধান কারণ করে তোলে। হৃদরোগ মার্কিন যুক্তরাষ্ট্রে এক নম্বর ঘাতক। ধমনীতে বাধা এবং হার্ট ব্লক হ'ল প্রধান কার্ডিয়াক সমস্যার পিছনে দুটি কারণ, যেমন করোনারি হৃদরোগ, এথেরোস্ক্লেরোসিস, এনজাইনা, অ্যারিথমিয়া এবং এমনকি হার্ট অ্যাটাক।

ধমনীর ভিতরের দেয়ালে কোলেস্টেরল, ফাইব্রিন, ক্যালসিয়াম এবং বর্জ্য পদার্থ সমন্বিত প্লাক জমা হওয়ার কারণে ধমনীতে ব্লকেজ দেখা দেয়। সময়ের সাথে সাথে এর গঠন ধমনীর লুমেনকে সংকুচিত করে এবং তাদের মধ্য দিয়ে রক্ত প্রবাহের পরিমাণে আপস করে।

হার্ট ব্লক এমন একটি অবস্থা যা হার্টবিট নিয়ন্ত্রণকারী বৈদ্যুতিক সংকেতগুলিকে আংশিক বা সম্পূর্ণরূপে সীমাবদ্ধ করে। এর ফলে অ্যারিথমিয়া (অনিয়মিত হৃদস্পন্দন) এবং হৃদযন্ত্রের কার্যকারিতা ব্যাহত হয়। এটি মাথা ঘোরা, ক্লান্তি, শ্বাসকষ্ট, ঘন ঘন অজ্ঞান হওয়ার মতো উপসর্গ সৃষ্টি করে এবং এমনকি কার্ডিয়াক অ্যারেস্ট পর্যন্ত হতে পারে।আপনার ধমনীতে প্লাক (ধমনীর দেয়ালে

কোলেস্টেরল, চর্বি, ক্যালসিয়াম এবং সেলুলার ধ্বংসাবশেষের একটি জটিল গঠন) তৈরি হতে পারে এটি ধমনীগুলিকে সংকুচিত করে, রক্ত প্রবাহ হ্রাস করে এবং হৃদরোগের ঝুঁকি বাড়ায়। আপনার হার্টের স্বাস্থ্যের জন্য আপনি সম্ভবত সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কাজটি করতে পারেন - আপনার ধমনীতে প্লাক তৈরি হয়েছে কিনা তা সনাক্ত করা সহ আপনার কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকির কারণগুলি বোঝা।

প্লাক হল জীবনযাত্রার একটি প্রাকৃতিক অংশ, কিন্তু আপনার ঝুঁকি কমাতে এবং রোগের অগ্রগতি ধীর করার জন্য অনেক নিয়ন্ত্রণযোগ্য ঝুঁকির কারণ রয়েছে। কার্ডিওলজিস্টরা বিশেষ করে ধমনীতে প্লাক জমা কমানোর জন্য নিয়মিত শারীরিক ক্রিয়াকলাপ অভ্যাসের পরামর্শ দেন। ব্যবহৃত পেশীগুলির আরও অক্সিজেন এবং পুষ্টির প্রয়োজন, যার অর্থ তাদের আরও রক্ত সরবরাহের প্রয়োজন। নিয়মিত ব্যায়াম এমন লোকেদের মধ্যেও ভাল স্বাস্থ্যের দিকে পরিচালিত করে যারা ইতিমধ্যে এথেরোস্ক্লেরোসিস (প্লাক তৈরির কারণে ধমনী ঘন বা শক্ত হয়ে যাওয়া) র সমস্যাতে আক্রান্ত। শারীরিকভাবে নিষ্ক্রিয় হওয়া আপনাকে ধূমপানের চেয়ে উচ্চ হৃদরোগের ঝুঁকিতে ফেলে। নিয়মিত ব্যায়াম মানসিক স্বাস্থ্যের জন্যও গুরুত্বপূর্ণ ।
আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশনের আদর্শ সুপারিশ হল প্রতি সপ্তাহে মাঝারি-তীব্রতার শারীরিক কার্যকলাপের জন্য ১৫০ মিনিটের লক্ষ্য রাখা। ব্যায়াম 'খারাপ' এলডিএল কোলেস্টেরল কমাতে, 'ভাল' এইচডিএল কোলেস্টেরল বাড়াতে এবং রক্তচাপ উন্নত করতে সাহায্য করে, যার সবই স্বাস্থ্যকর ধমনীতে অবদান রাখে।

ব্যায়াম একটি প্রদাহ-বিরোধী প্রভাব ফেলতে পারে এবং এমনকি ইনসুলিন সংবেদনশীলতা কমাতে পারে, একজন ব্যক্তির টাইপ ২ ডায়াবেটিস হওয়ার ঝুঁকি কমাতে পারে, এটি এমন একটি অবস্থা যা আপনার হৃদরোগের ঝুঁকি বাড়ায়। মনে রাখা উচিত ,ডায়াবেটিস নিয়ন্ত্রণের জন্য কিছু কিছু প্রযোজ্য ওষুধ, কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি বাড়ায় ।
হৃদরোগকে পরাজিত করার সর্বোত্তম উপায় হল এটি প্রতিরোধ করা।

আপনার পছন্দের কার্যকলাপগুলি খুঁজুন, দ্রুত হাঁটা, সাঁতার কাটা, সাইকেল চালানো, নাচ, বিকল্পগুলি অফুরন্ত।

উচ্চ কোলেস্টেরলের মাত্রা, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, ধূমপান এবং হৃদরোগের পারিবারিক ইতিহাস সহ প্লাক তৈরির জন্য অনেক ঝুঁকির কারণ রয়েছে, ঝুঁকির কারণগুলি মোকাবেলা করে, প্লাক তৈরি করা কমানো যেতে পারে।

জনস হপকিন্সের কার্ডিওলজিস্ট রজার ব্লুমেন্থাল, এমডি বলেছেন, চর্বিযুক্ত খাবারগুলির খুব বেশি সময় লাগে না ধমনীগুলিকে আটকাতে, যদি একটি ধমনী ৩০ মিনিট বা তার বেশি সময়ের জন্য বন্ধ থাকে, তাহলে হৃদপিন্ডের পেশীর এলাকা যা ধমনী সরবরাহ করে তা ক্ষয়প্রাপ্ত বা মারা যাবে। ইউএস নিউজ অ্যান্ড ওয়ার্ল্ড রিপোর্টের দ্বারা ভূমধ্যসাগরীয় খাদ্যকে পরপর সাত বছর বিভিন্ন কারণে শীর্ষ খাদ্য হিসেবে স্থান দেওয়া হয়েছে। একটি হল হৃদরোগের ঝুঁকি কমানোর ক্ষমতা। এই খাদ্যের মধ্যে রয়েছে: ফল, শাকসবজি, আস্ত শস্যদানা, বাদাম, জলপাই তেল, মটরশুটি, মাছ এবং হাঁস-মুরগির মতো প্রোটিন, পরিমিত পরিমাণে দুগ্ধজাত পণ্য।
ধূমপানের সাথে প্লাক তৈরির একটি সুপরিচিত সম্পর্ক রয়েছে, প্লাক তৈরির ঝুঁকি কমাতে সবচেয়ে উল্লেখযোগ্য ব্যক্তিদের মধ্যে একটি হল ধূমপান ছেড়ে দেওয়া যদি তারা ইতিমধ্যেই না করে থাকেন। প্রকৃতপক্ষে, ধূমপান হৃদরোগের জন্য শীর্ষ নিয়ন্ত্রণযোগ্য ঝুঁকির কারণগুলির মধ্যে একটি।

নিউ ইংল্যান্ড জার্নাল অফ মেডিসিনের গবেষকরা রিপোর্ট করেছেন যে সমগ্র মার্কিন জনসংখ্যা যদি প্রতিদিন তার গড় লবণের পরিমাণ কমিয়ে আধা চা-চামচ করে, তবে এটি প্রতি বছর করোনারি হৃদরোগে আক্রান্ত ব্যক্তিদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে । প্রক্রিয়াজাত এবং রেস্টুরেন্ট-প্রস্তুত খাবারে বিশেষ করে লবণের পরিমাণ বেশি থাকে। তাই আপনার প্রিয় ফাস্ট-ফুড অর্ডার করার আগে দুবার চিন্তা করুন। আপনার যদি উচ্চ রক্তচাপ বা হার্ট ফেইলিওর থাকে তবে পটাসিয়াম সমৃদ্ধ লবণ ব্যবহার করার কথা বিবেচনা করুন।

আপনার স্যাচুরেটেড ফ্যাট গ্রহণ আপনার দৈনিক ক্যালোরির ৭ শতাংশের বেশি না করা আপনার হৃদরোগের ঝুঁকি কমাতে পারে । স্যাচুরেটেড ফ্যাট সমৃদ্ধ খাবার এড়িয়ে চলুন। আমেরিকান কলেজ অফ কার্ডিওলজির জার্নালে গবেষণায় পেটের অতিরিক্ত চর্বি উচ্চ রক্তচাপ এবং অস্বাস্থ্যকর রক্তের লিপিড মাত্রার সাথে যুক্ত হয়েছে। আপনি যদি আপনার মাঝখানে অতিরিক্ত চর্বি বহন করে থাকেন তবে এটি স্লিম হওয়ার সময়। কম ক্যালোরি খাওয়া এবং বেশি ব্যায়াম করা একটি বড় পার্থক্য করতে পারে।

মানসিকভাবে সুস্থ থাকা আপনার শারীরিক স্বাস্থ্যের জন্যও বিস্ময়কর কাজ করতে পারে। এটি মূলত সাধারণ জ্ঞান যে চাপ আপনার হৃদয়ের জন্য ভাল নয়। কিন্তু, আসলে স্ট্রেস আপনার কার্ডিওভাসকুলার সিস্টেমের ঝুঁকির সমান। স্ট্রেস আপনার শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমাতে পারে। সাইকোলজিক্যাল বুলেটিনে প্রকাশিত একটি সমীক্ষায়, গবেষক সুজান সি. সেগারস্ট্রম এবং গ্রেগরি ই. মিলার স্ট্রেস এবং ইমিউন সিস্টেমের মধ্যে জটিল সম্পর্কের সন্ধান করেছেন।
স্ট্রেস পরিচালনা করাও গুরুত্বপূর্ণ, কারণ দীর্ঘস্থায়ী স্ট্রেস প্রদাহের জন্য অবদান রাখতে পারে, যা ধমনীতে প্লাক গঠনকে বাড়িয়ে তুলতে পারে, যোগা বা ধ্যানের মতো শিথিলকরণ কৌশলগুলি অন্বেষণ করা স্ট্রেস কমাতে উপকারী হতে পারে। যোগব্যায়াম আপনাকে আপনার ভারসাম্য, নমনীয়তা এবং শক্তি উন্নত করতে সাহায্য করতে পারে। এটি আপনাকে শিথিল করতে এবং মানসিক চাপ উপশম করতে সহায়তা করতে পারে। যোগব্যায়ামে হৃদরোগের উন্নতির সম্ভাবনা রয়েছে।

নেচার মেডিসিনে প্রকাশিত প্রতিবেদনে উচ্চ মাত্রার নিয়াসিন, একটি অপরিহার্য বি ভিটামিনের অত্যধিক পরিমাণের পূর্বে অজানা ঝুঁকি প্রকাশ করা হয়েছে, যা মাংস, মাছ, বাদাম, এবং সুরক্ষিত সিরিয়াল এবং রুটি সহ অনেক খাবারে পাওয়া যায়। পুরুষদের জন্য নিয়াসিনের প্রস্তাবিত দৈনিক ভাতা প্রতিদিন ১৬ মিলিগ্রাম এবং গর্ভবতী নয় এমন মহিলাদের জন্য প্রতিদিন ১৪ মিলিগ্রাম। অত্যধিক নিয়াসিন গ্রহণের ফলে কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি বেড়ে যেতে পারে।

ডার্ক চকলেট শুধু সুস্বাদুই নয়, এতে হার্ট-স্বাস্থ্যকর ফ্ল্যাভোনয়েডও রয়েছে। এই

যৌগগুলি প্রদাহ কমাতে এবং আপনার হৃদরোগের ঝুঁকি কমাতে সাহায্য করে, নিউট্রিয়েন্টস জার্নালে বিজ্ঞানীরা পরামর্শ দেন। পরিমিতভাবে খাওয়া, ডার্ক চকোলেট আসলে আপনার জন্য ভাল হতে পারে।

অ্যালকোহলের পরিমিত সেবন আপনার এইচ ডি এল বা ভালো কোলেস্টেরলের মাত্রা বাড়াতে সাহায্য করতে পারে। এটি রক্ত জমাট বাঁধা গঠন এবং ধমনী ক্ষতি প্রতিরোধ করতে সাহায্য করতে পারে। মায়ো ক্লিনিকের মতে, বিশেষ করে রেড ওয়াইন আপনার হার্টের জন্য উপকারী হতে পারে।
বাদাম, আখরোট, পেস্তা এবং অন্যান্য গাছের বাদাম হার্ট-স্বাস্থ্যকর চর্বি, প্রোটিন এবং ফাইবার সরবরাহ করে। আপনার খাদ্যতালিকায় এগুলি অন্তর্ভুক্ত করা আপনার কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি কমাতে সাহায্য করতে পারে। পরিবেশন আকার ছোট রাখবেন, যদিও বাদাম স্বাস্থ্যকর উপাদানে পূর্ণ, তারা ক্যালোরিতেও বেশি।

আঙ্গুর নিয়মিত খেলে রক্তচাপ নিয়ন্ত্রণে আসে। নিউট্রিশন নামক জার্নালের এক গবেষণা প্রতিবেদনে বলা হয় যে, প্লাটিলেটের সক্রিয়তা কমানোর মাধ্যমে আঙ্গুরের জুস হার্টের ব্লকেজ প্রতিরোধে সাহায্য করে। গবেষণায় দেখানো হয় যে, এক গ্লাস লাল আঙ্গুরের জুস ধমনীতে প্লাটিলেটের সংখ্যা কমায়। যারা হৃদরোগে ভুগছেন তাদের জন্য আঙ্গুর খাওয়া খুবই উপকারী। এটি হৃদপিণ্ডকে সুস্থ ও স্বাভাবিক রাখে ও রক্ত চলাচলে সাহায্য করে।
হার্ট ভালো রাখার জন্য খুবই উপকারী একটি ফল হলো স্ট্রবেরি। এটি আপনাকে হার্ট সুস্থ রাখার ক্ষেত্রে সাহায্য করবে। বিশেষজ্ঞরা বলছেন, কার্ডিওভ্যাসকুলার ডিজিজ দূরে রাখতে স্ট্রবেরির গুরুত্ব অপরিসীম। কারণ উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে স্ট্রবেরির ভূমিকা রয়েছে। এই ফল নিয়মিত খেলে তা শরীরে পটাশিয়াম পৌঁছে দেয়। যে কারণে রক্তচাপ নিয়ন্ত্রণে আসে। যে কারণে হার্ট ভালো রাখা সহজ হয়।
ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ খাবার খাওয়াও হৃদরোগ থেকে বাঁচতে সাহায্য করতে পারে। অনেক মাছ, যেমন স্যামন, টুনা, সার্ডিন এবং হেরিং, ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডের সমৃদ্ধ উৎস।

প্রতিদিন এক থেকে তিন কাপ সবুজ বা কালো চা পান করা আপনার হৃদরোগের ঝুঁকি কমাতে সাহায্য করতে পারে, আমেরিকান হার্ট এসোসিয়েশন রিপোর্ট করে। উদাহরণস্বরূপ, এটি এনজিনা এবং হার্ট অ্যাটাকের কম হারের সাথে যুক্ত।

গবেষণায় দেখা গেছে যে আপনি হাসলে আপনার রক্তনালীগুলি শিথিল হয়, যা আপনার শরীরে ২০ % বেশি রক্ত প্রেরণ করে। শিথিল রক্তনালী মানে আপনার হৃদপিন্ডকে ততটা পরিশ্রম করতে হবে না। হাসি আপনার হৃদয়ের জন্য ভাল। আপনার দৈনন্দিন জীবনে উচ্চস্বরে হাসুন। গবেষণা অনুযায়ী হাসি স্ট্রেস হরমোন কমাতে পারে, আপনার ধমনীতে প্রদাহ কমাতে পারে এবং আপনার উচ্চ-ঘনত্বের লাইপোপ্রোটিন (এইচএলডি) এর মাত্রা বাড়াতে পারে, যা "ভাল কোলেস্টেরল" নামেও পরিচিত।

যোগব্যায়াম আপনাকে আপনার ভারসাম্য, নমনীয়তা এবং শক্তি উন্নত করতে সাহায্য করতে পারে। এটি আপনাকে শিথিল করতে এবং মানসিক চাপ উপশম করতে সহায়তা করতে পারে। যেন এটি যথেষ্ট নয়, যোগব্যায়ামেও হৃদরোগের উন্নতির সম্ভাবনা রয়েছে। প্রকাশিত গবেষণা অনুযায়ী যোগব্যায়াম কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি কমাতে সম্ভাব্যতা প্রদর্শন করে।

ভাল হার্টের স্বাস্থ্যের জন্য ব্যায়াম অপরিহার্য, লিফটের পরিবর্তে সিঁড়ি নিন। পার্কে আপনার কুকুর বা বাচ্চাদের সাথে খেলুন। প্রতিটি সামান্য ব্যায়াম উন্নত ফিটনেস যোগ করে। দীর্ঘ সময় ধরে বসে থাকলে আপনার আয়ু কমে যেতে পারে, রক্তের চর্বি এবং রক্তে শর্করার উপর অস্বাস্থ্যকর প্রভাব ফেলে। আপনি যদি একটি ডেস্কে কাজ করেন, তবে ঘুরতে ঘুরতে নিয়মিত বিরতি নিতে ভুলবেন না। আপনার মধ্যাহ্নভোজের বিরতিতে হাঁটতে যান, এবং আপনার অবসর সময়ে নিয়মিত ব্যায়াম উপভোগ করুন।

সেক্স আপনার হার্টের জন্য ভালো হতে পারে। যৌন ক্রিয়াকলাপ আপনার জীবনে কেবল আনন্দের চেয়ে আরও বেশি কিছু যোগ করতে পারে। এটি আপনার রক্তচাপ এবং হৃদরোগের ঝুঁকি কমাতেও সাহায্য করতে পারে। গবেষণা প্রকাশিত হয়েছে আমেরিকান জার্নাল অফ কার্ডিওলজি জার্নালে।
আপনি ওয়েস্টার্ন বা ইন্ডিয়ান ক্লাসিক্যাল যে সুর পছন্দ করুন না কেন, সঙ্গীত বিশেষ করে বিলম্বিত লয়ের ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত আপনাকে শান্ত এবং আপনাকে শিথিল করে এবং নৃত্য আপনার হৃদস্পন্দন বাড়ায় এবং আপনার ফুসফুসকে পাম্প করে। এটি প্রতি ঘন্টায় ২০০ ক্যালোরি বা তারও বেশি পোড়ায়।
ভালো ওরাল হাইজিন আপনার দাঁত সাদা ও চকচকে রাখার চেয়েও বেশি কিছু করে। ক্লিভল্যান্ড ক্লিনিকের মতে, কিছু গবেষণা পরামর্শ দেয় যে মাড়ির রোগ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া আপনার হৃদরোগের ঝুঁকি বাড়াতে পারে।
ইতিবাচক দৃষ্টিভঙ্গি আপনার হৃদয়, সেইসাথে আপনার মেজাজের জন্য ভাল হতে পারে। হার্ভার্ড টি এইচ চ্যান স্কুল অফ পাবলিক হেলথের মতে, দীর্ঘস্থায়ী চাপ, উদ্বেগ এবং রাগ আপনার হৃদরোগ এবং স্ট্রোকের ঝুঁকি বাড়াতে পারে। পরের বার যখন আপনি অভিভূত, উত্তেজিত বা রাগান্বিত বোধ করবেন, তখন একটু ঘুরে আসুন। এমনকি পাঁচ মিনিটের হাঁটা আপনার মাথা পরিষ্কার করতে এবং আপনার চাপের মাত্রা কমাতে সাহায্য করতে পারে, যা আপনার স্বাস্থ্যের জন্য ভাল। জীবনের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি বজায় রাখা আপনাকে দীর্ঘকাল সুস্থ থাকতে সাহায্য করতে পারে।

কমপ্লিমেন্টারি অর্থাৎ হলিস্টিক মেডিসিন যেমন আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, আরোমা থেরাপি, যোগ প্রভৃতি চিকিৎসা রোগীর মানসিক সুস্থতা এবং শারীরিক লক্ষণগুলির সমাধান করে। উদাহরণস্বরূপ, এই চিকিৎসা মানসিক চাপ এবং অন্যান্য সম্পর্কিত সমস্যাগুলি হ্রাস করে একটি সামগ্রিক পদ্ধতি গ্রহণ করে। এটি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, অ্যারিথমিয়া ইত্যাদির মতো সমস্যাগুলি নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। হার্টের অবস্থা কমপ্লিমেন্টারি চিকিৎসায় ভালো সাড়া দিতে পারে এবং উচ্চ সাফল্যের হার থাকতে পারে।

সূত্র


1. https://www.medscape.com/viewarticle/997629#:~:text=%22These%20data%20show%20that%20commonly,who%20presented%20the%20study%20at
2. https://news.feinberg.northwestern.edu/2018/12/21/two-type-2-diabetes-drugs-linked-to-higher-risk-of-heart-disease/
3. https://www.nbcnews.com/id/wbna55661752#:~:text=The%20study%20also%20found%20some,the%20stomach%2C%20intestines%20and%20brain.
4. Psychological stress and the human immune system: a meta-analytic study of 30 years of inquiry by Suzanne C Segerstrom, Gregory E Miller, https://pubmed.ncbi.nlm.nih.gov/15250815/
5. Materia Medica for the New Age Man by Dr Debasish Kundu, Dr Anton Jayasuriya, Dr. Mohinuddin Ahmed, (Originals, New Delhi www.Lppindia.com)

# পালসাম্রাজ্য ও সেন রাজাদের যুগে দুর্গাপুজোর পরম্পরা।



KOLKATA, INDIA MITHUN KR RAUT

জন্ম পশ্চিম মেদিনীপুর, অধুনা ঝাড়গ্রাম জেলার, ধডাংরি গ্রামে। ছেলেবেলা ও স্কুলশিক্ষা জামশেদপুরে। ইগনো বিশ্ববিদ্যালয় দিল্লী থেকে কমার্সে স্নাতক হয়ে, প্রথমজীবনে শিক্ষকতা, অতঃপর দিল্লির প্রতিরক্ষা মন্ত্রকে, কর্মজীবন। ২০১২ সাল থেকে কলকাতার বাসিন্দা। বর্তমানে আয়কর দপ্তর, কলকাতায় আধিকারিক। লেখালেখির শখ কলেজ থেকেই। পছন্দ বইপড়া, গান ও ছাদবাগান করা। বিভিন্ন পত্রপত্রিকায় লেখা প্রকাশিত হয়েছে। ছোটগল্প, কবিতা, প্রবন্ধ সবকিছু নিয়েই চর্চা। ঐতিহাসিক গল্প লেখা, বিশেষ প্রাথমিকতা।



গৌড় অধিপতি মহারাজ শশাঙ্ক ও তাঁর পুত্র মানবদেবের অসময় মৃত্যুর পরে দীর্ঘ একশত বছর বাংলায় মাৎস্যন্যায় চলিয়াছিল। তারপরে দেশের জমিদার ও সামন্তগণ প্রজাবর্গের যুক্তি মেনে গোপালকে রাজা ঘোষণা করেন ও পাল বংশের স্থাপনা হয়। ধর্মপাল, দেবপালদের সময়ে পাল সাম্রাজ্য উত্তর ভারতের এক বিশাল অংশে ব্যাপ্ত হয়। প্রারম্ভিক পাল সম্রাটগণ হিন্দু হলেও তাদের প্রধান পৃষ্ঠপোষকতা ছিল বৌদ্ধ ধর্মের প্রতি। কিন্তু পরবর্তী পাল রাজারা হিন্দু দেবদেবীদের প্রতি সমর্পিত ছিলেন বলেই জানা যায়। তাঁদের শাসনে হিন্দু ও বৌদ্ধ উভয় সম্প্রদায়ের মানুষ শান্তিতে বসবাস করিতেছিল।

আসাম ত্রিব্যুন পত্রিকার রিপোর্ট অনুসারে দুর্গাপুজা মানানোর ইতিহাস পাওয়া যায়, গুয়াহাটি শহরের উজান বাজার, আগরতারা (Ugartara) মন্দিরে। মহান পাল সম্রাট ধর্মপাল কামরূপ অর্থাৎ তৎকালীন আসামকে নিজের সাম্রাজ্যের মধ্যে নিয়ে এসেছিলেন এবং তারপরে সেখানে দুর্গাপুজা মানানো শুরু হয়। এই সময় এই এলাকার রাজধানী ছিল প্রাগজ্যোতিষপুর।
আগরতারা মন্দিরে প্রতিষ্ঠাস্থলে, দেবী সতীর নাভির অংশ পড়েছিল, বলে মান্যতা। দক্ষযজ্ঞের অঘটনের পরে শিব যখন তান্ডব করছেন, যখন দেবী সতীর মরদেহ নিয়ে দিকবিদিক ছুটছেন, তখন শ্রীকৃষ্ণের সুদর্শন চক্রের আঘাতে দেবীর শরীরের বিভিন্ন ভাগ কেটে কেটে পড়েছিল। এই মন্দিরের একজন ট্রাষ্টি জানিয়েছিলেন, কামরূপ জেলার, সুয়ালকুচি স্থিত বারদেউড়ি ও নলবাড়ি জেলার দিঘেলি এই দুই জায়গায় দুর্গাপুজা পালিত হওয়ার ইতিহাস মেলে। তখন পাল বংশের রাজা রত্নপালের শাসন চলছে, তখন ১০৪৪ খ্রিষ্টাব্দ। এই সময়ে পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলে খনন করে, নানা সাইজের দশভুজা মূর্তি পাওয়া গেছে, যার থেকে অনুমান করা যায় যে দেবী দুর্গার পুজা সেই সময়ও প্রচলিত ছিল। আবার চীন দেশ ও তিব্বতের বিভিন্ন পরিব্রাজকরা বৌদ্ধধর্মের লিখিত বিবরণ রেখে গেছেন এবং এরুপ বহু পুঁথি তাদের দেশে নিয়ে গেছেন ও তা সংরক্ষিত হয়েছে।

সেইসব লেখা পুঁথি থেকে হিন্দু পুজাপদ্ধতির বিষয়ে, তেমন পাওয়া যায় না। আন্দাজ করা যায় যে অদন্তপুরী, বিক্রমশিলা ও নালন্দা মহাবিহারের লাইব্রেরি ধ্বংসপ্রাপ্তি না হলে, সেই মুল্যবান পুঁথি গুলি থেকে হিন্দুদের দেব দেবী বিষয়ে নানান তথ্য আমরা পেতাম। গৌড় ও রাঢ় বঙ্গের বিভিন্ন স্থানে অষ্টভুজা ও দশভুজা মাতৃপ্রতিমা পাওয়া গেছে। মূর্তি গুলি যদি কথা বলিতে পারিত তবে তারা নিশ্চিত বলিত, যে কেমন করে, কত আনন্দে মানুষ তাহাদের পুজা করিয়াছিল!

পাল রাজাদের পরে বঙ্গে শাসনকাল শুরু হয় সেন রাজ বংশের। এনারা প্রধানত বৈষ্ণব ছিলেন। এই বংশের মহান রাজা বল্লাল সেন হিন্দু ধর্মের অতীত গৌরব ফেরত আনিবার জন্য সদা সচেষ্ট থাকিতেন। তিনি কুলীন প্রথা প্রবর্তন করিয়া ছিলেন। এই প্রথা শুরু করিবার পেছনে তার প্রধান

উদ্দেশ্য ছিল হিন্দু সমাজকে নতুনভাবে গঠিত করা। এই ব্যাবস্থা সমাজের তিনটি উচ্চবর্ণ যথা ব্রাহ্মন, বৈদ্য ও কায়স্থকে নতুনভাবে বিন্যাস দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। বিভিন্ন জাতির মানুষদের কিছু নির্দিষ্ট নিয়মাবলি ও পুজাপদ্ধতি মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছিল। বিশেষত সমাজে ব্যাবহার ও বিবাহ প্রভৃতির জন্য। এই প্রয়োগ করা হয়েছিল সততা, ন্যায়পরায়নতা, জাতির বিশুদ্ধতা ও নানান বৈশিষ্টকে বজায় রাখার উদ্দেশ্যে। বিভিন্ন দেব দেবীর পুজাও এর আওতায় এসেছিল।

এর মধ্যে দুর্গাপুজার উল্লেখও পাওয়া যায়। দ্বাদশ শতাব্দিতে সেন রাজাদের সময়ে বাংলার বিভিন্ন জায়গায় ব্যাপক ভাবে মা দুর্গার পুজা পালন করার বিবরণ পাওয়া যায়। বাংলার ক্ষত্রিয় রাজাদের মধ্যে শক্তির দেবী দুর্গার প্রতি বিশেষ ভক্তি ছিল। প্রাচীন কালে শ্রীরামচন্দ্র রাবনকে হারাইবার উদ্দেশ্যে, শরতকালে দুর্গাপুজা করেছিলেন। বাস্তবে দুর্গা পুজার নির্দিষ্ট সময় মানা হয় বসন্তঋতুকে। এখনো তাই এই পুজাকে বাসন্তী পুজা রূপে পালন করা হয়। এই জন্য শরতকালের পুজা অকালবোধন নামে প্রসিদ্ধি পায়। রাবন বধের পরে রামচন্দ্র অযোধ্যা ফিরে এলে, দীপাবলী পর্ব মানানো হয়। সত্যি বলতে কি সেন যুগের সময় থেকেই শরতকালিন দুর্গাপূজা, বিজয়া দশমী ও তারপরে দীপাবলি এই প্রচলন শুরু হয় বলেই মানা হয়। বাঙালী সারা বছরের সব আনন্দ যেন এই পুজার কদিনের যাপনের মাধ্যমে পেয়ে যায়।
পরবর্তীকালে মহারাজা প্রতাপাদিত্যর সময়ে, যশোরেশ্বরি কালিমাতার যে পুজা বিখ্যাত হয়, সেটিও বাঙ্গালায় শক্তি পুজার আর একটি নিদর্শন হয়ে ওঠে। এই ভাবে মা কামাখ্যার পুজাও যেন দুর্গাপুজার আর একটি রূপ। তিনি যেন, "সর্বস্ব রূপে সর্বেশে, সর্বশক্তি সমন্বিতে! ফয়েভ্য স্ত্রয়হি নে দেবী, দুর্গে দেবী নমঃ স্তুতে!" (প্রণাম মন্ত্র হইতে)
বল্লাল সেন তান্ত্রিক হিন্দু পুজা পদ্ধতির বিশেষ পৃষ্ঠপোষক ছিলেন এবং তিনি নিজের সংবাহক ও প্রচারকদের মগধ, চট্টগ্রাম, উৎকল, আরাকান ও নেপাল প্রদেশে পাঠিয়েছিলেন। বলাবাহুল্য এই সব প্রচারকরা তন্ত্র সাধনার সাথে দেবী দুর্গা ও কালির পুজা পদ্ধতিরও প্রচার করেছিলেন। বল্লাল সেনের বাংলার পাঁচটি প্রধান ভাগ ছিল, বঙ্গ, বারেন্দ্র, রাঢ়, বাগদি ও মিথিলা।

কিন্তু বল্লাল সেনের প্রবর্তিত কুলীন প্রথা পরবর্তীকালে নিজের আসল উদ্দেশ্য থেকে সরিয়া যায় ও বাংলার সমাজ জাতি প্রথার ভীষণ ব্যাধি দ্বারা আক্রান্ত হয়ে পড়ে। নিম্ন জাতির মানুষদের ওপর ব্রাহ্মন ও অন্যান্য উচ্চ জাতির লোকেরা নানান বিধি নিষেধ আরোপিত করে, কিছু জায়গায় মাত্রাতিরিক্ত অত্যাচার হয়, যার জন্য হিন্দু ধর্মের বিপুল ক্ষতি হয়। দুর্গা পুজার উৎসবের মাধ্যমে হিন্দু সমাজ যে ভেদাভেদ ভুলে আবার ঐক্যবদ্ধ হতে আরম্ভ করেছিল সেই প্রচেষ্টা আবার ব্যাহত হয়। মুসলিম শাসকেরা এই অন্যায়ের প্রতিকার করতে গিয়ে, নিজের ধর্মের প্রচার করিবার সুযোগ পেয়ে যান।

সেই সময়ে ভারতে যবন ধর্ম প্রসার শুরু করেছিল। বল্লাল সেনের পরে তার নাতি মতান্তরে ছেলে, লক্ষ্মণসেন রাজা হন। তিনি যুবা বয়সে বীরপুরুষ ছিলেন। সেন সাম্রাজ্যের প্রসার তাঁর তরবারির দ্বারাই হয়েছিল। 'বঙ্গলক্ষ্মীর ব্রতকথা' গ্রন্থ হইতে আমরা জানিতে পারি, হিন্দু ধর্মকে পুনর্জীবিত করার জন্য, তিনি কনৌজ থেকে পাঁচঘর কুলীন বাহ্মন পরিবার এনে বাংলায় তাদের প্রতিষ্ঠা করেছিলেন বলে মত। এনাদের পরবর্তী পুরুষরাই ভট্টাচার্য, চট্টোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায়, মুখোপাধ্যায়, গঙ্গোপাধ্যায় প্রমুখ হয়েছিলেন। এনারা বাঙ্গালায় নতুন করে পুজা পার্বণ প্রচার প্রসার করেন। বঙ্গে ফের বঙ্গলক্ষ্মীর প্রতিষ্ঠা হয়।
যদিও কিছু কিছু মুসলিম ঐতিহাসিক (মিনহাজ ও অন্যান্য) লক্ষণ সেনের শেষ বয়সের যে বিবরণ দিয়েছেন, তা গ্রহন করতে বেশ কষ্ট হয়। বাস্তবে তখন তাঁর বয়স আশি হইয়াছিল। বখতিইয়ার খিলজির আক্রমনের সময় ঠিক কি হইয়াছিল তা সঠিক ভাবে আমরা কেউ জানিতে পারিব না। ঠিক কোন কারনে তিনি রাজধানী পরিত্যাগ করিয়া, লখনৌটি পলায়ন করেন ও সেখানে নতুন রাজধানী স্থাপন করেন তা জানা যায় না। সে যাই হোক না কেন, বাংলায় দেবী দুর্গার পুজা প্রবর্তনে সেন শাসকগণের অবদান আমাদের শ্রদ্ধার সাথেই স্মরন করা কর্তব্য। নদীমাতৃক বঙ্গদেশের গৌড় প্রদেশ সন্নিহিত স্থান গুলিতে এখন ঘন জন বসতি আছে। নচেৎ সঠিক ভাবে খনন কাজ হইলে বাঙ্গালার অশ্রুতপূর্ব ইতিহাসের আরো নানান উজ্জ্বল হীরা মাণিক্য আমরা যে পাইব, সে বিষয়ে কোন সন্দেহ নাই। এমনও হতে পারে কোন প্রাচীন মহলের নিভৃত কক্ষে, এমন কোন পুঁথি পেয়ে যাব, যা বাংলার ইতিহাসের সেই অন্ধকারাছন্ন অধ্যায়গুলিকে আলোকোজ্জ্বল করে তুলবে, এটাই আমাদের আন্তরিক কামনা।

তথ্যসূত্র:
আসাম ত্রিব্যুন, ইন্টারনেট, বঙ্গলক্ষ্মীর ব্রতকথা প্রভৃতি।

# এই সময় এই বিষন্নতা



NORTH 24 PARGANANS, INDIA
BISWAJIT ROY CHOWDHURY

বিশ্বের নব্বই শতাংশ মানুষ আগামী দশকের মধ্যে কর্মহীণ হয়ে পড়তে চলেছে। কেবল দশ শতাংশ মানুষ বিশেষজ্ঞ চাকুরীজীবী হিসেবে পরিগণিত হবে। আর নব্বই শতাংশ মানুষ কেবলমাত্র কাজ জোগাতে থাকবে নো ওয়ার্ক নো পে ওয়ার্কার হিসেবে। তাদের জন্যে অসংরক্ষিত কর্মীর প্রাপ্য সুযোগ সুবিধা বেতনভোগী চাকুরের মতো পর্যাপ্ত হবে না। শ্রম তা সে যে কোনো শ্রমই হোক না কেন মানে কায়িক শ্রম এবং মানসিক শ্রম যদি যন্ত্রের সাহায্যে করা হয় তাহলে মানুষের আর দরকার কি ? রোবট এক্সপ্লয়েটেশন এবং ডিজিটাল ম্যানিপুলেশন

সৃষ্টিকে ডোমিনেট করতে দেবে কিন্তু স্রষ্টাকে নেপথ্যে সরিয়ে। যার ফলে ক্রিয়েটিভিটির কদর ক্রিয়েটরকে ছাপিয়ে যাবে। কে কোন বিষয়টির আবিষ্কারক তা মানুষ বিস্মৃত হয়ে যাবে কিংবা তা হবে কষ্টকল্পিত । তাছাড়া এ. আই. যদি মেথার লগ্নতা লঘু করে দেয় তাহলে অ্যাভারেজ জনসংখ্যা ক্রমশঃ অপ্রাসঙ্গিক হয়ে পড়বে এবং কাজের জগতে রিলেট করতে পারবে না। একজন ডাক্তারের মেধা , একজন উকিলের কাজ যদি এ. আই . দিয়ে করানো হয় তবে ডাক্তার, উকিল , ইঞ্জিনিয়ারদের অবস্থা কি হবে ভাবা যায় ! টিচারদের কাজ যদি অনলাইনে সম্পন্ন করা যায় , যদি স্কুলিং এর সবটাই অনলাইনে করা যায় তবে এডুকেশন ওয়ার্ল্ড ইনস্টিটিউট নির্ভর থাকবে না। লাগবে না বইপত্রের বা স্টাডি ম্যাটেরিয়ালসের । চালকবিহীন গাড়ি মোটর ভেহিকলের সঙ্গে জড়িত কর্মীদের বেদরকারি করে দেবে । ইলেকট্রিসিটি চালিত যান পেট্রলপাম্পের নামগন্ধও করবে না। বসে যাবে মালিক থেকে শ্রমিক। তাছাড়া উড়ন্ত যানের আধিপত্য বিস্তার হলে রোড ম্যানেজমেন্ট করবে কে ? সে তো জনহীণ সর্পিল রেখার মতো পড়ে থাকবে । হার্ভেস্টার – থ্রেসার এগ্রিকালচার সেক্টরে বিপ্লব ঘটিয়ে দিয়ে পথ পরিষ্কার করে দিয়েছে কৃষি ক্ষেত্রে ক্রমাগত যন্ত্রের ব্যবহার। ম্যান অপারেটিং সিস্টেম যদি কৃষি ক্ষেত্রে অবসোলেট হয়ে আসে তবে ম্যান পাওয়ার আইসোলেট হয়ে যাবে।

আগামী পঁচাত্তর বছরে ক্লাইমেট চেঞ্জ হবে ব্যাপকভাবে। গ্লোবাল ওয়ার্মিং এর স্করচিং হিট তার দাপটে দক্ষিণ মেরুর বরফ মানে আইস বার্গ গলে সমুদ্রের জলস্তর যে হারে বাড়িয়ে চলেছে তাতে প্রমাদ গুনছে পৃথিবীর মানুষ।

বিজ্ঞানীরা সতর্ক করছেন ভয়াবহ অবস্থা হবে পৃথিবীর মানচিত্রে। ডাঙা জায়গা গুলো ক্রমশঃ জলের তলায় ডুবতে শুরু করবে। ভূস্তরের নীচে মহাদেশীয় প্লেটগুলো নড়াচড়া করছে , একটার ওপর আরেকটা উঠে পড়ছে আবার নেমে যাচ্ছে। নানা নামের এই প্লেটগুলো ওঠানামা করছে বলে প্রবল ভূ- আলোড়ন সৃষ্টি হচ্ছে। ভূমিকম্প সিরিয়া , মিশর , তুরস্ক, ভারত , পাকিস্তান প্রভৃতি দেশে সাম্প্রতিক কালে যে ভয়ংকর বিধ্বংসী ক্ষয়ক্ষতি করেছে তাতো সমগ্র পৃথিবীবাসী মিডিয়া মারফত দেখেছে।

মাল্টিস্টোরেড বিল্ডিংগুলো খোলামকুচির মতো ভূতলশায়ী। মানুষের অগনিত মৃত্যু । অগ্ন্যুৎপাত , দাবানল , হ্যারিকেন ,টর্নেডো , ক্লাউডবার্স্ট , হড়কাবান , প্রাকৃতিক দুর্যোগের কমতি নেই। গ্রীন হাউস গ্যাস ওজনস্তরে ছিদ্রের পর ছিদ্র তৈরি করে অজানা রোগ জীবাণুর নির্গমন অপ্রতিরোধ্য করে চলেছে। সূর্য থেকে আগত ডেডলি গামা রশ্মি, আল্ট্রাভায়োলেট রশ্মি, যা ওজনস্তরে আটকে যেত তা অসংখ্য ছিদ্র পাওয়ায় ভয়ংকর জীবাণু বহন করে ঢুকে পড়ছে পৃথিবীর সুনির্মল বাতাসে । ডাক্তাররা হিমসিম খেয়ে যাচ্ছেন রোগ নির্ণয় করতে। বিজ্ঞানীরা স্তম্ভিত মুখে লেগে পড়ছেন রিমেডি কি আছে তা বের করতে। ইত্যবসরে কোটি কোটি অসহায় মানুষের মৃত্যু ঠেকানো যাচ্ছে না।

তাই আজ মানুষের মনে কোন আনন্দ নেই। মানুষ বিষন্নতা ঠেলে অনাবিল আনন্দ মুখর হতে পারছে না। অবশ্য একথা হয়তো সবক্ষেত্রে খাটে না। আনন্দ অনুষ্ঠান তো মানুষের আনন্দবর্ধন করার জন্যেই । কিন্তু কোথায় যেন সুর – তাল – লয়ের সমে চিড় ধরে গেছে। জগতের আনন্দযজ্ঞের আয়োজনে সবার নিমন্ত্রণ থাকলেও উপস্থিতির হার উৎফুল্লজনক নয়। কিন্তু কিন্তু করেও এ কথা বলতে দ্বিধা নেই। যুগের এক অমানিশার সন্ধিক্ষণে উপস্থিত সবাই। হয়তো আমরা সময়ের নিয়মে কাটিয়ে উঠব । তবে সময়ের নিয়মেই আমরা এক ক্রান্তিকালে উপস্থিত। মহাকালের গর্ভে এই সময়খণ্ড তলিয়ে যাবে । এই মহাদেশীয় সভ্যতার অদলবদল হবে । পরিবর্তনশীল জগতের নিয়মে সব কিছুই পরিবর্তনীয় । তাই কর্মহীণতার নজির না গড়ে আমরা কি পারবো না নিজেদের পরিবর্তন ঘটিয়ে এই পরিবর্তনশীল জগতের সঙ্গে খাপখাইয়ে নিয়ে চলতে ? চরৈবেতি চরৈবেতি।

তমসো মা জ্যোতির্গময় । মা দূর্গার আবাহনের মধ্যে দিয়ে আমরা কামনা করি মা যেন আমাদের সকল দূর্গতি থেকে রক্ষা করেন । দূর্গতি বিনাশিনী মা দূর্গা দূর্গতি দূর করো মা ।

# তোমার পরশ থাকুক, আমার হৃদয়ভরা



JHARGRAM, INDIA
ABIR BHATTACHARYA

সেদিন সকাল থেকেই আকাশের মুখ ভার। গুঁড়ি গুঁড়ি

বৃষ্টি পড়ছে। এলোমেলো বাতাসে কেমন যেন মনকেমনিয়া ভাব। বারান্দায় একাই বসেছিলেন সৌমদীপ্ত।সেই কোন ভুলে যাওয়া শৈশব বেলার পরে,বেশ কয়েকদিন একটানা গ্রামে কাটালেন মধ্যবয়সী প্রবাসী মানুষটি। মা হঠাৎ চলে গেলেন, পারলৌকিক কাজকর্মের জন্য থাকতে হলো,হয়তো মা-হারা হলেন বলেই ইচ্ছাকৃত ভাবেই কয়েকটি দিন রয়ে গেলেন শ্যামল মাতৃছায়ায়। সেই কোন ছেলেবেলা ছাড়া এখানকার স্মৃতি তেমন সজীব নয় তাঁর মনে। মা-বাবার একমাত্র সন্তান ছিলেন, সবাই বলতো মেধাবী। উচ্চাকাঙ্ক্ষী বাবা, মায়ের চোখের জলকে প্রশ্রয় না দিয়েই পৌঁছে দিয়েছিলেন সুদূর পুরুলিয়ার বিখ্যাত আশ্রমিক স্কুলে। অস্বীকার করার কোন উপায় নেই,সেখানকার রুক্ষমাটিতেও স্নিগ্ধ শ্যামলিমা,মহারাজদের আপাত কঠোরতার আড়ালে স্নেহনির্ঝর নিয়মনিষ্ঠতা এক অমূল্য জীবন উপহার দিয়েছে তাঁকে ; একের পরে এক গন্ডী ভেঙেছেন,সাফল্যপথ কুসুমাস্তীর্ণ হয়েছে, চল্লিশের আগেই বিখ্যাত মিশিগান ইউনিভার্সিটির অধ্যাপক,সুন্দরী,শিক্ষিতা বিদেশিনী স্ত্রী,দুটি সুন্দর সন্তান...মধ্য-পঞ্চাশের মানুষটির পিছনে তাকলে সবাই শুধু আলোই দেখেন,তবু যখন ওদেশে তুমুল বরফ-বৃষ্টি হয়,অথবা কখনও কখনও সমুদ্রের ঢেউগুলি অশান্ত গর্জনে ওয়েস্ট-উইন্ডের ফীয়ার্স্ড মীনাডের মত ধেয়ে আসে,তখন কেমন যেন এক মিষ্টি মিষ্টি বর্ষার রিমঝিম আজকাল মনে বাজে,মনে মনে দেখেন, একজোড়া প্রতিবেশী কিশোর-কিশোরী গ্রামের বর্ষাভেজা পিছল পথে



হেঁটে যাচ্ছে,যে যার নিজের গল্পে মসগুল,ছেলেটি আশ্রমের,মেয়েটি তার গ্রামের, হঠাৎ কখন যেন কিশোরের চোখ পড়ে যায় বন্ধুনীর মুখে,শ্যামলা মুখে কুন্দ সৌরভ,থিরবিজুরি দীঘল আঁখিপল্লবে নববর্ষা সৌদামিনী ছায়া....'সে ক্ষণকাল চিরস্থায়ী হলে....'

না,না। তেমন কোন ঘটনা অথবা স্মৃতির দায় কোনদিনই তাঁদের ছিলো না, হওয়ার কথাও না। পাড়াতুতো ভাইবোনেদের মধ্যে যেটুকু হৃদ্যতা থাকা উচিত,গ্রামের মাষ্টারমশাইয়ের ছেলে আর মাষ্টারমশাইয়ের প্রিয় ছাত্রীর মধ্যে সেটুকুই ছিলো। তবু মনে পড়ে,এসব সময়ের বেশ কয়েক বছর পরে, অমলদাদার সঙ্গে সুধার বিয়ের খবর দিয়েছিলেন যেদিন মা; তখন তিনি বিশ্ববিদ্যালয়ের গবেষক ছাত্র,সেদিনকার জানালাপারের অসম্ভব তুষারপাতের দিকে তাকিয়ে কেমন যেন একটু থমকে গিয়েছিলেন,কী যেন এক শূন্য শূন্য অনুভূতিতে দেহমন বিবশ হয়ে পড়েছিলো। সে অবশ্য খানিকক্ষণ;কিছু মুহূর্ত পরেই সামলে নিয়েছিলেন নিজেকে, ভুলেও গিয়েছিলেন; সে ঘটনার স্থায়িত্ব তাঁর মনে এর বেশী কিছু ছিলো না।

তারও পরে জীবন চলেছে নিজের ছন্দে, খুব অল্পসময়ের জন্য যে কয়েকবার বাড়িতে এসেছেন, সুধা তার স্বামীর সঙ্গে এসে দেখা করে গেছে, তাঁদের বিয়ের পরে এলীনের সঙ্গে আলাপ করে এক অপুর্ব সুন্দর হাতির দাঁতের বুদ্ধমূর্তি উপহার দিয়ে গেছে,এক মিষ্টি সুন্দর সম্পর্ক দুজনের ; একমাত্র সন্তানের বিদেশ বাস জনিত অনুপস্থিতিতে তাঁর মা-বাবার প্রিয় আশ্রয় হয়ে উঠেছে ধীরে ধীরে বাবার অতিপ্রিয় এই ছাত্রছাত্রী দম্পতি।

অমলদাদা বিচক্ষণ মানুষ, সারাজীবন উচ্চপদে সরকারী কাজ সামলে কয়েকবছর হ'ল রিটায়ার্ড করেছেন,সুধা সংসার সামলাবে বলে সরকারী চাকরী নয়, সামনের স্কুলে শিক্ষকতার চাকরী নিয়েছিলো। একই গ্রামে বাড়ি, নিজের মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ির সাথে মাষ্টারমশাই-কাকীমার সব দায় নিয়েছে স্বেচ্ছায় ভালোবেসে, ওদের একমাত্র সন্তান মেডিক্যাল স্টুডেন্ট.... এই সব গল্প মায়ের মুখেই তাঁর শোনা,ফোনে কথোপকথনের সময়ে বেশ গর্ব করে বলতেন ওদের কথা, কেমন যেন এক ভালোলাগা ছেয়ে যেতো

কথোপকথন চলাকালীন তাঁদের মা-

ছেলের মনে,বেশ টের পেতেন দুজনেই।.... এবার এসে প্রতিবেশীদের মুখে শুনেছিলেন মায়ের শেষ কয়দিনের সেবায় এই দম্পতির আন্তরিকতা, এসে ইস্তক নিজে দেখেওছেন তৎপরবর্তী কাজকর্মের কিভাবে সুচারু পরিচালনা করেছেন এই দুজন,কোন প্রশংসাই বোধহয় ওদের দুজনের জন্য যথেষ্ট নয়, এমনটিই মনে হচ্ছিল তাঁর।

তিনি জানতেন,এক কন্যাসন্তানের স্বপ্ন ছিলো মায়ের, কিন্তু তাঁকে মানুষ করার দুর্বিপাকে সে আর হয়ে ওঠেনি... আজ বোঝেন, সুধা কিন্তু ক্রমে ক্রমে যেন সেই শূন্যস্হানের অধিশ্বরী হয়ে উঠেছিলো আপন যোগ্যতায়...তাইজন্যই কি এলীনকে কখনই সেভাবে পুত্রবধু রূপেও গ্রহন করতে পারেননি মা?

এসব ভাবতে ভাবতেই কখন যেন জানালার সামনে এসে দাঁড়িয়েছিলেন মনে নেই, হুঁস ফিরতে শুনলেন, বারান্দায় বাড়ির সবাই মিলে বৈঠক চলছে,স্মৃতি রোমন্থন, আলাপচারিতা। তাঁর দুই সন্তানকে কোলে জড়িয়ে মধ্যমনি সুধা,বাবা,এলীনও আছে। মনে পড়ে গেল, মায়ের পারলৌকিক কাজকর্ম শেষ; আগামীকাল ফেরার কথা। এই কয়দিন নিয়মিত দুইবেলা এসে কর্তব্যকর্ম করে গেছে ওরা, আজ নাকি অমলদাদা কী এক জরুরী কাজে ব্যস্ত, স্কুলফেরৎ তাই একাই দেখা করতে এসেছে প্রিয়ছাত্রী, তার মাষ্টারমশাই-য়ের সাথে ।

বাস্তবিকই,বাবাকে নিয়ে ভীষন চিন্তায় ছিলেন তাঁরা স্বামী-স্ত্রী, এই কয়দিন। কিছুতেই রাজি হচ্ছিলেন না এখান থেকে যেতে, নাতি-নাতনী-এলীন খুব আন্তরিকভাবে আবদার করলেও, চাইলেও না। শেষে অমলদাদা ও অন্যান্য আত্মীয়জনের পীড়াপীড়িতে নিমরাজি হয়েছিলেন। চিরকালের বাস্তববাদী মানুষটি হয়তো বুঝেছিলেন, একবার ফিরে গেলে, তাঁর সন্তানের পক্ষে দ্রুত দেশে ফেরা বেশ সমস্যা, এখানে একা একা থাকার অর্থ ওনার প্রিয়ভাজনদের আরও সমস্যায় ফেলা...এসব ভেবেই শেষকালে রাজি হয়েছিলেন প্রাজ্ঞ মানুষটি, হয়তো সুধাও বুঝিয়েছিলো নিজের মতো, তিনি জানেন না।

যাই হোক, সবাই স্বস্তির নিঃশ্বাস ফেলেছিলো, শুধু দেখেছিলেন, সুধার মুখে কি যেন এক বিষন্ন মায়া ; প্রতিবার স্কুল হোস্টেলে ফেরার আগের সারাদিন মায়ের মুখেও এ ছায়া দেখতেন, হঠাৎ স্মৃতি উঠিয়ে যেন মনে পড়লো।

তবে, সে ছায়া মেয়ে সবার সামনে প্রকাশ করেনি, তিনি লক্ষ্য করেছিলেন,আড়ালে চোখ মুছে, একটু পরেই সামলে নিয়েছিলো নিজেকে, এবং তারপরেই দক্ষহাতে প্রয়োজনীয় সবকিছু গুছিয়ে দিয়েছে,ঔষধ-প্রেসক্রিপস্যন, অসুখের কেস-হিস্ট্রি,জামাকাপড়,মায়ের ছবি,আমস্বত্ত্ব,আচার,বড়ি সহ অল্পস্বল্প প্রিয় খাবার,প্রিয় ছাত্র-ছাত্রীদের ফোননম্বর ; এমনকি এলীনকে শিখিয়েও দিয়েছে কয়েকটি দেশীয় প্রিয়পদ,যেন মাষ্টারমশাই প্রবাসেও দেশের স্বাদ-ঘ্রাণ পান।শেষে আগামীকাল যাত্রা,তাই দেখা করতে এসেছে বাবার প্রিয়ছাত্রী।

বেশ খানিকক্ষণ বাগানের গাছ, পুকুরের মাছ, ছোটবেলার হাবিজাবি স্মৃতি, এলোমেলো গল্পের পরে বারংবার চিঠি লেখা, ভিডিও-কলিং, ফোনের প্রতিশ্রুতি দিয়ে সজলনেত্রে প্রিয়পুত্রী যখন মাষ্টারমশাই-য়ের কাছ থেকে বিদায় নিলো, বাইরে সন্ধ্যা ঘনিয়ে এলো প্রায়, মেঘ ঝাঁপিয়ে বৃষ্টিও নেমেছে। এইবার যেন দেশে বর্ষা একটু তাড়াতাড়ি এলো....

একাই চলে যেত চাইছিলো, স্কুল ফেরৎ এসেছে,কাছে ছাতাও আছে। তবু মাষ্টারমশাই ছাড়লেন না,পুত্রকে নির্দেশ দিলেন, ওকে এগিয়ে দেওয়ার।

অনেকদিন পরে, চেনা পরিচিত রাস্তায় দুইজনে একসাথে চললো, তেমনই রিমঝিম বর্ষা, তেমনই অবান্তর বকবকানি... অধ্যাপক মশাই তাঁর ইউনিভার্সিটি,ছাত্রদল, সেদেশের আবহাওয়ার গল্প, এবং প্রৌঢ়া দিদিমনি তার দুষ্টু বাচ্চাদের,স্হানীয় রাজনৈতিক, সামাজিক সমস্যার কথা...

ক্রমে সময় ফুরিয়ে এলো,সুধা বাড়িতে ঢোকার আগে তাঁর হাতে হাত রাখলো,

'আর হয়তো দেখা হবেনা,ভুলে যাবে না তো?

তিনি তাকালেন তাঁর আশৈশব বন্ধুনীর দিকে, সেই শ্যামলা মুখে কুন্দ সৌরভ,,থিরবিজুরি দীঘল আঁখিপল্লবে নববর্ষা সৌদামিনী ছায়া...

উত্তরের অপেক্ষা না করেই চলে গেল , তিনি আজও একটু থমকে দাঁড়িয়ে ফিরে চললেন আপনবৃত্তে....মনে মনে ভাবলেন,ফিরে তো আসতেই হবে এখানে, বারংবার। কিছু পড়ে রয়ে গেল যে..... হয়তো খুব দামী কিছুই....

# অবলুপ্ত স্রোত




PENNSYLVANIA, USA

ANANYA DAS



এয়ারপোর্টের অ্যারাইভালে এসে গাড়িটাকে দাঁড় করিয়ে হলুদ ছপ ছপ হ্যাজার্ড আলোটাকে জ্বালিয়ে দিয়ে রাস্তায় নেমে দাঁড়ালেন রুদ্র। এটা ছোটো শহরের এয়ারপোর্ট, এখানে ওই রকমটা করা যায়। নিউ ইয়র্ক বা শিকাগোতে এমনটা করা অসম্ভব। সঙ্গে সঙ্গে পুলিশ এসে ফাইনের জন্যে টিকিট ধরিয়ে দেবে। প্লেনটা ল্যান্ড করে গেছে সেটা অনলাইনে চেক করে জেনেছেন। এক এক করে লোকজন বেরিয়ে আসছে মাল পত্র নিয়ে। রোগা, লম্বা চোখে চশমা পরা ছেলেটাকে দেখে রুদ্রর বুকের ভিতরটা মোচড় দিয়ে উঠল। মাথায় ঝাঁকরা বাদামি চুল, ফর্সা রঙ, পরনে 'সেভ দা হোয়েলস' লেখা একটা নীল রঙের টি শার্ট আর জিন্স। ছেলেটা চারিদিকে এক ঝলক তাকিয়ে দেখে নিয়ে সোজা ওঁর দিকে এগিয়ে আসতে লাগল। সঙ্গে চাকা দেওয়া একটা ছোটো ক্যারি অন সুটকেস।
"প্রোফেসার রুদ্রনাথ সেন?"
রুদ্র ঢোঁক গিলে মাথা নাড়তে ছেলেটা বলল, "আমি ঋক," বলে হাতটা বাড়িয়ে দিল হ্যান্ডশেকের জন্যে। নীল চোখগুলো আশ্চর্য রকম বুদ্ধিদীপ্ত। হ্যাঁ, ঋক যে লিন্ডার ছেলে সেটা বলে দিতে হয় না, হুবহু লিন্ডার মতন দেখতে তাকে।
রুদ্র তার হাতে হাত দিয়ে বললেন, "চলো বেরিয়ে পড়ি। এখানে বেশক্ষণ পার্ক করে রাখলে পুলিশ ফাইন করবে। তোমার কি এই একটাই লাগেজ?"
"হ্যাঁ।"
গাড়ির ট্রাঙ্কটা খুলে দিতে ঋক সুটকেসটাকে তুলে ভিতরে ঢুকিয়ে দিল। রুদ্র ট্রাঙ্ক বন্ধ করে ড্রাইভারের সিটে এসে বসলেন। ঋক ওঁর দেখাদেখি পাশের সিটে এসে বসল।
গাড়ি স্টার্ট দিয়ে রুদ্র ওকে জিগ্যেস করলেন, "তোমার খিদে পেয়েছে? কিছু খাবে?"
"হ্যাঁ, একটু পেয়েছে। ভোর চারটেয় বাড়ি থেকে বেরিয়েছি। আর এখন তো প্লেনেও কিছুই খেতে দেয় না।"
"ঠিক আছে পথে একটা ডানকিন ডোনাটে দাঁড়াচ্ছি তাহলে। কফি আর ডোনাট কিছু তুলে নেবো। এখান থেকে আমাদের জায়গাটা ঘন্টা খানেকের পথ। ততক্ষণ আর খিদে পেটে বসে থাকতে হবে না।"
ড্রাইভ থ্রু ডানকিন থেকে কয়েকটা ডোনাট আর দুটো কফি নিয়ে আবার যাত্রা শুরু হল।
ডোনাটটা খেয়ে ঋকের আঙ্গুল চাটা দেখে আবার লিন্ডার কথা মনে পড়ে গেল। সেই আঠেরো বছর আগেকার কথা। রুদ্র আর লিন্ডা তখন একই ল্যাবে কাজ করেন। মাঝে মাঝেই ল্যাবের কেউ একটা ডোনাট নিয়ে আসলে লিন্ডা আঙ্গুল থেকে চিনিগুলো চেটে চেটে খেত। কেউ দেখে ফেললেই বলত, "জানি ভালো নয় ওই রকমটা করা কিন্তু নিজেকে আটকাতে পারি না!"
রুদ্রও নিজেকে আটকাতে পারেননি লিন্ডার প্রেমে পড়া থেকে। সেটা যে ভুল ছিল রুদ্র জানতেন। এটাও জানতেন যে সেই প্রেমের কোন ভবিষ্যত নেই। দেশে তাঁর বউ রয়েছে, অপর্ণা। যদিও বাবার পছন্দ করা বউকে রুদ্রর পছন্দ হয়নি। সেই জন্যেই পোস্ট ডকের চাকরিটা নিয়ে মার্কিন মুলুকে চলে এসেছিলেন তিনি। লিন্ডার সঙ্গে যে সম্পর্ক গড়ে উঠেছিল সেই সম্পর্কের আঁচ পেয়ে বাবা রুদ্রকে ডেকে পাঠিয়েছিলেন সঙ্গে সঙ্গে। বাবার কথা অমান্য করতে পারেননি রুদ্র। ফিরে গিয়েছিলেন। কিন্তু তাও অপর্ণার সঙ্গে তাঁর বিয়েটা টেঁকেনি। বাবাও চলে গেলেন তারপরই। রুদ্র সেই যে দেশের পাট চুকিয়ে এদেশে চলে এলেন তারপর আর ফিরে জাননি।
লিন্ডাকে খুঁজতে চেষ্টা করেছিলেন কিন্তু পাননি। মানে খুব যে জোর দিয়ে গোয়েন্দা লাগিয়ে খোঁজা সেই রকম কিছু নয় অবশ্য।
তারপর অনেক বছর কেটে গেছে। কয়েকদিন আগে অফিসের ইমেলে একটা ইমেল পেয়েছিলেন রুদ্র।

প্রোফেসার রুদ্রনাথ সেন,
আশাকরি আপনি ভালো আছেন। আমার নাম ঋক ভেরাজিনি। আমার মা লিন্ডা ভেরাজিনিকে আপনার মনে আছে কিনা জানি না কিন্তু তিনি আপনাকে চিনতেন। মা পাঁচ বছর হল মারা গেছেন। আমি এখন আমার দাদু-দিদার সঙ্গে থাকি। মার কাছে আপনার গল্প অনেক শুনেছি তাই ইন্টারনেটে সার্চ করে আপনাকে খুঁজে বার করেছি। আপনাদের কলেজে পড়ার খুব ইচ্ছে আমার। ওখানে ভর্তি হব কি হব না সেই নিয়ে দাদু-দিদার সঙ্গে তর্ক চলছে আমার। ওঁরা বলছেন ওটা খুব দূর। হয়তো তাই। কিন্তু তাও আমি একবার কলেজটাকে দেখতে চাই। আগামী আঠেরোই আগস্ট আমার প্লেন আপনাদের ওখানেকার কাছের শহরে পৌঁছবে। আপনি কি আমার সঙ্গে দেখা করবেন? আপনার সঙ্গে দেখা করার সুযোগ পেলে আমি খুব খুশি হব।
ইতি,
ঋক ভেরাজিনি

চিঠিটা পেয়ে কিছুক্ষণ গুম হয়ে বসেছিলেন রুদ্র। এক ঘন্টা পরে যে ক্লাস আছে সেটাও ভুলে গিয়েছিলেন। ভাগ্যিস ওঁর সেক্রেটারি মেরি ফোন করে মনে করিয়ে দিল নাহলে কী যে হত কে জানে। আসলে পুরনো যে সব দিনগুলোর কথা রুদ্র মনে করতে চান না, প্যান্ডোরার বাক্সের মতন ডালা চেপে বন্ধ করে রেখেছিলেন। সেই বাক্সের ডালা খুলে দিয়েছিল যেন ওই চিঠি।

ক্লাস থেকে ফিরে এসে ইমেলের উত্তর লিখেছিলেন রুদ্র।

স্নেহের ঋক,
তোমার মা লিন্ডা ভেরাজিনিকে আমি ভুলিনি। লিন্ডা যে আর পৃথিবীতে নেই সেটা মেনে নিতে বেশ কষ্ট হচ্ছে। তোমায় সমবেদনা জানাচ্ছি।
তুমি আমাদের কলেজে পড়তে চাও শুনে খুব আনন্দিত বোধ করছি। তুমি এলে তোমাকে কলেজটা ঘুরিয়ে দেখাবো। তোমার ফ্লাইটের ডিটেলসগুলো পাঠিও, এয়ারপোর্ট থেকে তোমাকে নিয়ে আসব আমি।
বাকি কথা দেখা হলে।
ইতি,
রুদ্রনাথ সেন

সেই ইমেল পাওয়ার সঙ্গে সঙ্গে ফ্লাইটের সব ডিটেল জানিয়ে দিয়েছিল ঋক।

হঠাৎ রুদ্রর খেয়াল হতে বললেন, "তোমার গরম লাগছে না তো? আমি গাড়িটাকে খুব বেশি ঠান্ডা করি না। গরম দেশের লোক তো!"

ঋক মৃদু হেসে বলল, "না, ঠিক আছে।"

গাড়ির রেডিওটাকে আস্তে করে চালিয়ে রেখেছিলেন রুদ্র। হ্যারি বেলাফন্টের মৃত্যু হয়েছে কিছুদিন আগে বলে ওঁর বিখ্যাত গান 'জামাইকা ফেয়ারওয়েল'টা চলছিল।

ঋক হঠাৎ বলে উঠল, "আমি জানি আপনি এই গানটা খুব ভালো গান। আমার মা আমাকে শুনিয়েছিল। মার কাছে রেকর্ড করা ছিল। ইংরেজিটার সঙ্গে বাংলাটা মিলিয়ে মিশিয়ে। বাংলা আমি বুঝি না তবে বেশ লাগত। আপনার গলা খুব ভালো।"

"এখন আর তেমন গাওয়া হয় না," বলে 'পথের প্রান্তে ওই সুদূর গাঁয়ে' গাইতে শুরু করলেন রুদ্র।

গান শেষ হতে ঋক হাততালি দিয়ে উঠল। গল্প করতে করতে একটা ঘন্টা অনায়াসেই কেটে গেল।

ঋক বলল তার খিদে নেই, ডোনাট খেয়ে পেট ভরে আছে তাই তাকে নিয়ে সোজা কলেজেই গেলেন রুদ্র। সবুজ ঘাসে ঘেরা গথিক স্থাপত্যের ঢঙে তৈরি কলেজের মেন বিল্ডিংটা প্রথম দর্শনে সবাইকে প্রবলভাবে আকর্ষিত করে। ঋকের ক্ষেত্রেও সেটার ব্যতিক্রম হল না। খুব যত্ন সহকারে সব কিছু ঘুরে ঘুরে দেখালেন রুদ্র। নিজের ক্লাসরুম, ল্যাব, কলেজের ক্যাফেটেরিয়া সব কিছু। ঋক মোহিত হয়ে সব কিছু দেখল, মন দিয়ে সব কথা শুনল। ছেলেটাকে বেশ ভালো লাগছিল রুদ্রর। খুব নম্র ভদ্র ব্যবহার। এখনকার কিছু ছেলেমেয়েদের মতন সব সময় ফোনে মুখ গুঁজে পড়ে থাকে না।

কলেজের ট্যুরের পর একটা ভারতীয় দোকান থেকে খাবার কিনে ঋককে বাড়িতে নিয়ে গেলেন। আগেই কথা হয়েছিল যে ঋক ওঁর বাড়িতেই গেস্ট রুমে একটা রাত কাটাবে। ঋক শুধু জানতে চেয়েছিল বাড়িতে আর কেউ থাকে কিনা। রুদ্র বলেছিলেন চার বেডরুমের বিশাল বাড়িতে তিনি যখন একাই থাকেন তখন ওর হোটেলে এক রাত থাকার তো কোন মানেই হয় না।

ঋককে ফ্রেশ হতে বলে নিজেও ফ্রেশ হয়ে ভারতীয় দোকান থেকে আনা খাবারগুলোকে গরম করতে লাগলেন রুদ্র। ঋককে জিগ্যেস করেছিলেন। সে বলল তার নাকি ভারতীয় খাবার খুব পছন্দ। ওর মা প্রায়ই ওকে ভারতীয় রেস্টুরেন্টে নিয়ে যেতেন।

খেতে খেতে আরো অনেক গল্প হচ্ছিল। ঋক কী পড়তে চায়, তার কী স্বপ্ন সেই সব কথা দ্বিধাহীন ভাবে রুদ্রকে বলছিল সে। রুদ্র অবশ্য সে সব শুনে একটু অপ্রস্তুত যে হচ্ছিলেন না তা নয়।

খেতে খেতেই হঠাৎ রুদ্রর শরীরটা ভয়ঙ্কর খারাপ লাগতে শুরু করল। তিনি আর চেয়ারে বসে থাকতে পারলেন না। মাটিতে শুয়ে পড়লেন। ঋক ভয় পেয়ে জিগ্যেস করল, "কী হয়েছে? কী হয়েছে?"

মুখ দিয়ে আর কথা বেরোচ্ছিল না রুদ্রর, জিভটা যেন আর নড়ছে না। কোন রকমে, "এপিপেন," কথাটা বলেই অজ্ঞান হয়ে গেলেন তিনি।

(২)

রুদ্রর যখন জ্ঞান হল তখন তিনি হাসপাতালে। চারিদিকে চেয়ে দেখলেন তিনি। ওঁর বিছানার পাশে একটা চেয়ারে ঋক ঘুমিয়ে পড়েছে। উনি মুখ দিয়ে একটা শব্দ করতেই সে চোখ খুলে তাকালো।

"ও আপনার জ্ঞান ফিরেছে! দাঁড়ান আমি নার্সকে ডাকছি," বলে ঝড়ের বেগে ঘর থেকে বেরিয়ে গেল সে।

নার্স এসে বলল, "ডাক্তার আসছেন। আপনার খাবারে বাদাম ছিল। আপনার তো বাদামে ভয়ঙ্কর অ্যালার্জি। ভাগ্যিস এই ছেলে আপনার সঙ্গে ছিল নাহলে যে কী হত। ওই ৯১১কে কল করে জানায়। আপনার পকেট থেকে এপিপেন বার করেছিল ওই। কিন্তু ঠিক কী ভাবে ইঞ্জেকশান দিতে হবে বুঝতে পারেনি। তবে ওর জন্যেই আপনি প্রাণে বেঁচেছেন।"

ডাক্তার এসে দেখে টেখে গেলেন।

হঠাৎ রুদ্রর খেয়াল হল, ঋককে বললেন, "আরে তোমার তো সকাল দশটায় ফ্লাইট ছিল! এখন তো বেলা এগারোটা বাজে।"

"আমি ফ্লাইটটাকে চেঞ্জ করে আগামীকালের করে নিয়েছি। দাদু-দিদার সঙ্গেও কথা হয়ে গেছে। এরা আপনাকে একটু পরেই ছেড়ে দেবে হাসপাতাল থেকে।"

দুপুর দুটো নাগাদ ঋকই ওঁর গাড়ি চালিয়ে ওঁকে বাড়ি নিয়ে এল। রাতের খাবারের ব্যবস্থাও সেই করল। পাস্তা আর স্যালাড কিন্তু সেটাও অমৃতের মতন মনে হচ্ছিল রুদ্রর কাছে।

খাওয়া শেষ হতে দুজনে বাইরের ঘরে সোফায় গিয়ে বসলেন।

ঋক এবার বলল, "আপনি নিশ্চয়ই বুঝতে পেরেছেন যে আমি এখানে শুধু কলেজ দেখতে আসিনি।"

রুদ্র বললেন, "হ্যাঁ, জানি। নিজের পকেটের অর্থ খরচ করে কেউ এত দূরের কলেজ শুধু দেখতে আসে না। ভর্তি হলে তবেই আসে।"

"আমি আপনাকে দেখতে এসেছিলাম," ঋকের দৃষ্টি তার পায়ের দিকে।
"জানি।"
"আমার মা কোনদিন মুখ ফুটে কিছু বলেননি, বার্থ সার্টিফিকেটেও কিছু লেখা নেই কিন্তু আমার দৃঢ় বিশ্বাস আপনিই আমার বাবা। কারণ মুখে কিছু না বললেও মা আপনার কথাই সব চেয়ে বেশি বলত। আর কোন পুরুষের কথা তার মুখে কোনদিন শুনিনি আমি। "
রুদ্র পূর্ণ চোখ মেলে ঋকের দিকে তাকিয়ে বললেন, "হ্যাঁ, তোমার ধারণা ঠিক। আমিই তোমার বাবা। কিন্তু বিশ্বাস করো আমি তোমার সম্পর্কে কিছুই জানতাম না। লিন্ডা কোনদিন আমাকে কিছু বলেনি। ব্যক্তিগত কারণে আমাকে এই দেশ ছেড়ে ভারতে ফিরে যেতে হয় হুড়োহুড়ি করে। বছর চারেক পর আমি যখন ফিরে আসি তখন লিন্ডা আমাদের ল্যাব ছেড়ে অন্যত্র চলে গিয়েছিল। আর ওর কোন হদিস পাইনি আমি।"
"হ্যাঁ, আমি সে সব জানি। আপনি বিবাহিত বলেই মনে হয় মা আপনাকে কিছু বলতে চায়নি। আর আপনার যে ডিভোর্স হয়ে গেছে সেটাও মা জানত না। সেই জন্যেই..."

(৩)

পরদিন ঋককে এয়ারপোর্টে ছেড়ে দিয়ে এলেন রুদ্র। ঠিক হয়েছে ওর কলেজে ভর্তি হওয়ার সব ব্যবস্থা উনি করবেন। দাদু-দিদাকে বুঝিয়ে সুঝিয়ে রাজি করিয়ে কিছুদিন পরই আবার ফিরে আসবে ঋক। তার চোখ মুখ এক উজ্জ্বল আনন্দে ঝলমল করছিল। এয়ারপোর্টে ঢুকে যাওয়ার আগে রুদ্রকে জড়িয়ে ধরেছিল সে।
ফেরার সময় রুদ্র গভীরভাবে চিন্তা করতে লাগলেন আবেগের তোড়ে কাজটা তিনি ঠিক করলেন কিনা। অনেকদিন ধরে অনুভব করছিলেন তিনি বড়ো একা। কাউকে দত্তক নেওয়ার কথাও ভেবেছিলেন কয়েকবার কিন্তু এটা সেটা ভেবে ভয়ে পিছিয়ে গেছেন। তাই এই সুযোগটাকে হাত ছাড়া করতে মন চায়নি। সত্যি কথা হল লিন্ডার সঙ্গে তাঁর সম্পর্কে বন্ধুত্ব ছিল, প্রেম ছিল, আবেগ ছিল, কয়েকবার চুম্বন অবধিও গিয়েছিলেন তিনি কিন্তু সব টুকু যেতে পারেননি। লিন্ডা চেয়েছিল কিন্তু রক্ষণশীল পরিবারের ছেলে হয়ে সেটা করা সম্ভব হয়নি তাঁর পক্ষে। হাজার হোক তিনি তো তখন বিবাহিত, সে স্ত্রীকে তাঁর পছন্দ হোক বা নাই হোক। সেই কারণেই ঋক তাঁর ছেলে হতে পারে না। কিন্তু তাতে কী যায় আসে? লিন্ডাকে ঋকও ভালোবাসে আর তিনিও ভালোবাসতেন। দুজন মানুষ যদি পরস্পরের সাহায্যে কিছুটা খুশির সন্ধান পায় তাহলে তাতে ক্ষতি কি? প্রেমচন্দের একটা গল্পে পড়েছিলেন তিনি, 'প্রাণ বাঁচানোর জন্যে যদি মিথ্যে কথা বলতে হয় তাহলে তাতে কোন দোষ থাকে না'। তাই ঋককে মিথ্যে বলে তাঁর মনে কোন গ্লানি নেই। হয়তো লিন্ডাও এটাই চেয়েছিল। সেই জন্যেই সে ঋককে রুদ্র ছাড়া আর কোন পুরুষের কথা কোনদিন বলেনি। ভালোবাসার এক অব্যক্ত ছোঁওয়া পেয়ে অবিরাম আনন্দের স্রোতে আচ্ছন্ন হয়ে গেল রুদ্রর মন।

# জ্যোতির্ময়ী



INDIA

TOMEKA GHOSH

দীপাবলির রাত | সারা বাড়ি সেজেছে আলোর মালায় | দীপকের কাছে আজকের দিনটা বরাবরই খুব স্পেশাল | আগে বন্ধুদের সাথে বাইক নিয়ে সোজা বারাসাত চলে যেত , হাজার হাজার টাকার বাজি কিনে আনতো | প্রথমে মা , তারপর স্ত্রী জ্যোতি কতই না রাগারাগি করেছে , কিন্তু দীপকের ওই এক কথা , এ নিয়ে কোন কথা হবেনা | এখন অবশ্য ব্যাঙ্গালোরে পোস্টিং , দীপাবলির আগেরদিন বাড়ি ফেরে সে | তাই পাড়ার দোকানের বাজিতেই শখ মেটাতে হয় | এ নিয়ে তার পাঁচ বছরের ছেলে রিকোর উত্তেজনাও অনেকটা বাবারই মত |

-- "বাপি , বাপি , চলোনা ছাদে , সন্তু মন্তু তো কখন চলে গেছে , বিপাশা এপার্টমেন্টের ছাদে তুবড়ি আর রংমশাল জ্বালানো হয়ে গেলো , আমরা কখন শুরু করব ?"

-- "করব করব , দাড়া , আগে তোর মায়ের ভাষণ শুনে নি "

-- " মানে ?" সারা বাড়ি প্রদীপ দিয়ে সাজিয়ে ক্লান্ত জ্যোতি বলে |

-- "মানে তোমার গত দু বছরের ভাঙা রেকর্ড বাজিয়ে দাও , সাবধানে বাজি পোড়াবে , রিকোর খেয়াল রাখবে , ছাদের ধারে যাবেনা , রিকোর হাতে কোন বাজি দেবেনা , ইত্যাদি ইত্যাদি |"

-- "হ্যা , আর তুমি ছাদে পৌঁছেই সবকটা কথা ভুলে যাবে |"

হাসে দীপক | তারপর জ্যোতির নরম গাল টিপে দিয়ে বলে -- " তুমি কখন আসবে সোনা ?"

জ্যোতির এখন বিস্তর কাজ | তার বড় জার বাপেরবাড়ি অনেক দূর , সেই বর্ধমান | তাই কালীপুজোর দুতিনদিন আগেই সে চলে যায় , ভাইফোঁটা কাটিয়ে ফেরে | তাই বাড়িতে কালীপূজার দিন গৃহলক্ষী পূজার আয়োজন , খুড়তুত ননদদের নিয়ে ভাইফোঁটার উৎসব -- সব জ্যোতিকেই সামলাতে হয় , এদিক থেকে ওদিক হলেই শাশুড়ির কথা শুনতে হয় |

জ্যোতির বাপেরবাড়ি বলতে কিছু নেই | ছোটবেলায় একটা একসিডেন্টে বাবা মাকে হারিয়েছিল সে | তার অবিবাহিত ছোটমামা তাকে পরম স্নেহে মানুষ করেছেন | সেই মামার বন্ধু ছিলেন জ্যোতির শ্বশুরমশায় | জ্যোতিকে পছন্দ করে নিজের ঘরে এনেছিলেন তিনি , সেই প্রথম জ্যোতি নিজের একটা পরিবার পেল | কিন্তু শাশুড়ি বা বড় জা , কেউই তাকে ঠিক মেনে নিতে পারেনি , বিয়ের সাত বছর পরেও তাদের আচরণে বিশেষ কোন পরিবর্তন হয়নি | এখন অবশ্য জ্যোতির সব গা সওয়া হয়ে গেছে , নিজের মত করে যতটা পেরেছে ভালোবেসে মানিয়ে নিয়েছে |

শশুরবাড়িতে এসে জ্যোতির মা পাওয়ার সাধ অধরা থাকলেও শ্বশুরমশাই পিতৃস্নেহে ভরিয়ে দিয়েছেন তাকে | কিন্তু সে স্নেহসুধা স্তব্ধ হয়ে গেছে দুবছর আগে | এখন জ্যোতির একমাত্র ভালোবাসার খনি স্বামী দীপক আর ছেলে রিকো | ছোটবেলায় অনাথ হয়ে যাওয়ার ট্রমা এখনো তাকে অবচেতন মনে তাড়া করে বেড়ায়। তাই স্বামী পুত্রকে দুহাতে আঁকড়ে ধরতে গিয়ে জ্যোতি একটু হয়ত একটু বেশিই সাবধানী |

রিকোকে ভালোভাবে বুঝিয়ে ছাদে পাঠালো জ্যোতি | চোখে চোখে রাখতেই তো মন চায় কিন্তু এখনই লুচির ময়দা মাখতে বসতে হবে | দীপক ছাদে হরেকরকম বাজির পসরা সাজিয়ে বসেছে ,

রিকোর সাথে আছে তার পাড়ার কয়েকজন বন্ধু | ফুলঝুরি , রংমশাল তবু ঠিক আছে কিন্তু তুবড়ি আর তারাবাজিগুলো একদমই পছন্দ হচ্ছে না দীপকের | কেমন যেন জ্বলছেনা ভালো , বেঁকেচুরে যাচ্ছে |

--" একবার তোকে তুবড়ি তৈরি করে দেখাবো রিকো "

-- " তুমি তুবড়ি তৈরিও করতে পারো বাবা ?"গর্বে রিকোর বুক দশহাত হয় |

--"আরে কত করেছি আগে পাড়ার ক্লাবে বসে , তুই তখন কোথায় ? দেখবি পরের বছর ঠিক একদিন আগে ছুটি নিয়ে আসব আর ...."

হঠাৎ দীপক লক্ষ করে জোজোর জ্বালানো একটা তারাবাজি তীরবেগে ছুটে আসছে রিকোর দিকে | এখুনি হয়ত ছুঁয়ে ফেলবে ছেলেটার নরম শরীরটা আর তারপর ...

কিংকর্তব্যবিমূঢ় হয়ে দীপক ছুটে বসে পড়ে তার ছেলে আর ছুটে আসা অগ্নিবানের ঠিক মাঝখানে | কপালে এসে আঘাত করে বাজিটা , তারপর একটা দুম করে শব্দ , সব অন্ধকার |

দীপকের যখন জ্ঞান এলো , মুখে পোড়ার জ্বালা সে ভালোই অনুভব করতে পারলো | রিকো কোথায় ? ও ঠিক আছে তো ! আর জ্যোতি , সেই বা কোথায় ? তাকে এই অন্ধকার ঘরে একা ফেলে রেখে সে গেলো কোথায় ?

--" জ্যোতি , কোথায় তুমি ?"

-- " উঠোনা লক্ষিটি , আমিতো তোমার পাশেই আছি |"

-- " তার মানে ? আমি তোমায় দেখতে পাচ্ছিনা কেন ? জ্যোতি , জ্যোতি , এইতো এইতো তোমার হাত , তোমার মুখ , জ্যোতি আমি তোমায় কেন দেখতে পাচ্ছিনা | তবেকি ....." চরম উত্তেজনায় আবার জ্ঞান হারায় দীপক |

দুচোখে ব্যান্ডেজ আর সারা মুখে

পোড়ার দাগ নিয়ে জ্যোতির হাত ধরে বাড়ি ফেরে দীপক | বাজি থেকে আগুন ছিটকে লেগে ওর দুটো চোখের দৃষ্টিশক্তি চলে গেছে পুরোপুরি | কালকের হাসিখুশি , প্রানোচ্ছল ছেলেটা আজ পঙ্গু , পরজীবী | ডুকরে কেঁদে ওঠেন দীপকের মা স্বাগতা |

-- " এ আমার কি সর্বনাশ হল গো , আমার তরতাজা ছেলেটা শেষে অন্ধ হয়ে গেল ! কি হবে এবার ওই একরত্তি নাতিটার | তখনি দীপুর বাবাকে বলেছিলাম , যে মেয়ে ছোটবেলাতেই বাপ মাকে খেয়েছে , অমন অপয়া মেয়ের সাথে ছেলেটার বিয়ে দিওনা | তিনি তো শুনলেন না , এখন তিনি চোখ বুজেছেন আর আমায় এইসব দেখতে হচ্ছে |"

কান্না চেপে দীপককে নিয়ে ঘরে এলো জ্যোতি | দীপক ধীরে ধীরে বললো ,

-- " এবার কি হবে ? আমার চাকরিটাতো আর থাকবে না , তোমাদের কি হবে ?"

--" ওতো চিন্তা তুমি কেন করছো বলতো ? ডাক্তারবাবু তো বলেছেন কর্নিয়া ট্রান্সপ্লান্ট অপারেশন হলেই তুমি একদম সুস্থ হয়ে যাবে | শুধু দান করা চোখ আর ঠিকঠাক ম্যাচিং পেতে একটু সময় লাগবে এই আর কি , ততদিন আমরা কি আর জলে পড়ে আছি নাকি ? দাদা তো আছেন |"

যে পরম ভরসায় জ্যোতি কথাটা বলেছিল , কার্যক্ষেত্রে দেখা গেল পরিস্থিতি অনেকটাই জটিল | আই ব্যাঙ্কগুলোতে নাম লিখিয়ে অপেক্ষাটা বেশ কষ্টকর হয়ে ওঠে | বারবার খোঁজ নিতে গেলে মেলে মুখঝামটা আর দালালদের প্রচুর টাকার ফাঁদ | অফিস থেকে এককালীন কিছু টাকা পাওয়া গেল বটে , কিন্তু চাকরিটা টিকিয়ে রাখা গেল না | তার একমাস পরেই দীপকের দাদা ধ্রুব একদিন রাগে চিৎকার করে মাকে উদ্দেশ্য করে বললেন ,

--" এটা কি চলছে শুনি ? দীপু কি তার পরিবার নিয়ে চিরকাল আমার ঘাড়ে বসে খাবে নাকি ? কেন আমার কোন ভবিষ্যৎ নেই ? তুলিকে বড় করা , বিয়ে থা দেওয়া , কোত্থেকে পাবো শুনি ? সরকারি চাকরি বলে কি টাকার গাছ আছে নাকি ?"

-- " কি করবি বল , ছেলেটার এমন বিপদ হল .."

-- " তো আমি কি করব ? বাজি নিয়ে ওর চিরকালই বাড়াবাড়ি , এমনটাতো হওয়ারই ছিল | কিন্তু আমি ওর সংসার টানতে পারবোনা





ব্যাস | ওকে বল , মাসে মাসে যেমন সংসারে টাকা দিতো , এখনো দিয়ে যেতে হবে |"

-- " চাকরিটাও চলে গেলো ছেলেটার ..

" স্বাগতা চোখের জল মুছলেন |

-- " দেখুন মা ", জ্যোতির বড় জা মুখ খোলে এবার , " এতবড় সংসার , কত দায় দায়িত্ব , আপনার ছেলে একা কত করবে বলুন , দীপক যদি টাকা দিতে না পারে , ওকে বলুন আলাদা হয়ে যেতে |"

-- " এ তুমি কি বলছো বৌমা , অন্ধ ছেলেটাকে এভাবে আলাদা করে দিলে ওর চলবে কি করে !"

-- " সে আমরা কি জানি , আপনার যদি ওতো দরদ থাকে তবে আপনি নিন না দায়িত্ব , শশুরমশায়ের সামান্য হলেও পেনশনটা তো আছে |"

-- " বৌমা !"

আড়াল থেকে সব শুনে নীরবে চোখের জল ফেললো জ্যোতি | সত্যি স্বার্থে সামান্য আঘাত লাগলেই চেনা মানুষগুলো কতটা অচেনা হয়ে যায় | তাদের হিংস্র দাঁত , নখগুলো এতো প্রকট হয়ে যায় যে ভয়ে বুক কাঁপে | যাইহোক , হাঁড়ি আলাদা হল | অসুস্থ ছেলের সংসার টানতে স্বাগতা তার পাশে দাঁড়ালেন | কিন্তু চারমাসের মধ্যে নিজেই স্ট্রোকে শয্যাশায়ী হয়ে পড়লেন | জ্যোতি ঘর বার সামলে নাজেহাল | রিকোকে নামি ইংলিশ মিডিয়াম থেকে ছাড়িয়ে সাধারণ স্কুলে ভর্তি করা হল | কিন্তু এভাবে কতদিন চলবে ? দিনে দিনে ভেঙে পরে দীপক | তার যেন বাঁচার ইচ্ছেটুকু চলে যায় | ছেলের শুকনো মুখ দেখে মুচড়ে ওঠে জ্যোতির মনটা | তার সামান্য পড়াশুনা দিয়ে একটা কাজ খোঁজার চেষ্টা করে , সেলাই করে ,কস্টিউম জুয়েলারি বানিয়ে সংসার সামাল দেওয়ার চেষ্টা করে কিন্তু সবকিছুই দীপক ও তার মায়ের ওষুধ খরচ , রিকোর পড়াশুনার খরচের সামনে বালির বাঁধ মনে হয় | সিনেমার নায়িকার মত তার ভাগ্য পরিবর্তন হয় না | কেটে যায় প্রায় দু বছর |

অবশেষে হঠাৎ একদিন ,এতদিনের কাঙ্খিত খবর নিয়ে বাড়ি ফেরে জ্যোতি |

-- " শুনছো গো , মা শুনছেন , চোখ পাওয়া গেছে , ডাক্তারবাবু বলেছেন এই রবিবারই অপারেশন | তুমি আবার দেখতে পাবে গো "

উৎসাহে দীপক বিছানায় উঠে বসে |
-- " সত্যি বলছো জ্যোতি , সত্যি বলছো ? আমার এ অন্ধকার পৃথিবীতে আলো ফুটবে ?"
-- " ফুটবে গো ফুটবে , এখন একটাই কর্নিয়া পাওয়া গেছে , একটা চোখে দৃষ্টি ফিরবে |"
-- " এতদিনে বাবা বিশ্বেশ্বর মুখ তুলে চেয়েছেন |"
কাঁপা হাত মাথায় ছোঁয়ান স্বাগতা |
--" কিন্তু জ্যোতি , অপেরেশনের খরচ ?" দীপক চাপা স্বরে বলে |
-- " আছে তো , সেই তোমার অফিসের টাকাটা | শত অভাবেও ওই টাকাতে আমি হাত দেইনি |"
আশ্বস্ত হয় দীপক | তার মন আজ অনেকদিন পর আলোর স্বপ্নে বিভোর হয় |

অপারেশন সাকসেসফুল | আজ দীপকের চোখের বাঁধন খোলা হবে | দীপক নিজে তো বটেই , ডক্টর মুখার্জিও খুব উত্তেজিত | সেই দীপাবলির রাতে দীপকের চোখের ট্রিটমেন্ট করা থেকে পরিবারটার সঙ্গে তার পরিচয় | এখন জ্যোতির মাধ্যমে এদের সুখ দুঃখের সাথেও জড়িয়ে পড়েছেন তিনি ওতপ্রোতভাবে | জ্যোতির মধ্যে নিজের প্রবাসী মেয়েটাকে যেন খুঁজে পান ডক্টর মুখার্জি |
-- " বল দীপক , চোখ খুলে তুমি কাকে প্রথম দেখতে চাও "
-- " আমার স্ত্রী আর ছেলেকে "
-- " তোমার ছেলে বাইরে আছে , নার্সিং হোমের নিয়ম আছে তো কিছু , আর জ্যোতিকে দেখার জন্য তোমার হুইল চেয়ারে বসে কিছুটা যেতে হবে "
-- " কেন ? কি হয়েছে ওর ? এখানে আসা থেকে ও একবারও আমার কাছে আসেনি | এ কটা বছর আমি ওর হাত ধরেই বেঁচেছিলাম , আর আজ ও ... আচ্ছা ওর কোন এক্সিডেন্ট হয়নি তো ? বলুন না ডাক্তারবাবু , ও ভালো আছে তো ? আমাদের পাশে দাঁড়ানোর মত কেউ নেই ..."
-- " উত্তেজিত হয়ো না , সব ঠিক আছে | চল তোমাকে নিয়ে যাই | সেখানে গিয়েই তোমার চোখের বাঁধন খুলব |"

--" এইবার ধীরে ধীরে চোখ খোলো ", ডাক্তার মুখার্জি দীপকের কাঁধে হাত রাখলেন |
দীপক চোখ খুললো | ঠিক যেন বহুদিনের ঘুম থেকে জেগে উঠলো সে | প্রথমে হালকা আলোর আভা ... চোখ বুজে এলো ...তারপর আবার চোখ খুললো ...সব ঝাপসা আর ধোঁয়া ...তবে কি ...ধীরে ধীরে ঝাপসা ভাবটা কেটে গেল ...ওই তো জ্যোতি ...কিন্তু ও হসপিটালের বেডে বসে কেন ? ওর ও এক চোখে ব্যান্ডেজ কেন ? কি হয়েছে ওর ?

- " কিহলো দীপক ? কোন অসুবিধা হচ্ছে ? দেখতে পারছো তো ?"
-- " হ্যা ডাক্তার বাবু , আমি সব দেখতে পাচ্ছি , কিন্তু জ্যোতির কি হয়েছে ? ও এভাবে ...."
--" তোমার জ্যোতি আক্ষরিক অর্থেই জ্যোতি হয়ে উঠেছে তোমার জীবনে দীপক | এই যে আলো তুমি দেখছো , এ তোমার -স্ত্রীর দান |"
-- " মানে ?"
-- " দিনের পর দিন আই ব্যাঙ্কে ঘুরে ঘুরে ক্লান্ত মেয়েটা একদিন হঠাৎ আমার কাছে এসে বলে তোমার চোখের আলো ফিরিয়ে দিতে সে নিজেই চোখ দান করতে চায় | অভাবে অনটনে সংসারটা শেষ হয়ে যাবার আগে এই তার শেষ চেষ্টা | জ্যোতি বলেছিল সে আত্মহত্যা
করবে , তারপর ওর চোখ নিয়ে যেন তোমার দৃষ্টি ফেরাই | ওকে কোনোভাবে আটকাতে না পেরে আমিই এই মধ্যপন্থাটা বার করি বাধ্য হয়ে | ওর এক চোখের দৃষ্টি কেড়ে নিয়ে সেটা তোমায় দিয়েছি | পরম করুনাময়ের কৃপায় দুজনেই সুস্থ আছো |"

সেই জ্যোতি | সেই যখন নতুন বিয়ে হয়ে এলো ,চোখগুলো দেখলে যেন মনে হত অতল সমুদ্র | যদিও সংসারের চাপে সেই গভীরে হয়ত জমা হয়েছিল চাপ চাপ কষ্ট , তবুও তাতে ডুব দিলে শান্তিই পাওয়া যেত | চোখে কাজল দিতে কি ভালোই না বাসতো মেয়েটা | আজ তার চোখের তলায় কালি | কি বা দিতে পেরেছে মেয়েটাকে দীপক , আর সে আজ নিজের চোখের বিনিময়ে ......
-- " কি দেখছো গো অমন করে ,ওরা একটা দিকে পাথরের চোখ বসিয়ে দিয়েছে , পছন্দ হবে তো বৌটাকে !" জ্যোতি হাসে | দীপক নিস্পলকভাবে তাকিয়ে থাকে জ্যোতির দিকে | তারপর বলে --
" যখন চোখের আলো চলে গেল , পৃথিবীটাকে যেন নতুনভাবে চিনলাম | চোখ থাকতে যাদের স্বরূপ আমি দেখতে পাইনি , তারা যেন আমার অন্ধকার জগৎকে আরো ঘন কালো মেঘে ঢেকে দিলো | প্রতিদিন মনে হত কেন বেঁচে আছি !তখন একমাত্র আশা ছিলে তুমি | এই দুবছর তোমার সংগ্রাম , চোখে না দেখলেও মনে অনুভব করেছি | আমার আঁধার রাতে তুমি ছিলে আলো , আর আজ দেখো , তোমার চোখের আলোয় আমার জীবন আলোকিত | "
নতুন বৌয়ের মত লজ্জা পেয়ে কথা ঘুরিয়ে জ্যোতি বলে ,
--" আজ কি দিন যেন ? আজ কালীপুজো | বাজি ফাটাবে ? যাবে ঠাকুর দেখতে ?"
-- " বাজি তো ফাটানো হবেনা , আর ঠাকুর দেখার আমার কি দরকার ? চোখের সামনেই দেখতে পাচ্ছি আমার জীবনের দীপান্বিতা , জ্যোতির্ময়ীকে |"

# নন্দিনী তোমাকে



BARDHAMAN, INDIA

TANMOY KOBIRAJ



মাঘের সকাল।কুয়াশার চাদরে মুড়ে গেছে চারদিক। সমীরণকে আজ বেরোতেই হবে। আগরতলা থেকে ভালো কাজের অফার এসেছে। নন্দিনী নেই। ভালো লাগে না। বাবা মা কলকাতায়। সকাল সাড়ে আটটাতে ট্রেন। কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। একা প্রান্তিক স্টেশনে বসে সমীরন। ছেড়ে যেতে ইচ্ছে করছে না। নন্দিনীর জন্যই বোলপুর আসা। এক বছর হলো নন্দিনীর বিয়ে হয়েছে। সময়ের আগেই স্টেশনে চলে এসেছে সমীরন। নিয়ে এসেছে শুধু একটা ডাইরি। নন্দিনীকে নিয়ে লেখা মনের সব কথা। পাতা উল্টাতে লাগলো সমীরন।

**২৭শে মাঘ,১৪২৬**

প্রিয় নন্দিনী,

জানো নন্দিনী ,আজ কতগুলো বছর হয়ে গেল। সনাঝুরির সেই রাস্তাটা এখনও একই আছে। আজ যখন তোমাকে চিঠি লিখছি তখন আমার বিবেক কিছু বলতে চাইছে। জানো, একদিন যখন কবিতা লিখতাম বলে বন্ধুরা আমাকে নিয়ে মসকরা করতো তখন তুমি আমার হাতে একটা পেন দিয়ে বলেছিলে,"চালিয়ে যাও। লেখা থামাবে না"। মনে জোর পেয়েছিলাম। আমার সব কবিতা আমি তোমাকেই দিতাম। আজ সে পেনের আর কালি নেই। থেমে গেছে কবিতা। মাঝে মধ্যে দু একটা শব্দ এসে উঁকি দিয়ে চলে যায়। ভালো লাগে না। শুধু খাতা ভর্তি কাটাকুটি আর বুক ভরা অস্থিরতা। নন্দিনী,আজ আমি অনেক বদলে গেছি। একদিন পাতাঝরা বসন্তের বিকাল আসতো গোধূলির পলাশে। অচেনা পাখির আওয়াজ শোনাতাম তোমায়। আজ ভালোবাসতে ভুলে গেছি। শুধু কাজ আর কাজ। আমি হেঁটে যাই। আমার এক চিলতে ঘরে যখন রাত নামে, আমি হারিয়ে যাই। আমি জানি আমার কবিতা আজও আছে তোমার মধ্যে। অনেক কথা বলার আছে নন্দিনী। আমি বদলে যাইনি। সময় পালটে গেছে শুধু। এখনও হাজার বসন্তের ছবি আঁকতে পারি তোমার চোখের ক্যানভাসে। ভালো থেকো নন্দিনী।

ইতি

সমীরণ

**২৮শে মাঘ,১৪২৬**

প্রিয় নন্দিনী,

সেদিন সকালে ঘুম ভাঙলো যখন তখন জানালার কার্নিশে একটা হলুদ পাখি এসে বসেছিল। চোখ আর বালিশের লুকোচুরিতে আমি তার খুনসুটি দেখেছিলাম। এতো ভালো লাগলো কেনো জানি না। অচেনা কাউকে কখন যে মনের ভিতর এতো ভালোলাগা তৈরী করে দেয়, বোঝা যায় না। মনে পড়ে নন্দিনী, আমাদের সেই বোলপুরের দিনগুলো। আমরা একসঙ্গে কতো গল্প করতাম। তখন কতো পাখি আসতো। একবার এমনই এক হলুদ পাখি আমার ঘাড়ে এসে বসেছিল।তুমি তার নাম দিয়েছিলে, মনভ্রমরা। কতবার তুমি আমার কথা থামিয়ে দিতে ওদের কথা শুনবে বলে। আমার রাগ হতো। শেষবার যখন ভুবনডাঙ্গা গেলাম তখন দেখলাম সেই গাছটা আর নেই। আমি অনেকক্ষন দাঁড়িয়ে ছিলাম। পাখিরা আসেনি। ওরা নিরুদ্দেশ। নন্দিনী একটা জিনিস দিতে পারবে আমাকে, আমার মন থেকে মুছে দিতে পারবে সব অতীত? আমি ভালো নেই নন্দিনী। তুমি ভালো থেকো।

ইতি

সমীরণ

**২৯ শে মাঘ,১৪২৬**

প্রিয় নন্দিনী,

লালমাটির রাস্তায় আমাদের পথ চলা শুরু। অচেনা থেকে চেনা হয়েছি। কখনও বা চেনা মানুষ আবার অচেনা হয়ে গেছে। চেনা অচেনার শব্দ ছকে আমরা পেরিয়েছি কৈশোর, যৌবন। আমাদের সম্পর্কে যেদিন বিশ্বাস এলো, সেদিন ভালবাসা পেয়েছিল মুক্তির স্বাদ। জানো নন্দিনী, বিশ্বাস যদি গভীর হয় তাহলে সে কথা বলে। বিশ্বাস যখন রাগ করে তখন তাকে বলি অভিমান। পলাশবনে যখন

শালিখ বসে তখন রাগ হয়, যদি ওভাবে আমি বসতে পারতাম। ভালোবাসাতে যদি রাগই না মেশাতে পারি তাহলে বুঝবো কি করে বিশ্বাস কতো গভীর? কলেজের সেকেন্ড পেপার পরীক্ষা দেবো না বলে আমি যখন বাইরে বসে ছিলাম,তুমি বলেছিলে,"স্বপ্নটা আমাদের। চললে এক সঙ্গে চলবো"। নন্দিনী,তুমি আমার রূপকথা। আমার হাজার শীত বসন্তের রিংটোন। তুমি ফিরবে না আমি জানি। তবু ইছে করে, আমি তুমি যদি আর একবার হেঁটে যেতে পারতাম খোয়াইয়ের পাড়ে। হয়তো এখনও কোনো বাউল খোলা মনে তার সুর ধরেছে। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**১লা ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
মনে আছে, ভালোবেসে প্রথম পথ ভুল করা। বাড়ি থেকে সেই প্রথমবার বেড়িয়েছিলাম। ভয়,আবেগ,ভালোবাসার স্বর্গীয় শ্যাম্পেন। আমরা অজয়ের তীরে বসেছিলাম। শেষবিকালের রোদে তোমার মায়াবী চুল আর চোখ - আজও কবিতায় আলেয়ার মত হাতছানি দেয়। তোমার চোখে লুকানো পার্থিব,আর ভালবাসার সুখ আমাকে দিয়েছে নিঃসঙ্গতার সাহস। সেদিন তোমাকে উপহার দিয়েছিলাম কাশফুল আর নুড়ি পাথর। আমার মনে আছে, কাশের কাঠি দোয়াতে ডুবিয়ে তুমি আমার নাম লিখেছিলে কবিতার পাতায়। আমরা কেউ কাউকে কিছু দিতে পারিনি। দেবো বলে ভেবেছিলাম শুধু। সময় চলে গেলো। জানো নন্দিনী, এখন অনেক কিছু দেবার সখ হয় কিন্তু তুমি নেই। আজও নিম্নচাপ মেঘের মত শুধু তোমাকেই খুঁজে বেড়াই তোমার ছাদে বৃষ্টি হবো বলে। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**২রা ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
তোমাকে ভালোবেসে আমার সব অপছন্দ যেন পছন্দ হতে শুরু করল। তোমার ভালোলাগাগুলো মনে হলো আমার। রাস্তায় দাঁড়িয়ে এভাবে গল্প করিনি কখনও কিন্ত তোমার সঙ্গে গল্প করেছি বহুবার। আমার রাত জাগা, সারাদিনের ভাবনায় তোমার জন্য রাখা ভালো মন্দ সব গল্প যেনো তোমাকেই বলতে হবে। তুমি না শুনলে রাগ হতো। আমার পছন্দ মত উত্তর না পেলে রাগ হতো। এসব তো আগে ছিল না নন্দিনী। আমার জীবন তো ব্যক্তিগত ছিল। আজ তোমার কাছে নিজের কিছু নেই। নন্দিনী,আর একবার যদি বিশ্বাস রাখতে, দেখতে ফিরিয়ে আনতাম দ্বিতীয় বসন্ত। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**৪ঠা ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
যদি আবার দেখা হয় আমাদের। তোমার সঙ্গে আমার শেষ দেখা হয়েছিল কুড়ি বছর আগে। ঝাপসা মুখ। আবার কবে দেখা হবে কে জানে? চিনতে পারব সেদিন? আমি জানি, আমাদের দেখা হবে চেনা রাস্তার মোড়ে। তোমার জীর্ণ শরীরে আমি থেকে যাবো অনন্তকাল। তুমি চলে যাবার পরে তোমার প্রিয় বকুলবাগানটা কিনেছি। তোমার সাধের ফুল গাছগুলো আজও আছে। বাগানের নাম রেখেছি তোমার নামে, নন্দিনীর ফুলবাহার। তোমার খুব ভালো লাগবে এখানে। আমার জন্মদিনে তোমার দেওয়া কাঠগোলাপের গাছটা অনেক বড়ো হয়ে গেছে। শালিখের বাসা হয়েছে গাছের ডালে। পাতা ঝরে গেলেও ফুল থেকে যায়। আমি ভালো আছি শুধু তুমি ভালো আছো বলে। মন ভালো নেই সেতো তোমার কাছে যাবার বাহানা। তুমি সব জানো নন্দিনী। আমার সেদিনের গ্লানি মুছে গেছে তোমার ওড়নার আড়ালে। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**৫ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
তোমাকে ভালবাসার পর খুব হালকা লাগছিল নিজেকে। তোমাকে আমি সব সময় কাছে পেয়েছি। আমি রাত্রিবেলায় ঘুমাতে যেতাম এই বিশ্বাসে আমার খেয়াল রাখার জন্য তুমি আছো। তোমার মনে আছে, কতো বার তোমাকে মাঝরাতে ফোন করেছি। রাতে ভয় পেলেই তোমাকে ফোন করতাম। আমার স্ট্রাগল, বেকার জীবন সব তুমি সামলেছো। একদিন ছিল যখন দিন শুরু হতো বিশ্বাসে। তুমি চলে গেলে আর আমার বিশ্বাসটাও মরে গেল। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**৭ই ফাল্গুন ,১৪২৬**
প্রিয় নন্দিনী,
মনখারাপের সকালে চলো না আজ কোথাও ঘুরে আসি। আগে কতবার কলেজ ফাঁকি দিয়ে পালিয়ে যেতাম। এখন খুব ইচ্ছে করে আমার সবটুকুর বিনিময়ে যদি একটা দিন ফিরে পেতাম। তোমাকে শাড়িতে দেখবো। তোমার আঙুল ছোঁব। তোমার কপালে টিপটা সরে গেছে বলে তোমার কপালে হাত রাখব। গভীর রাতে তোমাকে পাবার ইচ্ছারা আসতো। তোমাকে হলুদ শাড়িতে দারুন মানায়। যে কথার শেষ হয়নি, সে কথাটা আজ শেষ করা যায় না? তোমার মনে আছে, আমরা কিন্তু কেউ কাউকে ভালবাসি বলিনি? তুমি বলতে ভালবাসা অনুভূতি আর অনুভূতির শব্দ হয়না। আমরা ভালবাসি আমাদের অনুভূতিতে সেটা আমি আর তুমি বুঝলেই চলবে। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**৮ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
আমি কিছু বলতে চাই জানো। কি বলতে চাই সেটা ঠিক বোঝাতে পারব না। তবে এমন একটা কথা আমি বলতে চাই সেটা বলতে না পারলে সুস্থির হতে পারবো না। হাজার বসন্ত যেনো এলোমেলো হয়ে যাচ্ছে। তুমি তো জানো আমি কি বলতে চাই? আমাকে কিছুই বলার আগেই তুমি বুঝে যেতে। আজ কেন বুঝতে পারছো না? তোমার ভালোবাসাকে আমাকে আবার গুছিয়ে দিতে পার না?
ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরন

**৯ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
শুরু করেছিলাম প্রাইভেট টিউশন দিয়ে। মাসে ১৫০টাকা। সংসার চালাতে হবে। আস্তে আস্তে টিউশন বাড়ল। কলেজ শেষ করলাম একরাশ স্বপ্ন নিয়ে। চাকরি পাবো বলে পড়াশুনা শুরু করলাম। একটা চাকরিও পেলাম না। সবাই যখন নিজেকে গুছিয়ে নিয়েছে আমি বেকার হয়ে বসে আছি। শেষমেশ এল এল বি করলাম। এখন আমি উকিল। ক্রিমিনাল প্র্যাক্টিস করি। কবিতার ছেড়ে অপরাধের ড্রাফটিং করি। জীবন

কেমন যেন অন্য পথে চলে গেলো। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরন

**১১ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
তুমি চলে যাবার পরে অনেক্ষন স্টেশনে বসে ছিলাম। বাড়ি ফিরতে ভালো লাগছে না। তোমাকে যেতেই হলো মাস্টার্স করতে। যখন ফিরবে আমি নিতে আসবো। একা স্টেশনে জোনাকির ঘুরে বেড়ায়। কতো লোক ফোন করছে। ট্রেন আসছে আর যাচ্ছে। আমার হয়তো কোনো গন্তব্য নেই। কখন বাড়ি ফিরলাম সেদিন জানি না। তুমি কবে ফিরবে নন্দিনী? ভালো থেকো।
ইতি
সমীরন

**১২ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
কেমন আছো? আজ কতদিন পরে তোমাকে এ প্রশ্ন করছি। এক সময় সকাল হলেই তোমাকে এ প্রশ্ন করতাম। কখনও রেগে বলেছো, এক প্রশ্নের কতবার উত্তর চাও। আমি তোমার বন্ধু হতে চেয়েছিলাম।তুমি যখন মন খারাপ করে আমাকে সব বলতে তখন তোমাকে চেনার চেষ্টা করতাম। তোমার পায়ের নুপুর সেতো রাত হলে আজও বেজে ওঠে। আমি তো নিজেই ক্ষুধিত পাষাণ। সেবার দোলে তোমার গালে মাখিয়ে ছিলাম লাল পলাশের আদর। ফিরে এসে নন্দিনী, তোমার সোহাগী খোঁপায় বেঁধে দেবো শ্রাবণের মেঘলা আকাশ।ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**১৩ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
বেলাশেষের বিকাল। আমার কবিতাটা সবে শেষ হলো। তোমাকে শোনাবো বলে হন্যে হয়ে খুঁজছি। শেষে দেখি সোনাঝুড়ির মোড়ে তুমি দাঁড়িয়ে,"তুই তো জানিস আমি এখানেই থাকবো। এতো খোঁজার কি আছে? "আমার কবিতার তুমিই প্রথম পাঠক, প্রথম সমালোচক। তোমাকে ভেবে কবিতা লিখতে গিয়ে ছন্দ হারিয়ে গেছে। গল্প হয়েছে উপন্যাস।তবু মনের মত একটা কবিতা হয়নি। তোমার উপস্থিতি এত সুখ দিত যে লিখতে ভালো লাগতো না।আজ প্রতিদিন লিখি তোমাকে নিয়ে। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**১৪ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
আমি পাল্টে গেছি। এখন আর যখন তখন বেরোই না। একা থাকতে শিখে গেছি। ঝগড়া করি না। চুপ করে বসে থাকতে পারি অনেকক্ষন। শুধু বেঁচে আছি। পুরনো কবিতা বিক্রি করে দিয়েছি সস্তা দরে। আমার জানালার পাশে এসে বসেছে লতা। গ্রিলে শ্যাওলা। রাতে ঘুম আসে না। কখন ঘুমাই কেউ জানে না। ভালো থেকো নন্দিনী।
ইতি
সমীরণ

**১৫ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
একটা গল্প হতে পারতো বলো? ভালো লাগার সব উপকরণ ছিলো, শুধু গল্পটা লেখা হলো না। যা লিখবো তা হয়তো গুছিয়ে বলতে পারবো না। কোনটা আগে আর কোনটা পরে লিখবো সেটাই বুঝতে পারছি না। গল্পটা নিজের মনেই রয়ে গেল। তোমাকে আর বলা হলো না। ভালো থেকো।
ইতি
সমীরণ

**১৬ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
বৃষ্টি পড়ছে। তাকিয়ে দেখো নন্দিনী। মেঘলা আকাশে খোলা জানালা। রাস্তা শুনশান। ভেজা রাস্তায় ঝরা ফুল। শৈশবের নৌকায় শুধু মন খারাপের হাতছানি। বৃষ্টিতে আমাদের প্রথম ভেজা আমার কুঠির বনে। ভেজা শরীরে যৌবনের পরিচয়। আদিমতার সব লজ্জার ইতি। বৃষ্টি যখন থেমেছে তখন জীবন অনেকটাই শান্ত।ভালো থেকো।
ইতি
সমীরণ

**১৮ই ফাল্গুন,১৪২৬**
প্রিয় নন্দিনী,
অনেকদিন পর আজ আবার দেখা। চেনা অভিমান। মুখচোরা ভালোবাসা। কতো দিন তুমি কথা বলোনি। ক্রমশ শেষ হয়ে যাচ্ছে আমাদের কথা বলার সময়।আমি কতদিন শুধু একাই কথা বলেছি।তুমি একটা উত্তরও দাওনি।আজ দেখা হলো। তুমি জানতে চাইলে, কেমন আছো? আমার নীরব শব্দের সব উত্তর তো তোমার জানা নন্দিনী। ভালো থেকো।
ইতি
সমীরণ

হটাৎ ট্রেনের খবর হয়ে গেল। ডাইরি বন্ধ করে উঠে পড়লো সমীরন। ট্রেন ছেড়ে দিল। এসির কালো কাঁচে কুয়াশা যেনো আরো গভীর। সমীরন আর ফিরবে না। বোলপুর থেকে যাবে চিরকাল নন্দিনীর ভালোবাসায়।

# নতুবালা



KOLKATA, INDIA

LALIT MAJHI

মেডিকেল কলেজের সোনালী দিনগুলো যে ধীরে ধীরে শেষ হয়ে আসছে সে কথাটা খেয়ালই করিনি। তখন হাউসস্টাফশিপ শেষ হতে মাস চারেক বাকি। মনটা খারাপ হয়ে গেল। বন্ধু বান্ধব, পরিচিত মানুষ জন - এইসব ছেড়ে চলে যেতে হবে? স্টাইপেন্ডের পয়সায় দিব্যি চলে যাচ্ছিল। কিন্তু এরপর কি করব? চাকরি না প্রাকটিস। কিছুদিন দোলাচলে কাটার পর প্রাকটিস করাই সাব্যস্ত হল।
বাড়ি থেকে মাইলখানেক দূরে পাকা রাস্তার ধারে বাজার বসে। তারই এক ধারে দুটো ঘর পাওয়া গেল। একটা চেম্বার আর একটা ডিসপেনসারি। সে সময় আমাদের এখানে বেশ কয়েকজন সিনিয়র ডাক্তার ছিলেন যারা প্রায় সবাই ডিসপেনসিং করতেন। আমি দুরকম ই রাখলাম। এ তো গেল ব্যবস্থাপনা। এরপর মনে এল ভয়। ডাক্তারি যা শিখেছি সে তো আমি জানি আর ভগবান জানেন। বুঝলাম প্রতিটি রোগী কেই বলতে হবে, ভগবানের উপর ভরসা রাখ। এ যেন একা একা খেলা - ছিন্ন পাতার সাজাই তরণী, একা একা করি খেলা। যাহোক, প্রাকটিস এর তরণী ভাসিয়ে দিলাম। এক সময় সে তরণী টলমল করতে করতে সামান্য গতি পেল।
এমনি করে বছর দেড়েক লাগলো একটু থিতু হতে। একদিন এক গ্রীষ্মের বিকালে ডাক্তার খানায় পৌঁছে দেখি কোন রোগী আসেনি। চেম্বারে চেয়ারে বসে ফ্যান চালিয়ে খবরের কাগজ টা একটু দেখছি। এমন সময় দরজার পর্দা সরিয়ে একটা মুখ দেখা দিল - বলি-রেখাঙ্কিত এক মহিলার। বলল -এটা নতুন ডাক্তার খানা? বললাম, হ্যাঁ। আবার প্রশ্ন, তুমি ডাক্তার? বললাম , হ্যাঁ। বুড়ি ঘরে ঢুকে মেঝেতে বসে পড়লো। বললাম, ওখানে নয়, চেয়ারে বসো। সে বলল বড্ড গরম, একটু শরীরটা জুড়োক। বললাম, ঠিক আছে। তোমার নাম কি গো? বুড়ি বলল, নতুবালা। জিগ্গেস করলাম, আহা, এমন নাম কে রাখলো? বুড়ি হাসল, কে জানে? বাপ মা হবে। তুমি জিগ্গেস করছো। যাও না, আঙ্গুল তুলে বোঝাল তারা দুজনেই স্বর্গ গেছে। হেসে বললাম, বড্ড দূর হয়ে যাচ্ছে! একটু পরে নতুবালা কে দেখে ওষুধ দিলাম। এরপর থেকে নতুবালা প্রায়ই আসত। সময় পেলে গল্প করতো।
তার স্বামী স্বাধীনতা সংগ্রামী, জেল খেটেছিল। পরে, কিছু পেনশন পেত। স্বামী মারা যাওয়ার পর সেও সামান্য পেনশন পায়। এটা তার কাছে খুব গর্বের বিষয়। সামান্য হলেও দুই ছেলে, নাতি নাতনী র সংসারে কাজে লাগে টাকাটা।
একদিন একটা বাচ্চা মেয়েকে সঙ্গে নিয়ে এসে বলল, আমার নাতনী।
বছর ছয়েকের মেয়ে, বেশ হাসি খুশি ভালো লাগার মত মুখ। জিজ্ঞেস করলাম, কি নাম তোমার? ব্যস, ওমনি সে ঠাকুরমার কাপড়ের আড়ালে মুখ লুকিয়ে ফেলল। ঠাকুরমা বলল, বল না নামটা। ডাক্তার বাবু জিজ্ঞেস করছে, বল না। শেষে অনেক সাধ্য সাধনার পর দুহাতে ঠাকুমা কে জড়িয়ে তার মুখের দিকে তাকিয়ে বলল, বকুল। বললাম, খুব সুন্দর নাম তোমার।

পরে একদিন নতুবালা এসে বলল কানটা একটু দেখতো। বললাম কি হয়েছে? উত্তর হলো, কানে বাজ পড়ে গেছে। আমি ও মজা করে বললাম, আহা, আর একটু ওপরে পড়লেই তো সব ঝামেলা মিটে যেত। সে বলে, সেই ভাল হতো। এখন ওষুধ দাও। তারপর, বহুবার এসেছে আমার কাছে। কখনো কখনো সঙ্গে আনতো নাতনীকে।
এমনি করে বেশ কয়েক বছর কেটে গেল। আমি ও গ্রামে থিতু হয়ে গেলাম। অনেক দিন নতুবালা আসেনি। একদিন তার বাড়ীর কাছের একটা ছেলে আমাকে দেখানোর জন্য এসেছিল।
তাকে জিজ্ঞেস করলাম নতুবালার কথা। সে কিছু বলতে পারলো না। তাকে বুঝিয়ে বললাম নতুবালা দের বাড়িটা কোথায়। বললাম ওদের বাড়ীতে একটু খোঁজ নিতে।
কয়েক দিন পর - সেদিন বিকালে ডাক্তার খানায় পৌঁছে গেছি একটু তাড়াতাড়ি।
কোন রোগী তখনও আসেনি।
চেম্বারে জোরে ফ্যান চালিয়ে খবরের কাগজ পড়ছি। বাইরে একটা ছেলের গলা শোনা গেল , ডাক্তার বাবু আসব? বললাম, এসো, কি দরকার? ছেলেটি দরদর করে ঘামছে। তাকে বসতে বললাম। সে বলল আমি নতুবালার নাতি, ঠাকুরমা মাসখানেক হল মারা গেছে। জিগ্গেস করলাম, কি হয়েছিল? ছেলেটি বলল, অসুখ কিছু বোঝা যায়নি, শুধু বোনটা মারা যাওয়ার পর খাওয়া দাওয়া ছেড়ে দিয়েছিল। চমকে উঠলাম, তোমার বোন বকুল? হ্যাঁ ডাক্তার বাবু।আমাদের মাঠের ধারে বাড়ী। বোনটা বিকেলে বাড়ীর উঠোনে খেলছিল। হঠাৎ ঝড় উঠল। এক মিনিট এর মধ্যে উঠোনে বাজ পড়ল, আর আমার বোনটা শেষ হয়ে গেল। কান্নায় গলা বুজে গেল ছেলেটির। আমি স্তব্ধ হতবাক হয়ে গেলাম। ছেলেটা একটু শান্ত হতে বললাম, বাড়ী যাও।
চলে গেল ছেলেটি।
খুব বদ্ধ লাগছিলো ঘরটা, জানালা গুলো খুলে দিলাম। বাইরে নির্জন কালো রাস্তাটা যেন শূন্যের দিকে চলে গেছে। সেই শূন্যতার দিকে তাকিয়ে মনে হলো নতুবালা হারিয়ে যায়নি। সে আবার ফিরে আসবে, সে তো তার বকুলকে ফিরিয়ে আনতে গেছে।

# বাঁশের কথা



JAMSHEDPUR, INDIA

RAMKAMAL MUKHOPADHYAY

“ওই দেখো,বাঁশের ঝাড়ে আওয়াজ হচ্ছে,বাঁশ কাটছে, ভোঁদা নিশ্চয়ই বাঁশ কেটে নিয়ে যাচ্ছে,তুমি কিচ্ছু না বলে ওকে মাথায় তুলে রেখেছো,একটা বাঁশের দাম কত?” চেঁচিয়ে বলছে একটা মুখ।” আরে না না ওটা পাশের ঝাড়ে হচ্ছে” বলে আর একটা মুখ।” “আমাদের ঝাড় থেকেই নিচ্ছে,আর তুমি জেনে বুঝে ওকে লাই দিচ্ছ,এই করেই সব শেষ হবে।” প্রথম মুখটা ঝাঁজিয়ে ওঠে।দুটো মুখ,একটা বাদামী কালো আর অন্যটা ফ্যাকাশে, এক সময় গোলাপী ছিলো।জীবন যুদ্ধের অনেক ঝড় ঝাপটা দুটো শরীরের উপর দিয়ে গেছে,বাবা আর মা।আর যার বিরুদ্ধে অভিযোগ তিনি ভোঁদা বাবার এই জীবন যুদ্ধের সেনাপতি,মাঠে ঘাটে বাটে।রোগা পটকা,পেটটা একটু বড়ো।অনটনের সংসারে এক একটা জিনিষ মহার্ঘ্য আর তাদের সামলে রাখার অদম্য প্রচেষ্টা।তিনটে বাচ্ছা ( আমরা তিন ভাইবোন) আর এই তিন জন বড়ো( স্বামী স্ত্রী ও একজন সহকারী), ছ জনের সংসার সামলানো যে কি দুরূহ ,সেই জানে যে চালায়।

একটা তাল গাছ আর তাতে একটা কঞ্চির গাঁট ওয়ালা বড়ো বাঁশ লাগানো,তাল গাছের মাথায় একটা হাঁড়ি লাগানো, তালের রস জমছে, ‘তাড়ি ‘।ভালই নেশা তৈরি করে।সকাল বেলায় ভোঁদা চড়ে যায় গাছে আর এক হাঁড়ি নামিয়ে এনে কয়েক গ্লাস ঢক ঢক করে খেয়ে নেয়,মুখটা গামছায় পুঁছে মায়ের কাছে রান্নাঘরের দরজায় দাঁড়ায় ” ও বৌদি, কাটারি টা বের করে দাও,পেয়ারা গাছের ডাল কেটে নিয়ে আসি,ভাইপোকে গুলি ডান্ডা তৈরি করে দিতে হবে,পেয়ারা ডালে বেশ ভালো শক্ত হবে।” মা বলে ” কিরে ভোঁদা সকাল বেলায় ছাই পাঁশ গুলো গিলেছিস”? হিহি হেঁসে ভোঁদা বলে “পেট ও ভরে যায়,তাগত পাই,ভাইপো টাকে সকালে এক কাপ করে দাওনা বৌদি,দেখবে চেহারা একদম ভালো হয়ে যাবে।”। “যা মুখপোড়া যা এখান থেকে,নিজে গোল্লায় গেছে আবার কি উপদেশ;গুলি ডান্ডা বানাস নি, চোখে মুখে লেগে গেলে সর্বনাশ হবে, যাও তাড়াতাড়ি লাঙ্গল নিয়ে বেরও”।

একটা কানা উঁচু অ্যালুমিনিয়াম এর থালাতে ভর্তি ভাত, পাশে এক খামচা নুন,দুটো ছোট পিয়াঁজ, একটু তরকারি আর একটা বাটিতে একটু ডাল,সেটাকে একটা পুরোনো কাপড়ে বেঁধে এক হাতে নিয়ে আর অন্য হাতে একটা ছোটো বালতি তে আধ বালতি জল নিয়ে আমি আল পথে ব্যালান্স করতে করতে চলি গৌরীপুরের মাঠে,সকালবেলায় ভোঁদা কাকা গেছে বাবার লালু ভুলু( দুটো হেলে গরু) আর লাঙ্গল নিয়ে চাষ করতে।” একটু দাড়াও ছোটবাবু( বাবা হচ্ছে বড়ো বাবু),আর দু চককোর ঘুরে নিই...এই হ্যাট হ্যাট চল।”খেতে বসে ভোঁদা কাকা,গোগ্রাসে খায়,আমি লোভের দৃষ্টিতে দেখি।” মই তে চাপবে নাকি ছোটো বাবু ?” বলে ভোঁদা কাকা। লাঙ্গল টা সরিয়ে গরু দুটোর সঙ্গে জুড়ে দেয় মই আর কাকা তাতে উঠে দাঁড়ায় আর কাকার দুই পায়ের ফাঁকে মই এর ওপর বসি আমি।” হ্যাট হ্যাট, চল... ” মই টা মাটির ঢেলা গুলোকে ভাঙতে ভাঙতে চলে আর আমি হি হি করে হেঁসে উঠি।
 সন্ধ্যে বেলা বাড়ি এসে ভোঁদা কাকা বলে ” বৌদিগো আধসের চাল দাও,বাড়িতে চাল নেই,আর বড়বাবু আট আনা দাও, চাটুজ্জে দের দোকান থেকে নুন আর তেল টা নিয়ে যাবো, শালা গলা কাটে,এক ছটাক তেল নিলেই পয়সা ফুড়ুৎ।” “তুই তো দু দিন আগেই পয়সা নিলি,এভাবে কি করে চলবে” বলে বাবা।” কি করবো না হলে রাত্তিরে সবায়ের হরি মটর (উপোস)।
 গরুর গাড়িটা ক্যাঁচ ক্যাঁচ আওয়াজ করতে করতে চলেছে,কয়েক বস্তা ধান, কনুইবাঁকার ধান কলে ভাঙাতে,লালু ভুলু বড়ো ভালো,একদম ঠিক ভাবে চলে,আঠারো নম্বরের বাস এলে সাইড এ নেমে যায়।ড্রাইভার এর জায়গায় আমি,ঠিক পিছনে ভোঁদা কাকা। "দড়িটা ঠিক করে ধরো,আর এই লাঠিটা,ডানদিকের গরুকে একটু ঠ্যাকালে গাড়ি বাঁদিকে ঘুরবে আর বাঁ দিকের টাকে একটু মারলে ডান দিকে যাবে,থামাতে হলে দড়িটা ধরে টান মেরো।” ট্রেনিং দেয় কাকা। মেশিন ধক ধক করে চলছে ,কাকা ধানের বস্তা গুলো একটা একটা করে পিঠে করে নিয়ে এসে ওজন করাচ্ছে,” ছোটো বাবু তুমি ওজন টা দেখো আর যখন চাল বেরুবে কত বস্তায় ভরলো দেখবে,আমি ওদিক থেকে কুঁড়ো গুলো বোরায় ভরি,দেখবে ঠকায় না যেন,পয়সা হিসেব করে দেবে।”আমার ট্রেনিং চলতে থাকে।আমিও বলি কাকা ” সাবধানে,মেশিন এর খুব কাছে যেওনা,গত সপ্তায় একটা মেয়ের চুলটা মেশিন এ ধরে গেছলো,ছাড়াতে গিয়ে হাত টাই উড়ে গেছে”।কাজ শেষ হয় ,আবার চলি বাড়িতে...হ্যাট হ্যাট টা টা টা।
 কাকা দৌড়চ্ছে হাসপাতাল এর দিকে,পিঠে তে শুয়ে আছি আমি ,ঠিক মহাদেবের কাঁধে যেমন সতী।আমার পা দিয়ে অঝোর ধারায় রক্ত চলেছে,সাইকেল চালানো শিখতে গিয়ে হুইল এর মধ্যে পা ঢুকে অনেক টা কেটে গেছে।মাঝে মাঝে পিঠে হাত বোলাচ্ছে আর বিড়বিড় করে বলছে ডাক্তার বাবু ঠিক করে দেবে” । সেলাই শেষ হলে আবার কাঁধে বসিয়ে বাড়ি। ” ভাইপোকে এখন আর সাইকেল দিও না,আর একটু বড়ো হলে চালাবে” ।

বর্ষায় বড়ো বড়ো ঘাস হয়েছে আর

কাকা একবোঝা ঘাস নিয়ে এসেছে গরুগুলোর জন্যে,ঘাস কাটা ব্যোঁটি তে কাটছে আর দেখি ঝর ঝর রক্ত।" ও কাকা তোমার আঙুল কেটে গ্যাছে"। কাকা দ্যাখে আঙ্গুল গুলো ,কোথাও কিছু হয়নি।আসলে একটা সাপকে ঘাসের সঙ্গে বেঁধে নিয়ে এসেছে,আর ব্যোঁটি তে ঘাসের সঙ্গে কেটে ফেলেছে।" ওরে বাপরে, এতো বোড়া সাপ গো,খুব বেঁচেছি,আজ যাবার সময় মা মনসার থানে মাথা টেকিয়ে যাবো।"

অঝোরে বৃষ্টি পড়ছে ,আর কাকা একটা টোকা মাথায় বেরিয়ে পড়েছে, সন্নে র জমিতে ঘাই কাটতে হবে,নাহলে ধানগাছ সব হেজে নষ্ট হয়ে যাবে,খিড়কি পুকুরের পাড় থেকে চেঁচায় ,ছোটো বাবু জলদি এসো, ছাতাটা নিয়ে দৌড়িয়ে যাই,খিড়কি পুকুরের পাড় দিয়ে লাইন দিয়ে কই মাছ উঠছে আর পাশের নালায় ঢুকছে,দুজনে কই মাছ ধরতে থাকি , ছাতা টা নালার জলে ঢুকিয়ে দিই আর ছাতার মধ্যে মাছ ঢুকে যায়,জলে ভিজে একদম চুপসে একাকার।মা চেঁচাতে থাকে" বাড়ি আয়,এই ভোঁদা ছেলেটাকে বিগড়ে দিচ্ছে।এরপর জ্বর নিয়ে বিছানায় পড়বে।"

আস্তে আস্তে সময় এগোতে থাকে,ভোঁদা কাকার চুল গুলোতে পাক ধরেছে।বাবাও দেখি মাঝে মাঝে অবসন্নতায় ভোগে,দিনগুলো যেনো আরো কঠিন হচ্ছে।একদিনের কথা,সকাল থেকে একটা থমথমে ভাব,ভোঁদা কাকা কে কোনো কিছু বললেই চেঁচিয়ে উঠছে আমি পারবো না। বাবাও দেখি অস্বাভাবিক রূপে চুপচাপ।একটু বেলায় দেখি পাশের গ্রাম থেকে দুজন লোক এলো,তারা লালু ভুলু কে কিনে নিয়ে যাচ্ছে।এখন চারদিকে ট্রাক্টর দিয়ে জমি চাষ হচ্ছে,সেটাই লাভজনক,অনেকদিন থেকে টেনে টেনে বাবা আর পারছে না। ভোঁদা কাকা গোয়াল ঘরের কোনার দিকে একটা খুঁটি ধরে দাঁড়িয়ে ছিল,আস্তে আস্তে ওখানেই মাটিতে বসে পড়লো।একটু বাদে উঠে চোখের কোন গুলো পুঁছে,লালু ভুলুর পিঠে হাত বোলাতে লাগলো,বাড়ির মধ্যে সবচেয়ে হৃষ্টপুষ্ট চেহারা ওদেরই,বাবা চুপ চাপ টালির দুয়ারের কোণে বসে আছে।একটু বাদে লোক দুজন লালু ভুলু কে নিয়ে আস্তে আস্তে বেরিয়ে গেলো।সেদিন দুপুরে ভোঁদা কাকা আর বাবা দুজনেই খেলো না।সন্ধ্যেবেলায় বাবা বলতে লাগলো "আর পারছি না,ভোঁদা তুই আর কি করবি,সব গরুগুলো গেছে( একটা গাই ছিল আগেই বিক্রি হয়ে গেছে), আমিই আর কি রোজ কাজ দোবো,পারলে অন্য কোথা কাজ দেখ।" ভোঁদা কাকা বললে " আমি আর কোথা যাবো এখানেই পড়ে থাকবো,যা পারবে তাই দেবে।" বাবা বললে "তোর বউ তো পারবে না মেয়ে টাকে বলিস রোজ এসে তোর বৌদির বাসন কখানা ধুয়ে দিতে।"

এইভাবেই দিন গুলো হামাগুড়ি দিয়ে চলতে থাকে,ভোঁদা কাকা ও আজকাল অনিয়মিত,বেশ কয়েকদিন থেকে আসছে না।একদিন সকালে কাকার ছেলে উঠোনে এসে দাঁড়ালো,বললে "জ্যাঠা কাল রাত্তিরে বাবা মরে গ্যাছে। কটা বাঁশ চাই, শ্মশান নিয়ে যাওয়ার জন্যে আর.."। বাবা আস্তে আস্তে টালির ঘর টাতে ঢুকে গ্যালো,বুঝলাম চোখের জল সামলাচ্ছে,মা রান্না ঘরের দরজায় স্থানুবৎ।বাবা বললে যা ঝাড় থেকে নিয়ে যা।

সেই বাঁশ।আমি দুঃসহ গরমের মধ্যে বাঁশতলায় এসে দাঁড়িয়েছি, হাওয়া চলছে,বাঁশ পাতা গুলো নড়ছে,কিরকম একটা ফিসফিস আওয়াজ হচ্ছে,মনে হচ্ছে বাঁশ গাছ গুলো কথা বলছে" চল ভোঁদা।আমরা একসময় পাতা দিয়েছি,কঞ্চি ডাল দিয়েছি,ঘন সবুজ ছিলাম এখন হলুদ হয়েছি,জ্বলে যাওয়ার সময় হয়েছে,তুই ও জীবন যৌবন ঘর সংসার সব দিয়েছিস,এখন জ্বলে যাওয়ার পালা,আয় একসঙ্গে দুজনেই জ্বলে যাই।"



# দিদার পরীক্ষা



GUJARAT, INDIA

KIRTI PARIKH

খড়গপুরের কাছের বালিচক গ্রামের অনিলের দিদা গোটা পাড়ার দিদা । সে দিদা , মানে কল্যানী , আর তার মেয়ে রাধাকে গোটা পাড়ায় সকলে খুব ভালোবাসে।

দিদা বালিচক এসেছেন প্রায় পঞ্চাশ বছর আগে ,তবে সঠিক কত বছর আগে ,কেউ জানে না।

রাধা ওনার একমাত্র মেয়ে, আর অনিল রাধার ছেলে। অনিল ছোটবেলা থেকে কল্যানীকে দিদা বলত, সেই থেকে সকলেই কল্যানী কে দিদা নামেই চেনে। এখন তো অনিল এলএলবি পাস করেছে আর অস্ট্রেলিয়ায় থাকে ।

পাড়ায় কোন পড়শির অসুখ বিসুখ হলে দিদা সঙ্গে সঙ্গে সেখানে সেবায় লেগে যেতেন। দিদার বয়স তো আশিরও বেশি কিন্তু সব কাজে ওনার বিরাট ফুর্তি।

লোকে বলে দিদা গত তিরিশ বছর হলো কোনো দিন অসুস্থ হননি , আর বালিচক এর বাইরে যাননি।ওনাকে কোন দিন হতাশ হতে দেখা যায়নি। অবশ্য যখন ওনার দৌহিত্র অনিল এলএলবি পাস করে চাকরি নিয়ে অশ্ট্রেলিয়া গেছিল তখন উনি একটু হতাশ হয়ে ছিলেন। উনি চাননি অনিল বিদেশ যাক। ওনার অনিচ্ছা হলেও অনিল তো গেলোই, আর দিদাও সেটা স্বীকার করে নিয়েছিলেন।

আজ অনেক বছর পর, অনিল রাধাকে আর দিদাকে অস্ট্রেলিয়া বেড়াতে যেতে বলছিল। অস্ট্রেলিয়া আর নিউজিল্যান্ড-এ পনেরো দিনে দেখার মত অনেক কিছু রয়েছে। যে দিদা বালিচকের বাইরে কখনও যাননা, তিনি অস্ট্রেলিয়া নিউজিল্যান্ড যেতে রাজি হলেন কেন সেটাও একটা আশ্চর্যের ব্যাপার। কিন্তু মা আর মেয়ে, দিদা আর রাধা চললেন বেড়াতে।

কল্যানী ওরফে দিদা আসলে তো উত্তর বাংলার শিলিগুড়ির মেয়ে। ওনার বাবা শিলিগুড়িতে দর্জি। পনেরো বছর বয়সে কল্যাণীর বাবা তাকে জলপাইগুড়ির কালীচরনের সঙ্গে বিয়ে দেন । কালীচরণ সেলাই কাজে খুব পারদর্শী ,তাই রোজগার ভালোই করত। কিন্তু বাড়িতে বুড়ো মা বাবা অসুস্থ ছিলেন তাই মাসের শেষে অসুবিধে তো হতই।

বিয়ের এক বছর পরে কালী চরণ কাজের একটা ভালো প্রস্তাব পেয়েছে । কলকাতার একজন উকিল অনেক ছেলেদের ফিজি দ্বীপে কাজের জন্য নিয়ে যাচ্ছিলেন। ফিজি তে তখন ব্রিটিশ সাহেবদের রাজ। সে উকিল হলেন এক ব্রিটিশ সাহেবের কোম্পানির এজেন্ট ,দালাল । প্রস্তাব স্বীকার করলেই কিছু টাকা দেওয়া হবে ,আর পাঁচ বছর চাকরি করার চুক্তি পত্র দলিলে সই করতে হবে। ফিজি যাবার জাহাজ ভাড়া কোম্পানি দেবে আর সে খানে থাকার ব্যবস্থা করবে।

কালীচরণ প্রস্তাব টা পেয়ে খুব খুশি। সে যেতে রাজি। তখন কল্যানী বলে ছিল "তুমি পাঁচ বছর ফিজি তে থাকবে ,তো আমি এখানে একা কি করব? আমি ও যাব ,আমায় নিয়ে চলো"

"আরে ,কোম্পানি একজনার জাহাজ ভাড়া দেবে ,এক জনের থাকার ঘর দেবে , তোমাকে নিয়ে যাব কি করে?"

"তবে আমি কিন্তু এই পাঁচ বছর তোমার মা বাবার সঙ্গে জলপাইগুড়িতে থাকব না , আমি শিলিগুড়ি মা বাবার সঙ্গে থাকব।"

"বেশ তো ,তুমি শিলিগুড়ি চলে যেও।"

কালীচরণ কিন্তু তখন বুঝতে পারে নি যে ইন্ডেন্টার্ড লেবার ,, মানে বন্ডেড লেবার এর এই ব্যবস্থা ,এক প্রকারের ক্রীতদাসত্ব। যখন ব্রিটিশ পার্লামেন্ট ক্রীতদাস প্রথা নিষেধ করার আইন করেছে তখন সাহেবরা এই ইন্ডেন্টার্ড লেবার ব্যবস্থা শুরু করে শ্রমিক আর কর্মী দের ফিজি , আফ্রিকা তানজানিয়া নিয়ে যাওয়া শুরু করেছে ।আসলে এটা slavery বলা চলে কারণ শ্রমিক আর কর্মী রা সে বিদেশ থেকে ফেরার জাহাজ ভাড়ার পয়সাট কখনই দিতে পারত না। । কালীচরণ তো খুশি খুশি ফিজির জন্যে রওয়ানা দিয়েছে।

কালীচরণ বেশি লেখাপড়া করে নাই । তাই ফিজি গিয়ে তার অফিসের বড় বাবুকে দিয়ে একটা চিঠী লিখিয়েছে সে বাপ মা কে। সে ছিঠি তে বউয়ের জন্য " কল্যানী কেমন ,ভালো আছে তো" এত টুকু মাত্র লেখা ছিল , দিদার সে টা এখনো মনে আছে। তার পরে তো শুধু একটা চিঠি এসেছিল জলপাইগুড়িতে । কল্যাণীর শশুর একটা চিঠি পাড়ার একজন কেরানি কে দিয়ে লিখে পাঠিয়ে ছিলেন ফিজি ,কিন্তু "addressee not found" রিমার্ক এর সাথে সে চিঠি চার মাস পরে ফেরত এসেছিল।

কল্যানী খুব দুঃখ পেয়ে ছিল তখন। ওর মনে অনেক রকম সন্দেহ ছিল। এর মাঝে , কালী চরণ যাবার আট মাস পরে রাধার জন্ম। এ দিকে,সে সময় ,কল্যাণীর শশুর ,শাশুড়ি কলেরা য় মারা যান । তার পর কল্যাণীর বাবা বালিচকে একটা কারখানায় চাকরি পান । কল্যানী বাবা মায়ের সঙ্গে রাধা কে নিয়ে বালিচক চলে আসে। কিন্তু কল্যানী কালীচরণকে না তো ভুলতে পারছিল ,না তো ক্ষমা করে ছিল। সে ধরে নিয়ে ছিল যে কালিচরণ ফিজি তে কোনো অন্য মেয়েছেলের সঙ্গে সংসার করেছে। কল্যানী এ ছাড়া করত ই বা কি।

অনেক বছর পরে ক্রমশ সে রাগ কমে গিয়েছে । কল্যাণীর মা বাবা ও তখন প্রয়াত। ওর মেয়ে রাধা বালিচকের একটা শিক্ষক কে বিয়ে করেছে এবং কয়েক বছর পরে অনিলের জন্ম।

কল্যানী তখন মেয়ে জামাই এর বাড়িতে ই থাকত।অনিল যখন সাত বছর বয়স তখন রাধার স্বামী মারা

যায়। পরিবারে এখন রাধা, অনিল, আর কল্যানী, ওরফে দিদা। দিদা আর রাধা কষ্ট করেও অনিলকে কলেজে পড়িয়েছে , তাই সে অস্ট্রেলিয়া যেতে পেরেছে।
যাগ গে, সে পূরণো দিনের কথা অনেক হয়েছে।
এখন তো দিদা, রাধা আর অনিল অস্ট্রেলিয়া দশ দিন বেড়িয়ে এসে নিউজিল্যান্ড এসেছেন। আজ ওরা দুপুরে একটি ভারতীয় রেস্তোরাঁতে খেতে এসেছেন। সে রেস্তোরাঁয় ক্যাশ কাউন্টার এর ওপরে একটি গ্রুপ ফটো তে একজন কালো টুপি পরা এক বয়স্ক লোকের দিকে দিদা অনেকক্ষণ তাকিয়ে থাকেন।
ক্যাশ কাউন্টারে যে লোকটা বসে ছিল সে একটু আশ্চর্য হল। সে জিজ্ঞেস করলো "কি হলো,এই ছবিতে কারুকে চেনেন না কি?"
অনিল আর রাধা কিছু বোঝার আগেই দিদা উঠে দাঁড়ালেন আর বললেন "চিনব না? এই কালো টুপিওয়ালা লোকটা নিশ্চয় কালীচরণ। আমি ওকে চিনতে ভুল করতে পারি? এটা কবেকার ছবি ? এখন কালীচরণ কোথায় ?"

এত গুলি প্রশ্ন এক সাথ শুনে সে
হোটেলওয়ালা একটু ঘাবড়ে গেছে। অনিল ওর কাছে গিয়ে ওকে দিদার দুর্ভাগ্যের কথা বল্ল, দিদার রাগের কারণও জানালো।
ক্যাশিয়ার ওদের বলল "আপনি ঠিকই বলেছেন। উনি কে সি টেলার, কালীচরণ টেলার। উনি আমাদের কাছে এই হোটেল সাত বছর আগে বেচে দিয়ে ছিলেন। উনি এখন আর নেই, উনি পাঁচ বছর আগে মারা গেছেন। তবে আমায় একটা কথা স্পষ্ট করে দিতে দিন। এই কালী চরণ ফিজি আসার দশ মাস পরেই দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। সে সময় ডাকের চিঠি কলকাতা পৌঁছতে দুমাস লাগতো। ফিজি দ্বীপের ওপর জাপানি সৈন্য, নৌকাবাহিনী আর হাওয়াই জাহাজ আক্রমণ করেছিল। তখন দ্বীপ রক্ষা করার মতো সৈন্য ফিজিতে ছিল না। লোকে নিরাপত্তার জন্য জাহাজে করে নিউজিল্যান্ডে পালিয়ে গিয়েছিল। এখানে তাদের শরণার্থী শিবিরে রেখেছিল । প্রায় আড়াই বছর এই রকম শিবিরে ছিলেন কালীচরণ। যখন বিশ্বযুদ্ধ শেষ হলো তখন জানা গেলো ওদের কোম্পানির মালিক বিলেত চলে গেছে । কোম্পানীর আর কিছু নেই। শ্রমিকরা আর ফিজি ফেরত যেতে ইচ্ছুক ছিল না। সেখানে কে চাকরি দেবে? নিউজিল্যান্ডে তো তাও কিছু কল কারখানা ছিল। শ্রমিক দের জন্য তো ফিজি যা ,নিউজিল্যান্ড ও তাই। দুটি ই তো বিদেশ। শরণার্থী শিবির থেকে বেরিয়ে কালীচরণ ওর পরিবারের সঙ্গে যোগাযোগ করার অনেক চেষ্টা করেছিলন। কিন্তু মা বাবার কিম্বা ওর বউয়ের কোনো খোঁজ খবর উনি পাননি। শুনেছিলাম তিনি একবার জলপাইগুড়ি আর শিলিগুড়িও গিয়েছিলেন. কিন্তু মা বাবা তখন আর ছিলেন না ।
শশুরের পরিবারকে আর বউকে শিলিগুড়িরতে পাননি। বহুদিন পরে উনি এই হোটেল শুরু করেন আর বছর সাতেক আগে আমাকে বিক্রি করে দেন। উনি আজীবন একাই ছিলেন, এখানে আর বিয়ে করেননি। উনি পাঁচ বছর হলো মারা গেছেন ।
দিদা রাধা আর অনিল তো অবাক।
একটু বাদে দিদা বললেন
"এত দিন আমি ওকে অযথা ধিক্কার দিয়েছি। আমরা দু জনেই দুঃখ পেয়েছি কিন্তু সে তো আমার চেয়ে অনেক বেশি আঘাত পেয়েছে, অনেক কিছু সহ্য করেছে। আমি ওকে অকারণ দোষ দিয়ে গেছি, ঘৃণা করেছি।
ভগবান আমার এ কি রকম পরীক্ষা করেছেন!"



Durga Puja 2023



Durga Puja 2023




Bijoya Sonmelani 2023



Durga Puja 2024



Borsho Boron 2024



Borsho Boron 2024



Saraswati Puja 2024



Saraswati Puja 2024



Saraswati Puja 2024



Summer Picnic 2024



Summer Picnic 2024



Summer Picnic 2024

10 Years ANNIVERSARY

2024/১৪৩১



# উপহার

Presented by Bengali community of Toledo, Ohio